উৎসর্গ।

স্বদেশ হিতৈষী মহামান্যবর

শ্রীযুক্ত বাবু বিজয় সিংহ দুধড়িয়া

জমীদার মহাশয় করকমলেষু।

মহাশয়।

উক্ত মহাত্মার ন্যায় আপনি স্বদেশ ভক্ত স্বদেশী, বর্ত্তমান সময়ে স্বদেশী আন্দোলনে আপনি যে প্রকার উৎসাহ প্রদান করিয়া আসিতেছেন, তাহাতে উৎসাহিত হইয়া আমি আপনার কর কমলে এই গ্রন্থখানি উৎসর্গ করিলাম। আশা করি আপনি ইহার প্রতি কৃপাকটাক্ষ করিবেন। নিবেদন ইতি

বশম্বদ

প্রকাশক

ভূমিকা ।

জগৎ-পিতা জগদীশ্বরের কৃপায়, "ট্রেড্ সিক্রেট বা বিদেশী বাণিজ্য-রহস্য" পুস্তক খানি জন সমাজে প্রকাশিত হইল।

ইহাতে যে সকল বিষয় সন্নিবেশিত হইয়াছে, তাহা এই শুভ দিনে, বর্ত্তমান স্বদেশী আন্দোলনের দিনে প্রত্যেক বঙ্গবাসীরই বিশেষ আবশ্যকে আসিবে।

"ট্রেড্ সিক্রেট বা বিদেশী বাণিজ্য-রহস্য" পুস্তকখানির বিষয় গুলি অতি রঞ্জিত দ্বারা, বৃথা কতকগুলি কাগজ ছাপাইয়া নাটক নভেলের ন্যায় পুস্তকের আয়তন বৃহৎ করা হয় নাই। কেবল আবশ্যকীয় বিষয় গুলি সন্নিবেশিত করা হইয়াছে। উদ্দেশ্য সিদ্ধ হইলে, পরিশ্রম সফল জ্ঞান করিব। ইতি

বিনীত

প্রকাশক

সূচিপত্র।

ট্রেড্ সিক্রেট

বা

বিদেশী বাণিজ্য-রহস্য।

নানাবিধ কালী প্রস্তুত প্রণালী।

চামড়া বুরুস করিবার কালী।

বুরুস করিলে চামড়া নরম হয়, টানিলে বাড়ে, বর্ণ উজ্জ্বল হয় এবং অল্প ঘসিলে ভাল বুরুস হয়। সাধারণতঃ জুতা বুরুসের কালী যে প্রণালীতে প্রস্তুত হয়, ইহা তাহা হইতে সম্পূর্ণ বিভিন্ন। বোন-ব্ল্যাক ২০ ভাগ, হাইড্রোক্লোরিক এসিড্ ৬ ভাগ একত্রে মিশাইয়া ২৪ ঘণ্টা একস্থানে স্থিরভাবে রাখিবে। পরে তাহাতে ১০০ ভাগ খুব গরম জল মিশাইয়া থিতাইতে দিবে। থিতাইলে জলীয় অংশটা ফেলিয়া দিয়া নীচের থিতান অংশ টুকু লইয়া ৫ ভাগ বিশুদ্ধ ঘন সালফিউরিক্ এসিড্ মিশাইয়া পুনরায় ২৪ ঘণ্টা এক স্থানে স্থির ভাবে রাখিবে এবং তাহাতে পুনরায় ১০০ ভাগ গরম জল মিশাইয়া থিতাইয়া জলীয় অংশ বাহির করিয়া দিতে হইবে।

যে থিতান অংশ অবশিষ্ট থাকিবে, তাহাতে আর এসিডের ভাগ থাকেনা এবং উহাই উৎকৃষ্ট বুরুসের কালি প্রস্তুত হইল এবং উহা ব্যবহার করিলে গাঢ় ও উজ্জ্বল কৃষ্ণবর্ণ হয়।

ফ্রাঙ্কফোর্ট ব্ল্যাক কিম্বা সাধারণ ভুষা সহযোগে যে বুরুসের কালী প্রস্তুত হয়, তাহার প্রণালী উপরের বর্ণিত প্রণালী হইতে বিভিন্ন। আজ কাল বার্ণিশ ব্লুর চলন অত্যন্ত বৃদ্ধি হইয়াছে, কারণ তাহা ব্যবহারে বং ধাতুর রংয়ের ন্যায় উজ্জ্বল হয়, কিন্তু তাহা অধিক ব্যয়সাধ্য। যে কোন রকমের কালী ব্যবহার করা হউক না কেন, তাহাতে এমন উপাদান থাকা চাই, যাহাতে চামড়ার উপর রংটি স্থায়ী হয়। ২ ভাগ গুড় ও ১ ভাগ গ্লিসারিণ যোগ করিলে সেই উদ্দেশ্য সিদ্ধ হয়। গ্লিসারিণ অভাবে অলিভ অয়েল বা তিলের তৈল, চর্ব্বি বা মাছের তৈল, ব্যবহার করা যাইতে পারে, কারণ ঐ সব পদার্থ কখনও শুকাইয়া যায় না। ভাল কড্‌লিভার অয়েল দিলে সর্ব্বাপেক্ষা উত্তম হয়। ডিমের শ্বেত অংশ, আইসিন-গ্লাস বা ময়দা দিলে ভাল না হইয়া বরং খারাপ হয়। রেজিন অয়েলও দেওয়া উচিত নহে। আরও কয়েক প্রকার বুরুসের কালী প্রস্তুতের প্রকরণ নিম্নে লিখিত হইল।

ঘোড়ার সাজের বার্ণিসের কালী।

ইহা প্রস্তুত করিতে হইলে, চারি আউন্স সিরিস ভাল করিয়া চূর্ণ করিয়া এক পাঁইট ভিনিগারে ভিজাইয়া রাখিবে, এবং অন্য একটি পাত্রে দুই আউন্স গঁদ এক পাঁইট কাল কালীতে ভিজাইয়া রাখিবে। যখন দেখিবে যে সিরিস ভিজিয়া বেশ নরম হইয়াছে, তখন তাহাতে পুনরায় আর এক পাঁইট ভিনিগার মিশাইয়া অল্প আঁচের আগুনে জাল দিতে থাকিবে। সিরিস ও ভিনিগার উত্তমরূপে মিশিলে গঁদ

ভিজান জল তাহাতে দিয়া আবার অল্প আঁচে জাল দিতে থাক, কিন্তু সাবধান যেন জাল দিবার সময়ে উহা না ফুটিয়া উঠে। সমস্ত দ্রব্য গুলি বেশ করিয়া মিশ্রিত হইলে ২ ড্রাম আইসিংগ্লাস সামান্য জলে মিশাইয়া উহাতে ঢালিয়া দিয়া আগুণ হইতে নামাইয়া লও। ইহাতে উত্তম সাজের বার্ণিস প্রস্তুত হইল। এই বার্ণিস ব্যবহার কালে স্পঞ্জ দ্বারা পাতলা করিয়া সাজে লাগাইবে, কেন না তাহা হইলে ইহা শীঘ্র শুকাইয়া যাইবে এবং রংও বেশ উজ্জ্বল থাকিবে।

অন্যপ্রকার।

২ আউন্স ভেড়ার চর্ব্বি ও ৬ আউন্স খাঁটী মোম একত্রে উত্তমরূপে গলাইয়া লইবে এবং তাহাতে ৬ আউন্স মিছরি, আড়াই আউন্স ভূষা ও ২ আউন্স সফ্ট-সোপ, অর্দ্ধ আউন্স নীলের গুঁড়া বেশ করিয়া মিশাইয়া লইবে। উক্ত জিনিসগুলি ভালরূপে মিশান হইলে তাহাতে সিকি পাঁইট টার্পিণতৈল মিশাইলে উত্তম বার্ণিস প্রস্তুত হয়।

অন্যপ্রকার।

৪ আউন্স লগ্‌উড্‌ ২ পাঁইট ভিনিগারে ভিজাইয়া মৃদু জাল দিয়া রং বাহির করিয়া লও এবং কাষ্ঠগুলি ফেলিয়া দাও; পরে সেই জলীয় পদার্থে সিকি আউন্স আইসিনগ্লাস সিকি আউন্স সূক্ষ্ম নীলের গুঁড়া, সিকি আউন্স সফ্ট-সোপ, ৫ আউন্স সিরিস, অর্দ্ধ আউন্স হাড়ের কয়লা এবং ১ আউন্স খাঁটী মোম বেশ করিয়া মিশাইয়া জাল দিয়া ঘন করিয়া লইয়া কাচের বা পাথরের পাত্রে ঢালিয়া রাখ। যুদ্ধের ঘোড়ার সাজে প্রায়ই এই বার্ণিস ব্যবহার হয়।

ভাড়াটিয়া গাড়ীর ঘোড়ার সাজে যে বার্ণিস দেওয়া হয়, তাহার প্রস্তুত প্রণালী।

৪ আউন্স চর্ব্বি এবং ১২ আউন্স খাঁটী মোম একত্রে গলাইয়া মিশ্রিত কর এবং অন্য একটা পাত্রে ১২ আউন্স মিছরি, ৪ আউন্স সফ্ট-সোপ জলে গুলিয়া লও। উক্ত দুইটি পাত্রের দ্রব্য দুইটি, একটি পাত্রে মিশাইয়া তাহাতে ২ আউন্স সূক্ষ্ম নীলের গুঁড়া মিশাইয়া অর্দ্ধ পাঁইট টার্পিণে পাতলা করিয়া লও। স্পঞ্জ দিয়া সাজে লাগাইয়া বুরুস করিলে উজ্জ্বল বার্ণিস হয়। সপ্তাহে একবার লাগাইলে যথেষ্ট হয়।

জুতা বুরুসের কালী।

জুতা বুরুসের কালী অনেক প্রকার আছে, তন্মধ্যে ডে এণ্ড মার্টি-নের কালী যে প্রণালীতে প্রস্তুত হয়, তাহা নিম্নে লিখিত হইল।

মিহি হাড়ের কয়লার গুঁড়া স্পারম তৈলের সহিত খুব ভাল করিয়া মিশাইয়া লও, এবং চিনি বা গুড় একটু ভিনি-গারে মিশাইয়া উহাতে ঢালিয়া বেশ করিয়া নাড়িয়া মিশ্রিত কর। পরে উহাতে একটু ডাইলিউট সালফিউরিক এসিড্ মিশাইলে ঘন হয়। যখন গাঁজলা মরিয়া যাইবে অথচ গরম থাকিবে, সেই সময়ে উহাকে যে পরিমাণ পাতলা করিবার ইচ্ছা করিবে, সেই পরিমাণ ভিনিগার মিশ্রিত করিয়া শিশিতে পুরিলে হইল।

অন্যপ্রকার।

হাড়ের কয়লা ১ পাউণ্ড, স্পারম অয়েল ২ আউন্স, বিয়ার ও ভিনিগার এক এক পাঁইট অথবা কেবলমাত্র সাউয়ার বিয়ার এক

পাইট, এই গুলি ভাল করিয়া মিশাইয়া লইলে উত্তম বুকসের কালী হয়।

অন্যপ্রকার।

ঘোল এক কোয়ার্ট, আরবী গঁদ ১ আউন্স, ২ টা লেবুর রস, দুইটা ডিমের সাদা অংশ, ভিট্রিয়ল অয়েল ২ আউন্স। ভাল করিয়া মিশাইয়া লও।

নিউবিয়ান ব্ল্যাকিং।

রেক্টিফায়েড্ বা মেথিলেটেড্ স্পিরিট এক গ্যালন, মাদার লিকুইড্ * অর্দ্ধ গ্যালন মিশাইয়া তাহাতে ১১ আউন্স কর্পূর, ভেনিস টার্পিণ ১৬ আউন্স, গালা ৩১ আউন্স দাও। পরে সমস্ত জিনিসগুলি ৪০ আউন্স বেনজাইন, সওয়া তিন আউন্স রেড়ীর তৈল এবং পৌণে দুই আউন্স পাকা তিসির তৈল ইহাতে ব্লু রং ২১ ড্রাম এবং এক গ্যালন রেকটিফায়েড স্পিরিট মিশাইলে কালী প্রস্তুত হয়।

লিখিবার কালী।

ইহার প্রস্তুতপ্রণালী বহুপ্রকার আছে, তন্মধ্যে যেগুলি প্রসিদ্ধ, তাহার কতকগুলির প্রস্তুতের প্রকরণ লিখিত হইল।

---

* ব্লু-ব্লু এনিলিন ২০ ড্রাম; বিস্মার্ক ব্লু এনিলিন ৩১ ড্রাম ও রেক্টিফায়েড্ স্পিরিট ১ গ্যালন একত্রে মিশাইবে। ইহাকে মাদার লিকুইড বলে।

এনিলিন কালী। (সাধারণ উপায়) যে রংয়ের কালী প্রস্তুত হইবে, সেই রং ১৫ ভাগ একটি কাচের অথবা লোহার এনামেলের পাত্রে ১৫০ ভাগ এলকোহলে তিনঘণ্টাকাল ভিজাইয়া রাখ। পরে তাহাতে ১০০০ ভাগ ডিস্‌টিল্ড ওয়াটার দিয়া মৃদু জ্বালে —যে পর্য্যন্ত না এলকোহলের রং সম্পূর্ণরূপে নষ্ট হইয়া যায়, সেই পর্য্যন্ত জ্বাল দাও। এদিকে অন্য একটা পাত্রে ৬০ ভাগ আরবী গঁদের গুঁড়া ২৫০ ভাগ জলে গুলিয়া লও। যখন রং জ্বাল দেওয়া শেষ হইবে, তখন তাহাতে গঁদ ভিজান জল ঢালিয়া দিয়া নাবাইয়া লও।

ভায়োলেট কালী। একটা কাচের বা লোহার এনামেল পাত্রে অর্দ্ধ আউন্স এনিলিন ভায়োলেট ১ আউন্স এলকোহলে তিন ঘণ্টা পর্য্যন্ত ভিজাইয়া রাখ। অন্য একটা পাত্রে ৬ ড্রাম আরবী গঁদ চূর্ণ অর্দ্ধ পাইট ডিস্‌টিল্ড ওয়াটারে ভিজাইয়া বেশ করিয়া গুলিয়া রাখ। রং ভিজান হইলে তাহাতে এক কোয়ার্ট ডিসটিল্ড ওয়াটার মিশাইয়া মৃদু আঁচে জ্বাল দিতে থাক। যখন দেখিবে যে স্পিরি-টের গন্ধ আর নাই, তখন গঁদ ভিজান জল তাহাতে ঢালিয়া দিয়া নাবাইয়া রাখ। অধিক ঘন হইলে আবশ্যকমত ডিস্‌টিল্ড ওয়াটার মিশাইয়া পাতলা করিয়া লইবে।

ব্লু কালী। একটা কাচ বা লোহার এনামেল পাত্রে ১৫ গ্রেণ এনিলিন ব্লু ১ আউন্স এলকোহলে ভিজাইয়া রাখ এবং অন্য একটা পাত্রে ৩ ড্রাম গঁদের গুঁড়া ৪ আউন্স ডিস্‌টিল্ড ওয়াটারে গুলিয়া রাখ। রং ভিজিলে তাহাতে ৬ আউন্স ডিস্‌টিল্ড ওয়াটার মিশাইয়া যে পর্য্যন্ত না স্পিরিটের গন্ধ নষ্ট হয় সেই পর্য্যন্ত

মৃদু আঁচে জ্বাল দিয়া তাহাতে গঁদভিজান জল ঢালিয়া দিয়া নাবাইয়া লও। ঠাণ্ডা হইলে ছাঁকিয়া ফেলিবে। ঘন হইলে আবশ্যক মত ডিস্‌টিল্ড ওয়াটার দিয়া পাতলা করিবে।

লাল কালী। এক আউন্স ম্যাজেণ্টা এক গ্যালন খুব গরম ডিস্‌টিল্ড ওয়াটারে গুলিয়া লও।

ভায়োলেট, (অন্যপ্রকার)। অর্দ্ধ আউন্স রং এক গ্যালন খুব গরম ডিস্‌টিল্ড ওয়াটারে গুলিয়া লও।

ব্লু, (অন্যপ্রকার)। এক আউন্স রং ১০ পাইট খুব গরম ডিস্‌টিল্ড ওয়াটারে গুলিয়া লও।

গ্রীণ। এক আউন্স রং ও ৫ পাইট খুব গরম ডিস্‌টিল্ড ওয়াটার। উহাতে একটু ভিনিগার দিলে রংটি বেশ গাঢ় হয়।

কালী ঠাণ্ডা হইলে উহা ছাঁকিয়া লওয়া উচিত।

এইপ্রকার কালীগুলি বেশ পরিষ্কার, ইহাতে ডেলা বাঁধেনা এবং শীঘ্র শুকাইয়া যায়।

কালকালী। ঘন বোরাক্স সলিউসন ১ অংশ ও ৪ অংশ খাঁটী গালা জ্বাল দিয়া বেশ করিয়া গলাইয়া তাহাতে এনিলিন ব্ল্যাক মিশ্রিত কর।

অন্যপ্রকার। লগউড টুকরা ও মাজুফল গুঁড়া প্রত্যেক ২ পাউণ্ড, সবুজ ভিট্রিয়ল ১ পাউণ্ড, গঁদ অর্দ্ধ পাউণ্ড, ডালিমের ছাল সিকি পাউণ্ড এবং জল এক গ্যালন।*

* হয় জ্বাল দেও, না হয় চৌদ্দদিন পর্য্যন্ত জলে ভিজাইয়া রাখ।

অন্যপ্রকার। মাজুফল চূর্ণ ১০ ভাগ, জল ১২৫ ভাগ, হীরাকস ৫ ভাগ, আরবী গঁদ সওয়া ছয় ভাগ।

অন্যপ্রকার। মাজুফল চূর্ণ ২ পাউণ্ড, হীরাকস দেড় পাউণ্ড, ৭ আউন্স আরবী গঁদ, ২ কোয়ার্ট ভিনিগার ও সাড়ে তিন গ্যালন জল। দশদিন পর্য্যন্ত ভিজাইয়া রাখ। মধ্যে মধ্যে নাড়িয়া দিবে।

অন্যপ্রকার। বাব্‌লা ছাল ৭৫ ভাগ, লগউড্ চূর্ণ সাড়ে বার ভাগ, ও জল ৭৫০ ভাগ। জ্বাল দিয়া অর্দ্ধেক থাকিতে নাবাইয়া সওয়া ছয়ভাগ চিনি, সওয়া ছয় ভাগ আরবী গঁদ, খুব সূক্ষ্ম চূর্ণ হীরাকস পৌণে উনিশ ভাগ মিশাইয়া মোটা কাপড়ে ছাঁকিয়া লইবে। অল্প পরিমাণে ক্লোরাইড্ অব মার্কারি সলিউসন মিশাইলে কালী জমিয়া যায় না।

অন্যপ্রকার। মাজুফল (মিহিগুড়া) ৯ ভাগ, সাড়ে তিন ভাগ আরবী গঁদ, সাড়ে তিন ভাগ হীরাকস এবং ৭৫ ভাগ জল।

চাইনিজ ব্লু।

এক কোয়ার্ট খুব গরম জলে দুই আউন্স চাইনিজ ব্লু রং বেশ করিয়া গুলিয়া লইয়া তাহাতে এক আউন্স অক্‌জালিক এসিড্ মিশাইয়া দাও।

প্যারিসিয়ান ব্লু।

৯ ড্রাম প্যারিসিয়ান ব্লু রং আবশ্যক মত এলকোহলে গুলিয়া লও।

প্রসিয়ান ব্লু।

খাঁটী প্রসিয়ান ব্লু রং ৯ ভাগ ও দেড় ভাগ অক্জালিক এসিড্ অল্প জলে বেশ করিয়া পিসিয়া লও এবং তাহার পর আবশ্যকমত জল দিয়া পাতলা কর।

অন্যপ্রকার।

৩ ভাগ প্রসিয়ান ব্লু রং ও এক ভাগ অক্জালিক এসিড ৩০ ভাগ জলে বেশ করিয়া গুলিয়া তাহাতে এক ভাগ আরবী গঁদ মিশ্রিত কর।

কাগজে রুল করিবার কালী।

কাল।

উত্তম কাল কালীতে টাট্কা মাজুফল ভিজাইয়া দেও। যে পাত্রে ভিজাইবে, তাহাতে ঢাকা দিবে না, কেননা তাহা হইলে রং ভাল কাল হইবে না।

অন্যপ্রকার।

থেঁতো করা মাজুফল ৭৫ ভাগ, হীরাকস সাড়ে বিয়াল্লিশ ভাগ, ২০০০ ভাগ ঠাণ্ডা জলে ৪৮ ঘণ্টা পর্য্যন্ত ভিজাইয়া কাপড়ে বেশ করিয়া ছাঁকিয়া লও ও তাহাতে ২৪ ভাগ আরবী গঁদ মিশ্রিত কর।

ব্লু।

খুব মিহি নীলের গুঁড়া দেড় আউন্স খুব ভাল ভিট্রিয়লে মিশাইয়া যতদিন পর্য্যন্ত না উত্তমরূপে গলিয়া যায়, ততদিন পর্য্যন্ত বাতাসে

রাখিবে। যে পাত্রে ভিজাইয়া রাখিবে, তাহাতে একটী খড়িল ঢেলা দিবে। রং উত্তমরূপ গলিয়া গেলে কিছু টাট্‌কা মাজুফল মিশাইয়া সিদ্ধ করিয়া লইবে।

ষ্টিফেনের ব্লু ব্ল্যাক কালী।

খাঁটী প্রসিয়ান ব্লু রং ৬ ভাগ ও অক্জালিক এসিড একভাগ অল্প একটু জলে খুব ভাল করিয়া পিসিয়া লইয়া আবশ্যক মত জল মিশাইয়া পাতলা করিয়া লইবে।

কাষ্ঠের বাক্সে বা বস্তায় মার্কা করিবার কালী।

কাল।

গালা	২ আউন্স
সোহাগা	২ আউন্স
জল	২৫ আউন্স
আরবী গঁদ	২ আউন্স
ভুষা	আবশ্যকমত

গালা ও সোহাগাকে অল্প জলে উত্তম সিদ্ধ করিয়া মিশ্রিত কর এবং ঠাণ্ডা হইলে তাহাতে অবশিষ্ট জল, গঁদ ও ভুষা মিশাইয়া দেও।

লাল।

ভুষার বদলে ভিনিসিয়ান রেড্ মিশ্রিত কর। এই কালী জলে ধুইয়া যায় না।

কপিং কালী।

সাধারণ ভায়োলেট কালী ৮ ভাগ ও গ্লিসারিণ ৫ ভাগ একত্রে মিশ্রিত কর। লিখিবার ১৫ মিনিট পরে উহাতে কপি উঠিবে।

অন্যপ্রকার।

অর্দ্ধ পাউণ্ড একষ্ট্রাক্ট লগউড, ২ আউন্স ফট্‌কিরি, ৪ ড্রাম শুঁঠে, ৪ ড্রাম হীরাকস ও ১ আউন্স চিনি ৪ ভাগ জলে সিদ্ধ করিয়া ফ্লানেলে বেশ করিয়া ছাঁকিয়া লও। পরে তাহাতে ৪ আউন্স নিউট্রাল ক্রোমেট অফ পটাস্ ৪ আউন্স জলে গুলিয়া সেই জল ও ২ আউন্স কেমিক ব্লু, ৩ আউন্স গ্লিসারিণে মিশ্রিত করিয়া তাহা উহাতে ভাল করিয়া মিশ্রিত কর।

সালফিউরিক এসিডে নীল গলাইলে তাহাকে কেমিক ব্লু বলে।

অন্যপ্রকার।

যত পরিমাণ লগউড্ একষ্ট্রাক্ট লইবে তাহার শতকরা একভাগ করিয়া ফট্‌কিরি, চিনি ও গ্লিসারিণ তাহাতে মিশ্রিত কর।

অন্যপ্রকার।

নাইগ্রোসিন ভুগা (শুষ্ক)	১০ আউন্স
গ্লুকোস	১২ ড্রাম
গরম জল	পৌণে এক পাইন্ট
গ্লিসারিণ	১০ ড্রাম

গরমজলে নাইগ্রোসিন বেশ করিয়া গুলিয়া লইয়া তাহাতে অন্য জিনিসগুলি মিশাইয়া রেশমী কাপড়ে ছাঁকিয়া লও।

ব্লু ।

ব্লু রং	৬ আউন্স
গ্লুকোস	১ ঐ
গ্লিসারিণ	২ ড্রাম
গরম জল	২ পাইণ্ট

পূর্ব্বের লিখিত প্রণালীতে প্রস্তুত কর।

ইহা সর্ব্বদা মনে রাখিবে যে, যখন গ্লুকোস গুলিবে, তখন যেন জলটি বেশ গরম থাকে এবং গরম গরম ছাঁকিয়া লইবে। নাইগ্রোসিন ও ব্লু রং যত উৎকৃষ্ট পাইবে, তাহাই ব্যবহার করিবে।

অন্য যে কোন রংয়ের কালী তৈয়ার করিতে ইচ্ছা কর, তাহা হইলে সেই রং প্রথমে একটু এল্‌কোহলে গুলিয়া তাহাতে আবশ্যক মত জল দিয়া পাতলা করিয়া শতকরা ১০ ভাগ গ্লিসারিণ মিশাইয়া দিবে।

এনগ্রেভিং কালী।

কাল।

আলকাতরা	১০০ ভাগ
ভূষা	৩৬ ঐ
প্রেসিয়ান ব্লু	১০ ঐ
গ্লিসারিণ	১০ ঐ

এই কালী লিথোগ্রাফি, ক্রমোলিথোগ্রাফি ও অটোগ্রাফি প্রভৃতিতে ব্যবহার হয়।

তাঁমার প্লেট ছাপাইতে হইলে ভূষার বদলে প্যারিস ব্ল্যাক ব্যবহার করিবে।

ব্লু।

ভূষা ও প্রসিয়ান ব্লুর পরিবর্ত্তে ২ আউন্স আসমানি ব্লু ও ৩ আউন্স মেরিণ ব্লু দাও।

ব্রাউন।

২ আউন্স বৈথরি এম্বার রং ও ২ আউন্স গোলাপী পিঙ্ক রং।

গ্রীণ।

২ আউন্স মিনারাল গ্রীণ ও ৩ আউন্স ক্রোম গ্রীণ।

লিস্ম্যাক।

২ আউন্স প্রসিয়ান ব্লু ও ২ আউন্স চাইনিজ রেড্।

পিঙ্ক।

২ আউন্স মিনারাল পিঙ্ক ও এক আউন্স সাটিন হোয়াইট।

লাল।

৫ আউন্স মিনারাল অরেঞ্জ রেড্ ও ২ আউন্স চাইনিজ রেড্।

কাচের উপর লিখিবার কালী।

ব্যারিয়াম সালফেট্	৩ ভাগ
এমোনিয়াম ফ্লুওরাইড্	১ ভাগ
সালফিউরিক এসিড	—

এমোনিয়াম ফ্লুওরাইড্‌কে গলাইতে যতটুকু সালফিউরিক এসিড্ দরকার, ততটুকু দিবে। কাঠী সীসার পাত্রে প্রস্তুত করিবে এবং প্রস্তুত হইলে সীসা বা গাটাপার্চা পাত্রে রাখিবে।

সোণালী কালী।

সোণালী তবক ও মধু সমান অংশে মিশাইয়া খলেতে বেশ করিয়া মাড়িয়া লও ও তাহা ৩০ ভাগ জলে বেশ করিয়া গুলিয়া লও ও তাহার পর থিতাইতে দাও। তবকের গুঁড়াগুলি বেশ থিতাইলে ঐ জল ফেলিয়া দিয়া পুনরায় জল দিয়া ধোও। যতক্ষণ পর্য্যন্ত না মধু ধুইয়া যায় ততক্ষণ পর্য্যন্ত তবকগুড়াগুলিকে ধুইতে হইবে। মধু সমস্ত ধুইয়া গেলে সেগুলিকে বেশ করিয়া শুকাইয়া খুব পাতলা গঁদের জলে মিশাইয়া লইলে কালী প্রস্তুত হইল।

অন্যপ্রকার।

গঁদের জলে সোণালী তবক বেশ করিয়া মাড়িয়া লইয়া তাহাতে অল্প পরিমাণে বাইক্লোরাইড্ অফ্ মার্কারি মিশাইয়া দাও।

পার্চমেন্টে লিখিতে হইলে ইহার আবশ্যক হয়।

লিথোগ্রাফ কালী।

চর্ব্বি	৪ আউন্স
মোম	৪ ঐ
গালা	৪ ঐ

সাবান	৪ ঐ
প্যারিসব্ল্যাক	আবশ্যক মত.

একটি কড়াইয়ে প্রথমে চর্ব্বি ও মোম গলাইয়া তাহাতে এক এক টুকরা করিয়া সাবান দিতে থাকিবে। প্রথমে যে সাবানের টুকরা দিবে সেটা না গলিয়া গেলে অন্য টুকরা দিবে না। এইরূপে সাবান গলান হইলে তাহাতে গালা দিবে। যখন দেখিবে যে কড়াই হইতে ঘন ধোঁয়া উঠিতেছে, এমন কি দেশালাই জ্বালিয়া তাহাতে ধরিলে জ্বলিয়া উঠে, তখন কড়াই নাবাইয়া লইয়া একটা কাঠি দিয়া বেশ করিয়া নাড়িবে। যখন দেখিবে যে বেশ ঘন হইয়াছে, তখন তাহাতে রং মিশাইবে। যদি কালী ভালরূপ পোড়ান না হইয়া থাকে, তবে পুনরায় পোড়াইবে, এবং অধিক পুড়িয়া থাকিলে আবার সাবান ও মোম দিয়া পুনরায় পোড়াইবে। লিখিবার সময় আবশ্যকমত জল মিশাইয়া লইবে।

গুঁড়াকালী।

একষ্ট্রাক্ট অব্ লগউড্ ১৫০ ভাগ, বাইক্রোমেট অফ পটাস দেড় ভাগ উত্তম করিয়া গুঁড়া করিয়া তাহাতে শতকরা ৮ ভাগ নীলের গুঁড়া মিশ্রিত কর।

অন্যপ্রকার।

মাজুফল	১ পাউণ্ড
কপাররাস	৭ আঃ
আরবী গঁদ	৭ আঃ

ভাল করিয়া গুঁড়া করিয়া একত্র মিশ্রিত কর।
ইহাতে এক গ্যালন ভাল কালকালী প্রস্তুত হয়।

ধাতুর উপর লিখিবার কালী।

একভাগ ভার্ডিগ্রীস অর্থাৎ তাঁমার পাত্রে তৈল রাখিলে যে কলঙ্ক পড়ে সেই কলঙ্ক ১ ভাগ, সাল এমোনি দেড় ভাগ, সুট অর্থাৎ চিমনিতে যে কালীপড়ে তাহার সূক্ষ্ম অর্দ্ধ ভাগ ও দশ ভাগ জল ভাল করিয়া মিশাইয়া লইলে পেন কলমে লেখা যায়।

অন্যপ্রকার।

এক গ্রেণ সালফেট্ অফ্ কপার ২০ গ্রেণ জলে বেশ করিয়া গুলিয়া তাহাতে দুই ফোঁটা হাইড্রোক্লোরিক এসিড্ ও ঘন করিবার জন্য যতটা আবশ্যক হয়, সেই পরিমাণ আরবী গঁদ ও সামান্য একটু পাইরোগ্যালিক্ এসিড মিশ্রিত কর।

অন্যপ্রকার।

২ আঃ গালা এক পাঁইট এলকোহলে গলাইয়া খড়িদ্বারা শোধন কর এবং তাহাতে ভাল ভুষা মিশাইয়া দাও। লিখিবার সময় জল দিয়া পাতলা করিয়া লইবে।

অন্যপ্রকার।

অর্দ্ধ পাউণ্ড নাইট্রিক এসিড ও এক পাউণ্ড মিউরিয়েটিক এসিড বেশ করিয়া নাড়িয়া মিশ্রিত করিয়া একটা কাঁচের পাত্রে

রাখ। যে স্থানে লিখিবার ইচ্ছা করিয়াছ, সেখানে মোম গলাইয়া ঢালিয়া দাও এবং ঠাণ্ডা হইলে কোন এক তীক্ষ্ণ অস্ত্র দ্বারা যাহা লিখিতে হইবে তাহা সেই মোমের উপর লেখ। লেখা গুলি যেন ধাতুতে স্পর্শ করে। পরে সেই অক্ষর গুলির উপর ঐ এসিড্ পালক দিয়া পূর্ণ করিয়া ৪।৫ ঘণ্টা রাখিয়া দেও। পরে ঐ মোম তুলিয়া ফেল। তুলিলে দেখিতে পাইবে যে অক্ষর গুলি পরিষ্কাররূপে উঠিয়াছে।

অন্যপ্রকার।

ক্লোরাইড্ অফ্ প্লাটিনাম সিকি আঃ ও জল ১ পাঁইট মিশাইয়া বোতলে রাখ। লিখিবার সময় পেন কলমে লিখিবে।

অন্যপ্রকার।

ভার্ডিগ্রিস্, সালএমোনি ও ভুষা, প্রত্যেক অর্দ্ধ আঃ ও সাধারণ ভিনিগার সিকি পাঁইট। খুব ভাল করিয়া মিশাইয়া লও।

ইহা দ্বারা জিঙ্ক, লোহা বা ইস্পাতের উপরও লেখা যায়, কিন্তু ব্যয় কিছু অধিক হয়।

ছাপিবার (প্রিণ্টিং) কালী।

সর্ব্বপ্রথমে আলকাতরা ও এলকোহল একত্রে মিশাইয়া একটি ঢাকনীযুক্ত পাত্রে বেশ করিয়া জ্বাল দেও। দেখিও যেন পাত্রের ধোঁয়া বাহির হইয়া না যায়।

ময়দা পোড়ার ভুষা মিশাইয়া জ্বাল দিয়া লইলে কালী হয়।

নীল মিশাইলে গাঢ় নীলবর্ণের কালী হয়

যদি প্রসিয়ান ব্লু দিতে ইচ্ছাকর, তবে তাহা বেশ করিয়া পিসিয়া লইবে এবং জাল দিবার সময় একটু সাবান মিশাইয়া দিবে।

এণ্টওয়ার্প ব্লু অল্প পরিশ্রমে ভালরূপ পেসা যায়। ইহার রং বেশ উজ্জল হয়।

গ্রীণ।

(১) প্রসিয়ান ব্লু ও ক্রোমেট্ অব লেড্।

(২) নীল ও ক্রোমেট্ অব লেড্।

ইহার রং একটু ফিকা।

(৩) এণ্টওয়ার্প ব্লু ও ক্রোমেড্ অব লেড। রং খুব উজ্জল হয়।

পার্পল। কারমাইন বা পার্পললেকে প্রসিয়ান ব্লু মিশাইবে।

লাল। সিন্দুর মিশাইলে রং খুব গাঢ় হয়। যে রকম গাঢ় রং আবশ্যক হইবে, সেইমত সিন্দুর দিবে।

(২) রেডলেড্ মিশাইলে রং শেষে কাল হয়।

(৩) ভিনিসিয়ান লেড্ ব্যবহার করিতে হইলে তৈলে আরও একটু বেশী সাবান মিশাইবে।

(৪) ২ আঃ মিনারাল অরেঞ্জরেড্ ও ১ আঃ চাইনিজ রেড প্রিণ্টার্স বার্নিসে বেশ করিয়া পিসিয়া লইবে।

হরিদ্রা। ক্রোমেড্ অব লেড মিশাইলে রং অত্যন্ত গাঢ় হয়, কিন্তু তৈলে একটু বেশী সাবান আবশ্যক।

(২) ইয়োলোওকার মিশাইলে রং একটু ফিকা হয়।

কপারপ্লেট প্রিণ্টিং।

লোহার ঢাকনীযুক্ত পাত্রে তিসির তৈল বেশ করিয়া জাল দিবে। যখন দেখিবে যে খুব ধোঁয়া হইয়াছে, তখন একটি কাগজ জ্বালাইয়া তাহার উপর ধরিলে সেই তৈল জ্বলিয়া উঠিবে। এইরূপে দশ মিনিট জ্বালাইয়া ঢাকনী চাপা দিয়া আগুণ নিবাইয়া দিয়া সেই তৈল ঠাণ্ডা হইতে দিবে।

ঘরের ভিতর এরূপভাবে তৈল সিদ্ধ করা উচিত নহে।

কাল। ফ্রাঙ্কফোর্ট ব্ল্যাক বা ভূষা মিশাইবে।

লাল। মিনারাল অরেঞ্জরেড্ ৫ আঃ ও চাইনিজ রেড দুই আঃ।

ব্লু। আসমানী ব্লু ২ আঃ ও মেরিণ ব্লু ৩ আঃ।

গ্রীণ। মিনারাল গ্রীণ ২ আঃ ও ক্রোম গ্রীণ ৩ আঃ।

ব্রাউন। পোড়ান এম্বার ২ আঃ ও গোলাপী পিঙ্ক ১ আঃ।

লিল্যাক। প্রসিয়ান ব্লু ১ আঃ ও চাইনিজ রেড্ ২ আঃ।

পিঙ্ক। মিনারাল পিঙ্ক ২ আঃ ও সাটিন হোয়াইট ১ আঃ।

অরেঞ্জ। অরেঞ্জ রেড্ ২ আঃ, ফ্লেক হোয়াইট ১ আঃ। ক্যানাডা বালসামে বেশ করিয়া মিশাইয়া লইবে।

হরিদ্রা। কিংস্ ইয়োলো।

পুস। ফ্রাঙ্কফোর্ট ব্ল্যাক ও সিন্দূর

সোণালী। সোণালী ব্রোঞ্জ ও ডার্ক ওক্ বা মেহগ্নী বার্ণিসে পিসিয়া লইবে।

রূপালি, তাম্রবর্ণ বা রুবি।

বিভিন্ন রংয়ের ব্রোঞ্জ ডার্ক ওক্ বা মেহগ্নী বার্ণিসে পিসিয়া লইবে।

সো কার্ডের কালী।

খাটী এসফাল্টাম	১৬ আঃ
ভেনিস টার্পিণ	১৮ ঐ
ভূষা	৪ ঐ
স্পিরিট টার্পিণ	২ কোয়ার্ট

রবার ষ্ট্যাম্পের কালী।

(১) ব্লু রং (যাহা জলে গুলা যায়)	৩ ভাগ
ডিষ্টিল্ড্ ওয়াটার	১০ ভাগ
এলকোহল	১০ ভাগ
গ্লিসারিণ	৭০ ভাগ

খলে জল দিয়া ও মধ্যে মধ্যে তাহাতে গ্লিসারিণ দিয়া ব্লু রংটী বেশ করিয়া পিসিয়া লইয়া তাহার পর অপরাপর দ্রব্যগুলি মিশাইবে।

ঐ লাল।

সিকি আঃ কারমাইন, ২ আঃ ষ্ট্রং এমোনিয়া ওয়াটারে গলাইয়া ১ ড্রাম গ্লিসারিণ ও ৬ ড্রাম ডেক্সটারিণ মিশাইবে।

পাথর বা মার্ব্বেলের উপর লিখিবার কালী।

ট্রিনিদাদ্ এস্ফাল্টাম্ ও টার্পিণ তৈল সমান ভাগে মিশাইয়া তরলাবস্থায় অক্ষরের ভিতর দিবে।

অদৃশ্যকালী।

১। ঘন কষ্টিক পটাস সলিউসন দিয়া লিখিলে আগুণের উত্তাপে লেখা দেখা যায়।

২। হাইড্রোক্লোরাইড্ অব এমোনিয়া ১৫ ভাগ ও জল ১০০ ভাগ।

৩। খুব পাতলা নাইট্রেট্ অব কপার সলিউসন। আগুণের উত্তাপে অক্ষর লাল হয়।

৪। অত্যন্ত পাতলা পারক্লোরোইড অব কপার সলিউসন। আগুণের তাপে হল্দে অক্ষর হয়।

৫। ব্রোমাইড অব কপার এলকোহলে গুলিয়া খুব পাতলা করিবে। সামান্য উত্তাপে অক্ষর দেখা যায় এবং ঠাণ্ডা হইলে অক্ষর পুনরায় অদৃশ্য হয়।

৬। গোলাপী রংয়ের কাগজে ক্লোরাইড অব কোবাল্ট সলিউসন দ্বারা লিখিবে। উত্তাপ দিলে ব্লু অক্ষর দেখা যায় এবং ঠাণ্ডা হইলে অক্ষর পুনরায় অদৃশ্য হয়।

৭। সালফিউরিক এসিড দ্বারা অদৃশ্য লেখা হয়। কিন্তু ইহাতে কাগজ নষ্ট হইবার সম্ভাবনা।

৮। লেবু, পেয়াজ বা বাঁধাকপির রসে অদৃশ্য লেখা হয়।

৯। অর্দ্ধ আঃ ডিষ্টিল্ডওয়াটার এক ড্রাম পটাস্ ব্রোমাইড এবং এক ড্রাম খাঁটী সালফেট অব কপার। দেখিতে প্রায় জলের মত, আগুণের উত্তাপে ব্রাউন অক্ষর দেখা যায়।

১০। দুগ্ধ দ্বারা অদৃশ্য কালী হয়। কিন্তু মাখন তোলা দুগ্ধ আরও ভাল হয়।

পারফিউমারী

বা

সুগন্ধি দ্রব্য।

সুগন্ধি দ্রব্য দুইপ্রকার। একপ্রকারকে এক্সট্রাক্ট বা এসেন্স ও অন্যপ্রকারকে বোকে বলে। অধিকাংশ সুগন্ধি দ্রব্যের নাম ফরাসী ভাষায় লিখিত, এজন্য ইহাদিগকে শ্রেণীবদ্ধ করিবার সময় প্রায়ই ভুল হইয়া থাকে। সুগন্ধিদ্রব্য প্রস্তুত প্রণালীতে কোনরূপ শ্রেণীবদ্ধ নাই, কেবল ফুলের নামানুসারে সাজান আছে। যাহা হইতে সুগন্ধিদ্রব্য প্রস্তুত হয়, তাহার অধিকাংশ উদ্ভিজ্জ পদার্থ। যে সমস্ত ফুল হইতে সুগন্ধি প্রস্তুত হয়, তাহার সংখ্যা বড় বেশী নহে, তবে তাহাদিগের সার বিবেচনা পূর্ব্বক মিশ্রিত করিলে প্রায় সকলপ্রকার গন্ধ পাওয়া যায়।

গাছের ভিন্ন ভিন্ন অংশে গন্ধ আছে। কাহারও বা শিকড়ে কাহারও বা কাষ্ঠে, কাহারও বা ছালে, কাহারও বা ফলে, কাহারও পাতায় এবং প্রায় সকলের ফুলে গন্ধ থাকে।

কোন কোন গাছের ভিন্ন ভিন্ন অংশে ভিন্ন ভিন্ন গন্ধ পাওয়া যায়। কমলালেবুর গাছে তিনপ্রকার গন্ধদ্রব্য প্রস্তুত হয়। ইহার পাতা হইতে পেটিট গ্রেণ, ফুল হইতে নিরোলি ও ফলের খোসা হইতে পর্টগাল নামক গন্ধতৈল প্রস্তুত হয়; এই জন্য কমলালেবুর গাছ সুগন্ধি দ্রব্য প্রস্তুত পক্ষে বিশেষ আবশ্যকীয় উপাদান।

চারিপ্রকার উপায়ে গাছ হইতে গন্ধদ্রব্য বাহির করা হইয়া থাকে। (১) নিংড়াইয়া বাহির করা; (২) ডিসটিল অর্থাৎ বকযন্ত্রে সিদ্ধ করিয়া বাহির করা; (৩) ভিজাইয়া বাহির করা; (৪) অন্য কোন পদার্থ দ্বারা বাহির করিয়া আনা।

নিংড়াইয়া বাহির করিবার প্রণালী।

যে গাছের রাজিনিসের সুগন্ধি তৈলের অংশ বেশী, তাহা হইতে উক্ত তৈলাংশ নিংড়াইয়া বাহির করিবে। যেমন কমলা বা অন্যান্য লেবুর খোসা; ইহাতে তৈলাংশ অধিক। ইহা হইতে ঐ তৈলাংশ বাহির করিতে হইলে একটি কাপড়ের থলির ভিতর লেবুর খোসা পুরিয়া পাক দিয়া নিংড়াইয়া লও, অথবা কোন যন্ত্র সাহায্যে নিংড়াইয়া বাহির কর।

সিদ্ধ করিয়া বাহির করিবার প্রণালী।

গাছের যে অংশে গন্ধ আছে সেই অংশ জলপূর্ণ বকযন্ত্র মধ্যে পুরিয়া সিদ্ধ করিয়া গন্ধ তৈলাংশ বাহির করিয়া লও।

জলের পরিবর্ত্তে এলকোহলের সহিত গাছের গন্ধাংশ সিদ্ধ করিয়া তৈলাংশ বাহির করিয়া লইতে পারা যায়। কিন্তু এ প্রণালী এখন ছাড়িয়া দেওয়া হইয়াছে; কারণ এলকোহল

হইতে তৈলাংশ (আতর) অন্তর করা অত্যন্ত শ্রমসাধ্য এবং কঠিন; বিশেষতঃ তাহাতে অনেক তৈলাংশ নষ্ট হয়।

এখনকার জলদ্বারা তৈলাংশ বাহির করিয়া তাহা স্পিরিটে গলাইয়া রাখিবার প্রণালী সহজ ও অল্প ব্যয়সাধ্য বলিয়া ইহার প্রচলন বৃদ্ধি হইয়াছে।

ভিজাইয়া বাহির করিবার প্রণালী।

গরুর বা হরিণের বিশুদ্ধ চর্ব্বি এবং সাধারণ বিশুদ্ধ চর্ব্বির সহিত একত্রে মিশাইয়া পরিস্কার ধাতু বা পোরসিলেন পাত্রে ষ্টিম (গরম জলের ধোঁয়া) বা গরম জলে ডুবাইয়া গলাইয়া লইবে, এবং যে ফুলের গন্ধ বাহির করিবার ইচ্ছা করিয়াছ সেই ফুল বাছিয়া ঐ গলান চর্ব্বিতে ভিজাইয়া দিবে। ২৪ হইতে ৪৮ ঘণ্টা পর্য্যন্ত মিশাইয়া ফুলগুলি ফেলিয়া দিয়া পুনরায় ফুল মিশাইবে। যে পর্য্যন্ত না চর্ব্বিতে আবশ্যক মত গন্ধ হইবে, সেই পর্য্যন্ত এই রূপে ফুল বদলাইতে থাকিবে। এই চর্ব্বিকে ইংরাজীতে পোমেড বলে পোমেডের একটি গুণ আছে যে ইহা সহজেই ফুলের গন্ধাংশ টানিয়া লয়। যতবার পোমেডে ফুল ভিজান হইয়াছে, তাহার তত নম্বর বলিয়া বাজারে বিক্রয় হইয়া থাকে; অর্থাৎ ৬ বার ফুল মিশান হইলে ৬ নং ১২ বার হইলে, ১২ নং, ১৮ বার হইলে ১৮ নং, ২৪ বার হইয়া থাকিলে ২৪ নম্বরের পোমেড বলে।

সুগন্ধি তৈলও ঐ প্রণালীতে প্রস্তুত হয়; কিন্তু তাহা পোমেডে না করিয়া উৎকৃষ্ট অলিভ অয়েল করিলে ভাল হয়।

এই রূপে তৈলকে অমুক ফুলের হিট আইল ...

এই প্রণালীতে প্রস্তুত পোমেড ইংলণ্ডে অত্যন্ত আদরের সহিত ব্যবহার হয়। কিন্তু ইংলণ্ড অপেক্ষা ফরাসী দেশে এই পোমেড উত্তম প্রস্তুত হয়। ফরাসীরা পোমেড না গলাইয়া ঠাণ্ডা অবস্থায় গন্ধ বাহির করিয়া লয়।

ক্লাসিস্ নামক পাত্রে সিকি ইঞ্চি পরিমাণ ঘন পোমেড সমস্ত পাত্রে ছুরী বা স্প্যাচুলা দ্বারা সমান ভাবে মাখাইয়া তাহার উপর ফুল ছড়াইয়া দিয়া ২৪ হইতে ৭২ ঘণ্টা পর্য্যন্ত রাখ। পরে ফুল বদলাইয়া পুনরায় ফুল দাও। এইরূপে যতক্ষণ পর্য্যন্ত না পোমেড অত্যন্ত সুগন্ধ হয়, সেই পর্য্যন্ত ফুল দিতে থাক।

এই প্রণালীতে তৈলে গন্ধ করিতে হইলে উৎকৃষ্ট অলিভ অয়েলে মোটা কাপড় ভিজাইয়া একটি তারের ফ্রেমের উপর বিছাইয়া দিয়া তাহার উপর ফুল ছড়াইয়া দাও, এবং সেই ফুল শুকাইলে আবার নুতন ফুল দাও। যখন দেখিবে যে ঐ কাপড়ে বেশ গন্ধ হইয়াছে, তখন নিংড়াইয়া তৈল বাহির করিয়া লও।

গন্ধদ্রব্য প্রস্তুতের পক্ষে এলকোহল একটি প্রধান উপাদান। গন্ধহীন উৎকৃষ্ট এলকোহল গন্ধদ্রব্যে ব্যবহার হইয়া থাকে। এই প্রকার এলকোহল (খাঁটী) পিওর স্পিরিট, সাইলেণ্ট স্পিরিট বা ডিওডোরাইজড্ এলকোহল বলিয়া বিক্রয় হইয়া থাকে।

স্পিরিট অব একেসিয়া।

স্পিরিট অফ একেসিয়া ফ্লাউয়ার	৭ আউন্স
,, অফ জ্যাস্মিন ফ্লাউয়ার	দেড় আঃ
,, অফ টিউব রোজ	দেড় আঃ

এসেন্স অফ এম্বারগ্রিস (উৎকৃষ্ট)	৩ ড্রাম
ইট-অব অরেঞ্জ ফ্লাউয়ার	৩ আঃ
রেক্‌টিফায়েড স্পিরিট	সাড়ে সাত আঃ

মিশ্রিত কর। ইহা একটি উৎকৃষ্ট সুগন্ধি।

আলহ্যাম্‌ব্রা পারফিউম।

এক্সট্রাক্ট অফ টিউব রোজ	১ পাঁইট
,, অফ জেরানিয়াম	অৰ্দ্ধ ঐ
,, অফ একেসিয়া	সিকি ঐ
,, অফ অরেঞ্জ ফ্লাউয়ার	সিকি ঐ
,, অফ সিভেট্	সিকি ঐ

মিশ্রিত কর।

য়্যামণ্ড পারফিউম।

এসেন্সিয়াল অয়েল অফ য়্যামণ্ড	আড়াই ড্রাম
অয়েল অফ বার্গমেট	অৰ্দ্ধ ঐ
,, অফ ক্যাসিয়া	অৰ্দ্ধ ঐ
এসেন্স রয়ালি	অৰ্দ্ধ ঐ
রেক্‌টিফায়েড স্পিরিট	১ পাঁইট

মিশ্রিত কর।

এম্বারগ্রেস্।

এই জিনিসটি সমুদ্রে ভাসিয়া বেড়ায় এবং উপকূলবর্ত্তী দেশে ঢেউ দ্বারা আনীত হয়। লোকের বিশ্বাস যে স্পারম

হোয়েল নামক বৃহৎ মৎস্যের উদরে ইহা জন্মায়। উৎকৃষ্ট যে এম্বারগ্রিস্ অত্যন্ত দুর্মূল্য কিন্তু তাহাই গন্ধদ্রব্য প্রস্তুতের জন্য আবশ্যক।

টিংচার এম্বারগ্রিস্।

এম্বারগ্রিস্	২ ড্রাম
ওরিসমূল চূর্ণ	২ ড্রাম
ডিওডোরাইজড এলকোহল	১৬ আঃ

এম্বারগ্রিস্ ও ওরিস্মূল খলে করিয়া খুব মিহি গুঁড়া কর ও তাহার পর সেগুলি বোতলে পুরিয়া এলকোহল মিশাইয়া দাও। ৩০ দিন ভিজিবার পর ছাঁকিয়া লইবে।

অন্যপ্রকার।

এম্বারগ্রিস্ (গ্রে)	৩০ গ্রেণ
ওরিসমূল চূর্ণ	১ ড্রাম
এলকোহল	৮ আঃ

এম্বারগ্রিস্ ও ওরিসমূল খুব ভাল করিয়া গুঁড়া করিয়া তাহাতে এলকোহল মিশ্রিত কর, এবং ৩০ দিন পর্য্যন্ত ভিজাইয়া রাখ। মধ্যে মধ্যে নাড়িয়া দিবে। পরে ছাঁকিয়া লও।

এম্বারগ্রিস্ এক্সট্রাক্ট।

স্পিরিট অফ রোজ	৩ আউন্স
টিংচার অফ এম্বারগ্রিস	৮ ঐ
,, অফ মাস্ক	৪ ঐ
,, অফ ভ্যানিলা	১ ঐ

এসেন্স অফ্ এম্বারগ্রিস্।

এম্বারগ্রিস	৫ ড্রাম
মাস্ক (খাঁটি দানা, চীনদেশীয়)	দেড় ড্রাম
এসেন্স অফ এম্ব্রেট (বা পার্পল হুইট সুলতান)	১ কোয়ার্ট

অন্যপ্রকার।

এম্বারগ্রিস	৪ ড্রাম
উৎকৃষ্ট মাস্কদানা	৪৫ গ্রেণ
এসেন্স অফ এম্ব্রেট	১ কোয়ার্ট

অন্যপ্রকার।

এম্বারগ্রিস	৪ ড্রাম
মাস্কদানা	১২ গ্রেণ
রেক্টিফায়েড স্পিরিট (প্রুফের উপর ৫৬)	১ পাঁইট
লাইকার অফ এমোনিয়া	অর্দ্ধ ড্রাম

ইহাই বাজারে সচরাচর পাওয়া যায়।

অন্যপ্রকার।

এম্বারগ্রিস	৪ ড্রাম
মাস্কদানা	১২ গ্রেণ
রেক্টিফায়েড স্পিরিট (প্রুফের উপর ৫৬)	১ পাঁইট
অয়েল অফ ক্লোভস্	১৫ ফোঁটা
বালসাম অফ পেরু	১৫ ঐ
নিরোলি	২০ ঐ

অন্যপ্রকার।

এম্বারগ্রিস	৪ ড্রাম
মাস্কদানা	১২ গ্রেণ
রেক্টিফায়েড স্পিরিট (প্রুফের উপর ৫৬)	১ পাঁইট
এসেন্স অফ রোজ	সিকি ঐ
ইউ অফ অরেঞ্জ ফ্লাউয়ার	সিকি ঐ

য়্যামণ্ড স্পিরিট।

অয়েল অফ য়্যামণ্ড (তিক্ত)	৮০ ফোঁটা
ডিওডোরাইজড এলকোহল	১৬ আউন্স

বিশেষ দ্রষ্টব্য। গাম্‌বেন্‌জয়েন্ হইতে যে বেন্‌জইক্ এসিড্ প্রস্তুত হয়, তাহাই ব্যবহার করিবে।

টিংচার অফ বেন্‌জয়েন্।

গাম্‌বেন্‌জয়েন্ চূর্ণ (খুব মিহি)	২ আঃ
ডিওডোরাইজড এলকোহল	১৬ ঐ

৩০ দিন পর্য্যন্ত ভিজাইয়া রাখিয়া ছাঁকিয়া লইবে।

বেন্‌জয়েন্ বোর্ণিও ও যাবাদ্বীপে ও শ্যাম দেশে জন্মে।

এসেন্স বোকে।

স্পিরিট রোজ	৪ আউন্স
টিংচার এম্বারগ্রিস	১ ঐ
টিংচার ওরিস	২ ঐ
অয়েল বার্গমেট্	২ ড্রাম
অয়েল লিমন	১ ঐ

অন্যপ্রকার।

স্পিরিট রোজ	২ আউন্স
টিংচার এম্বারগ্রিস	২ ড্রাম
টিংচার ওরিস্	১ আউন্স
অটো বার্গমেট	১ ড্রাম
অটো লিমন	১৫ ফোঁটা

অন্যপ্রকার।

অয়েল লিফ্ জেরানিয়াম	১ আউন্স
,, টার্কিস ঐ	৪ ড্রাম
অটো রোজ	১ ড্রাম
এক্সট্রাক্ট মাস্ক	৬ আউন্স
,, টঙ্কা	৬ ঐ
,, অরেঞ্জ ফ্লাউয়ার	৫ ঐ
,, ভ্যানিলা	২ ঐ
,, সিভেট্	১ ঐ
এলকোহল	১ গ্যালন
জল	৪ আউন্স

অন্যপ্রকার।

এক্সট্রাক্ট মাস্ক	২ আউন্স
,, টিউব রোজ	২ ঐ
অটো রোজ (খাঁটি)	১ ড্রাম
,, বার্গমেট	সওয়া এক ঐ

,,	নিরোলি (উৎকৃষ্ট)	অর্দ্ধ ড্রাম
,,	ভার্ব্বিনা (আসল)	৮ ফোঁটা
,,	পিমেণ্টো	১০ ঐ
,,	প্যাচৌলি	৩ ঐ
,,	লাল সিডার উড্ (আসল)	অর্দ্ধ ড্রাম
,,	ল্যাভেণ্ডার (ইংলিশ)	১২ ফোঁটা

খাঁটি স্পিরিট (যতটা দিলে ৪ পাঁইট পূর্ণ হয়।

বোকে অফ্ অ্যামর।

রোজ স্পিরিট	২ আউন্স
জ্যাস্মিন্	২ ঐ
ভায়োলেট্	২ ঐ
ক্যাসি	২ ঐ
এসেন্স অফ মাস্ক	১ ঐ
এম্বারগ্রিস	১ ঐ

মিশ্রিত কর। যদি পরিষ্কার না হয়, তবে যতক্ষণ পর্য্যন্ত তাহা না হইবে সেই পর্য্যন্ত ফোঁটা ফোঁটা করিয়া খুব কড়া এলকোহল দিবে। যত কম এলকোহল দেওয়া যায়, ততই ভাল।

বক্সোরাস্ বোকে।

	এক্সট্রাক্ট একেসিয়া	১ পাঁইট
,,	জ্যাস্মিন্	অর্দ্ধ ঐ
,,	রোজ ট্রিপল্	অর্দ্ধ ঐ
,,	অরেঞ্জ ফ্লাউয়ার	অর্দ্ধ ঐ
,,	টিউব রোজ	অর্দ্ধ ঐ

এক্সট্র্যাক্ট সিভেট্	অর্দ্ধ পাঁইট
অটো অফ য়্যামণ্ড	১০ ফোঁটা

বাকিংহ্যাম্ প্যালেস বোকে।

এক্সট্র্যাক্ট অরেঞ্জ ফ্লাউয়ার	১ পাঁইট
,, ক্যাসি	১ ঐ
,, জ্যাসমিন	১ ঐ

(উক্ত তিনটি এক্সট্র্যাক্ট পোমেড হইতে লইবে।)

এক্সট্র্যাক্ট ওরিস	অর্দ্ধ পাঁইট
,, এম্বারগ্রিস	অর্দ্ধ ঐ
অটো অফ নিরোলি	অর্দ্ধ ড্রাম
,, অফ ল্যাভেণ্ডার	অর্দ্ধ ঐ
,, অফ রোজ	অর্দ্ধ ঐ

বোকে ডি কেরোলিন।

রোজ স্পিরিট	৪ আউন্স
টিংচার এম্বারগ্রিস	১ ঐ
ওরিস	২ ঐ
অয়েল বার্গামেট	২ ড্রাম
অয়েল লিমন	১ ঐ
এক্সট্র্যাক্ট নিরোলি	১ পাঁইট

ব্রাইড্যাল্ বোকে এক্সট্র্যাক্ট।

টিংচার ভ্যানিলা	২ ড্রাম
টিংচার মাস্ক	১ ঐ

টিংচার বেনজয়েন	১ ড্রাম
টিংচার ওরিস	১ ঐ
এসেন্স ক্যাসি	৪ আউন্স
এসেন্স অফ টিউব রোজ	২ ঐ
এসেন্স অফ জ্যাস্‌মিন	২ ঐ
অটো বার্গমেট্‌	১৬ ফোঁটা
অটো অরেঞ্জ ফ্লাউয়ার	৬ ঐ

বোকে ফেডোরা।

অটো রোজ	অর্দ্ধ ড্রাম
টার্কিস্‌ জেরানিয়াম	২ ঐ
অয়েল প্যাচৌলি	সিকি ঐ
এক্সট্রাক্ট টঙ্কা	৩ আউন্স
,, মাস্ক	২ ঐ
,, অরেঞ্জ ফ্লাউয়ার	৩ ঐ
,, ভ্যানিলা	৪ ড্রাম
,, সিভেট	৪ ঐ
এলকোহল	২০ ঐ

ফ্লোর‍্যাল বোকে।

টিংচার মাস্ক	২ আউন্স
,, ওরিস্‌	৬ ড্রাম
,, টঙ্কা	৬ ঐ
,, ভ্যানিলা	৬ ঐ

টিংচার এম্বারগ্রিস্	১ আঃ
,, রোজ স্পিরিট্	৪ ঐ

গার্ডেন্স্ বোকে।

স্পিরিট অফ রোজ	২ পাইন্ট
,, নিরোলি	অর্দ্ধ ঐ
এক্সট্রাক্ট ভ্যানিলা	অর্দ্ধ ঐ
,, ওরিস্	অর্দ্ধ ঐ
,, মাস্ক	সিকি ঐ
অটো অফ ক্লোভস্	অর্দ্ধ ড্রাম

আইল অফ্ ওয়াইট্ বোকে।

এক্সট্রাক্ট অফ ওরিস	অর্দ্ধ পাইন্ট
,, অফ ভিটিভার্ট	সিকি ঐ
,, অফ স্যাণ্ডাল	১ ঐ
,, অফ রোজ	অর্দ্ধ ঐ

জকি ক্লাব বোকে।

(ইংলিশ ফরমুলা)

এক্সট্রাক্ট ওরিস মূল	৩ পাইন্ট
রোজ স্পিরিট, ট্রিপল্	১ ঐ
,, অফ পোমেড্	১ ঐ
এক্সট্রাক্ট অফ ক্যাসি	অর্দ্ধ ঐ
,, অফ টিউব রোজ পোমেড	অর্দ্ধ ঐ
জ্যাস্মিন্ স্পিরিট	অর্দ্ধ ঐ

এক্সট্রাক্ট এম্বারগ্রিস	অর্দ্ধ পাঁইট
অটো অফ বার্গমেট্ট	৪ ড্রাম

ঐ (ফ্রেঞ্চ ফরমুলা।)

রোজ স্পিরিট অফ পোমেড্	১ পাঁইট
টিউব রোজ স্পিরিট	১ ঐ
ক্যাসি স্পিরিট	অর্দ্ধ ঐ
জ্যাস্মিন্ স্পিরিট	পৌণে এক ঐ
এক্সট্রাক্ট সিভেট্	৩ আউন্স

অন্যপ্রকার।

এক্সট্রাক্ট অফ রোজ	৫৬ ভাগ
,, অফ ভায়োলেট	৫৬ ভাগ
,, অফ টিউব রোজ	২৮ ভাগ
,, অফ অরেঞ্জ ফ্লাউয়ার	১৪ ভাগ
এসেন্সিয়াল অয়েল অফ বার্গমেট্	৭ ভাগ

মিশাইয়া ছাঁকিয়া লও।

ডি বোকে লা রিইন্।

অয়েল অফ বার্গমেট	আড়াই ড্রাম
অয়েল অফ ল্যাভেণ্ডার	১ ঐ
,, অফ ক্লোভস্	অর্দ্ধ ঐ
এরোম্যাটিক্ ভিনিগার	অর্দ্ধ ঐ
এসেন্স অফ মাস্ক	অর্দ্ধ ঐ
এলকোহল	৩ আঃ

মিশাইয়া বেশ করিয়া নাড়িয়া লও।

বোকে রিস্‌টোরি।

অয়েল রোজ	৪ ড্রাম
,, স্যাণ্ডাল উড	৪ ঐ
এক্সট্রাক্ট টঙ্কা	১ পাইট
এলকোহল	২ গ্যালন
জল	৪ পাঁইট

বোকে ডু রয়।

এক্সট্রাক্ট অফ জ্যাসমিন্	১ পাঁইট
,, অফ ভায়োলেট	১ ঐ
,, অফ রোজ	১ ঐ

(এই তিনটি দ্রব্যের এক্সট্রাক্ট পোমেড হইতে লইবে।)

এক্সট্রাক্ট অফ ভ্যানিলা	সিকি ঐ
,, অফ ভিটিভার্ট	সিকি ঐ
,, অফ মাস্ক	১ আঃ
,, এম্বারগ্রিস	১ ঐ
অটো অফ বার্গমেট	১ ড্রাম
অটো অফ ক্লোভস্	১ আউন্স

লিপ্ ইয়ার বোকে।

এক্সট্রাক্ট টিউব রোজ	১ পাঁইট
,, জ্যাস্‌মিন	১ ঐ
,, রোজ ট্রিপল	অর্দ্ধ ঐ
,, স্যাণ্ডাল	অর্দ্ধ ঐ

এক্সঃ ভিটভার্ট	অর্দ্ধ পাঁইট
,, প্যাচোলি	অর্দ্ধ ঐ
,, ভার্ব্বিনা	সিকি ঐ

বোকে ডি মণ্টপেলিয়ার।

এক্সট্রাক্ট টিউব রোজ	১ পাঁইট
,, রোজ পোমেড	১ ঐ
,, রোজ ট্রিপল	১ ঐ
,, মাস্ক	সিকি ঐ
,, এম্বারগ্রিস্	সিকি ঐ
অটো অফ ক্লোভস্	দেড় ড্রাম
অটো অফ বার্গমেট	৪ আঃ

প্রিন্সেস্ বোকে এক্সট্রাক্ট।

অটো বার্গমেট	অর্দ্ধ ড্রাম
অটো ক্লোভস্	অর্দ্ধ ঐ
অটো ল্যাভেণ্ডার	১ ঐ
টিংচার মাস্ক	২ ঐ
টিংচার ভ্যানিলা	২ ঐ
টিংচার এম্বারগ্রিস	২ ঐ
রোজ স্পিরিট	সওয়া আঃ
এলকোহল	৮ আঃ

রয়াল হাণ্ট বোকে।

রোজ স্পিরিট (ট্রিপল)	সিকি পাঁইট
নিরোলি ,,	সিকি ঐ

একেসিয়া স্পিরিট	সিকি পাঁইট
অরেঞ্জ ফ্লাউয়ার ,,	সিকি ঐ
মাস্ক ,,	সিকি ঐ
ওরিস ,,	সিকি ঐ
টঙ্কিন ,,	অর্দ্ধ ঐ
অটো অফ সিট্রোন	২ ড্রাম

ইয়্যাচ ক্লাব বোকে।

এক্সট্রাক্ট অফ স্যাণ্ডাল	১ পাঁইট
,, অফ নিরোলি	১ ঐ
,, অফ জ্যাসমিন	অর্দ্ধ ঐ
,, অফ রোজ ট্রিপল	অর্দ্ধ ঐ
,, অফ ভ্যানিলা	সিকি ঐ
,, অফ বেনজয়েন ফ্লাউয়ার	২ ড্রাম

লেবাননু সিডার উড্।

অটো অফ সিডার	১ আউন্স
রেক্‌টিফায়েড স্পিরিট	১ পাঁইট
স্পিরিট রোজ ট্রিপল	সিকি ঐ

সিট্রোনেলা বা সিট্রোনেল অয়েল।

সিট্রোলেন ঘাস বক যন্ত্রে সিদ্ধ করিয়া প্রস্তুত হয়।

এই ঘাস সিংহল দ্বীপ ও ভারতবর্ষে প্রচুর পরিমাণে জন্মে।

সিভেট।

কস্তুরী হরিণের নাভি হইতে যেমন মৃগনাভি পাওয়া যায়, তদ্রূপ সিভেট নামক বিড়ালজাতীয় জন্তুর কোষ হইতে সিভেট

পাওয়া যায়। এই জন্তু এসিয়ার অনেকভাগে দেখিতে পাওয়া যায়। ইহাদের শরীর অত্যন্ত দুর্গন্ধময়।

সিভেট (গন্ধদ্রব্য) অত্যন্ত মূল্যবান।

টিংচার অফ্ সিভেট।

সিভেট্	১ ড্রাম
ওরিস মূল চূর্ণ	১ ঐ
ডিওডারাইজড্ এলকোহল	১৬ আউন্স

যে প্রকারে এম্বারগ্রিস টিংচার প্রস্তুত হয়, সেইরূপে এই টিংচার প্রস্তুত হইবে।

সিভেট টিংচার।

সিভেট	৩০ গ্রেণ
ওরিসমূল চূর্ণ	১ ড্রাম
এলকোহল	৮ আঃ

সিভেট ও ওরিসমূল বেশ করিয়া মাড়িয়া চূর্ণ করিয়া ৩০ দিন পর্য্যন্ত এলকোহলে ভিজাইয়া রাখিবে। মধ্যে মধ্যে নাড়িয়া দিবে। শেষে ছাঁকিয়া লও।

স্পিরিট অফ্ ক্লোভস্।

অয়েল ক্লোভস্	৪ ড্রাম
ডিওডারাইজড্ এলকোহল	১৬ আঃ

অন্যপ্রকার।

অটো ক্লোভস্	২০ ফোঁটা
এলকোহল	৪ আঃ

সস্তার গন্ধদ্রব্য।

এলকোহল	১ পাইট
এসেন্স বার্গমেট	১ আঃ

অন্যপ্রকার।

এলকোহল	১ পাইট
অটো অফ্ স্লাওাল	১ আঃ

অন্যপ্রকার।

এলকোহল	১ পাইট
অটো ফ্রেঞ্চ ল্যাভেণ্ডার	৪ ড্রাম
অটো বার্গমেট	৪ ঐ
অটো ক্লোভস্	১ ঐ

অন্যপ্রকার।

এলকোহল	১ পাইট
অটো লিমনগ্রাস	২ ড্রাম
এসেন্স লিমন	৪ ঐ

অন্যপ্রকার।

এলকোহল	২ পাইট
অটো পেটিট্ গ্রেণ	২ ড্রাম
অটো অরেঞ্জপিল	৪ ঐ
ম্যাগ্নেসিয়া	(খুব অল্প পরিমাণে)

মিশাইয়া ছাঁকিয়া লও।

এক্‌ট্রাক্ট অফ এল্‌ডার ফ্লাউয়ার।

এল্ডার ফ্লাউয়ার ওয়াটার	১ কোয়ার্ট
টিংচার বেনজয়েন	১ আউন্স

এস্প্রেস ইউজিনির নোজ্‌গে।

এক্সঃ অফ মাস্ক	সিকি পাইট
,, অফ ভ্যানিলা	সিকি ঐ
,, অফ টঙ্কিন বিন্	সিকি ঐ
,, অফ নিরোলি	সিকি ঐ
,, অফ জিরানিয়াম	অর্দ্ধ ঐ
,, অফ রোজ ট্রিপল	অর্দ্ধ ঐ
,, অফ স্যাণ্ডাল	অর্দ্ধ ঐ

যে যে ফুলের এসেন্সের বিষয় এই পুস্তকে লিখিত হইল না, তাহা নিম্নলিখিত প্রণালীতে প্রস্তুত হয়।

যে ফুলের সুগন্ধি প্রস্তুত করিতে হইবে, তাহার এসেন্সিয়াল অয়েল ১ আউন্স ও রেক্‌টিফায়েড স্পিরিট এক পাইট।

যে প্রণালীতে এসেন্স অফ ম্যাগও প্রস্তুত হয়, সেইরূপে প্রস্তুত কর।

ফ্র্যাঙ্গিপ্যানি।

অয়েল অফ ল্যাভেণ্ডার	৪ ড্রাম
,, জিরানিয়াম লিফ	৪ ঐ
,, টার্কিস জিরানিয়াম	৪ ঐ
অটো রোজ	১/২ ঐ
এক্সট্রাক্ট মাস্ক	৬ আউন্স

এক্সঃ টঙ্কা	৬ আউন্স
,, স্যাণ্ডাল উড	১ পাঁইট
,, ভ্যানিলা	২ আঃ
,, সিভেট	১ ঐ
এলকোহল	১ গ্যালন
জল	৮ আঃ
এক্সট্রাক্ট অরেঞ্জ ফ্লাউয়ার	৫ ঐ

অন্যপ্রকার

এসেন্স টিউব রোজ	১ আঃ
স্পিরিট ভিটিভার্ট	৪ ড্রাম
অটো স্যাণ্ডাল	১৫ ফোঁটা
অটো রোজ	১৫ ঐ
অটো অরেঞ্জ ফ্লাউয়ার	১৫ ঐ
এলকোহল	৪ ড্রাম
টিংচার মাস্ক	২ আঃ
টিংচার ওরিস	১ ঐ
এসেন্স অরেঞ্জ ফ্লাউয়ার	১ ঐ

অন্যপ্রকার।

এক্সঃ ওরিস	৪ আউন্স
,, টিউব রোজ	২ ঐ
,, মাস্ক	৪ ঐ
,, ভ্যানিলা	২ ঐ
[illegible]	১ ঐ

এক্স্ঃ ষ্টোর্যাক্স	১ আউন্স
অটো নিরোলি সুগার	১ ড্রাম
,, রোজ (খাঁটি)	অর্দ্ধ ঐ
,, স্যাণ্ডাল	১ ঐ
,, সিডার উড (আসল)	২ ঐ
,, পাইমেণ্টো	অর্দ্ধ ঐ
,, ক্যাসিয়া	২০ ফোঁটা
,, বার্গমেট	অর্দ্ধ ড্রাম
,, জিঞ্জার	৪ ফোটা
,, ল্যাভেণ্ডার, (ইংলিশ)	৬ ঐ
এসিড বেনজয়েক	২ ড্রাম

খাঁটি স্পিরিট ৪ পাইট পুর্ণ করিতে যতটা আবশ্যক হয়।

অন্যপ্রকার।

টিংচার মাস্ক	৫ আঃ
,, সিভেট	৪ ড্রাম
,, ওরিসমুল	৩ ঐ
এসেন্স অরেঞ্জ ফ্লাউয়ার	৩ ঐ
,, ট্রিউব রোজ	৩ ঐ
স্পিরিট ভিটিভার্ট	১ আঃ
অয়েল স্যাণ্ডাল	৬০ ফোঁটা
,, নিরোলি পেটাল	৬০ ঐ
,, রোজ	১২০ ঐ
,, রোজ জেরানিয়াম	৬০ ফোঁটা

রোজ জেরানিয়াম এক্সট্রাক্ট।

অয়েল অফ রোজ জেরানিয়াম	১ আঃ
ডিওডারাইজড এলকোহল	১৫ ঐ

জেরানিয়াম।

অয়েল জিরানিয়াম লিফ	২ আঃ
,, টার্কিস রোজ	২ ঐ
,, বার্গমেট	১ ঐ
এক্সঃ অরেঞ্জ ফ্লাউয়ার	৫ ঐ
,, সিভেট	১ ঐ
এলকোহল	১ গ্যালন
জল	৮ আঃ

অন্যপ্রকার।

অয়েল জিরানিয়াম লিফ	১ আঃ
,, টার্কিস জিরানিয়াম	১ ঐ
,, বার্গমেট	১ ঐ
এক্সঃ বেনজয়েন	২ ঐ
,, ভ্যানিলা	২ ঐ
এলকোহল	২ গ্যালন
জল	৩ পাইন্ট

হুইবটস্ রয়াল এসেন্স অফ্ হ্যাণ্ডকারচিফ্।

এম্বারগ্রিস	২৫ ভাগ
মাস্ক	১২ ঐ

সিভেট	৫ ভাগ
অয়েল অফ রোজ	২ ঐ
,, অফ সিনামন্	৩ ঐ
,, অফ উড্ অফ রোডস্	২ ঐ
কার্ব্বনেট অফ পটাস	৬ ঐ
এলকোহল, ৯০ ডিগ্রি	৮৬০ ঐ

১৫ দিন পর্য্যন্ত ভিজাইয়া রাখ, পরে ছাঁকিয়া লও।

হেলিওট্রোপ।

এক্সট্রাক্ট অরেঞ্জ ফ্লাউয়ার	১ আউন্স
,, হোয়াইট রোজ	১ কোয়ার্ট
,, ভ্যানিলা	অর্দ্ধ পাঁইট
,, বেনজয়েন	১ আউন্স
,, সিভেট	১ ঐ
এলকোহল	১ পাঁইট
অয়েল অফ য্যামণ্ড (তিক্ত)	৩ ফোঁটা
জল	২ আউন্স

অন্যপ্রকার।

অয়েল বার্গমেট	১ আউন্স
এক্সট্রাক্ট ভ্যানিলা	অর্দ্ধ পাঁইট
,, সিভেট	অর্দ্ধ আউন্স
,, বেনজয়েন	অর্দ্ধ ঐ
এলকোহল	১ গ্যালন
এক্সট্রাক্ট ওরিস	১ পাঁইট

অয়েল য়্যামণ্ড (তিক্ত)	৫ ফোঁটা
জল	৩ পাঁইট

অন্যপ্রকার।

টিংচার ভ্যানিলা	৮ আউন্স
,, এম্বারগ্রিস	১ ঐ
,, সিভেট	১ ঐ
রোজ স্পিরিট	৩ ঐ
এসেন্স অফ রোজ	৩ ঐ
অয়েল য়্যামণ্ড (তিক্ত)	৫ ফোঁটা

হনিসাকল্ এক্সট্রাক্ট।

এক্সট্রাক্ট প্যাচৌলি	৩ ড্রাম
টিংচার বেনজয়েন	অৰ্দ্ধ আউন্স
রোজ এসেন্স	অৰ্দ্ধ ঐ
স্পিরিট ক্লোভস্	অৰ্দ্ধ ঐ
টিংচার সিভেট	১ ঐ
অরেঞ্জ ফ্লাউয়ার স্পিরিট	১ ঐ
এসেন্স জ্যাস্মিন	৪ ঐ
টিংচার ভ্যানিলা	১ ঐ

হনিসাকল।

এসেন্স অফ রোজ	৪ আউন্স
,, অফ ভায়োলেট	৪ ঐ
,, টিউব রোজ	৪ ঐ

টিংচার অফ ভ্যানিলা	১ আউন্স
,, অফ টলু	১ ঐ
,, অফ মাস্ক	১ ঐ
অয়েল অফ নিরোলি পেটাল	৩ ফোঁটা
,, অফ য়্যামণ্ড (তিক্ত)	২ ঐ
ডিওডারাইজড এলকোহল	১ আউন্স

আইল্যাণ্ড উইণ্টার গ্রীণ।

রোজ স্পিরিট, ১ পাঁইট; এসেন্স অব ল্যাভেণ্ডার সিকি পাঁইট; এক্সট্রাক্ট অফ নিরোলি, অর্দ্ধ পাঁইট; এক্সঃ ভ্যানিলা, সিকি পাঁইট; এক্সট্রাক্ট অফ ভিটিভার্ট, সিকি পাঁইট; এক্সট্রাক্ট অফ ক্যাসি, অর্দ্ধ পাঁইট; এক্সট্রাক্ট অফ এম্বারগ্রিস, সিকি পাঁইট।

জাপানিজ পারফিউম্।

এক্সঃ অফ রোজ ট্রিপল, অর্দ্ধ পাঁইট; এক্সঃ ভিটিভার্ট, অর্দ্ধ পাঁইট; এক্সঃ প্যাচৌলি, অর্দ্ধ পাঁইট; এক্সঃ সিডার, অর্দ্ধ পাঁইট; এক্সঃ স্যাণ্ডাল, অর্দ্ধ পাঁইট; এক্সঃ ভারভিন্, সিকি পাঁইট।

জ্যাস্মিন এক্সট্রাক্ট।

জ্যাস্মিন এসেন্স, ৫ আউন্স; টিংচার ভ্যানিলা অর্দ্ধ আউন্স টিংচার এম্বারগ্রিস ২ ড্রাম।

জ্যাস্মিন।

এক্সঃ জ্যাস্মিন (পোমেড হইতে) ৮ পাঁইট, অয়েল লিমন, অর্দ্ধ আউন্স; অয়েল বার্গমেট, অর্দ্ধ আউন্স।

জকি ক্লাব একট্রাক্ট।

টিউব রোজ এসেন্স, ২ আউন্স; রোজ স্পিরিট, ২ আউন্স; রোজ এসেন্স, ২ আঃ; টিংচার এম্বারগ্রিস, ১২ ড্রাম; টিংচার সিভেট, ২ ড্রাম; টিংচার মাস্ক, ২ ড্রাম; অটো বার্গমেট ৩০ ফোঁটা; অটো ক্লোভ ১০ ফোঁটা।

জকি ক্লাব।

এক্সঃ জ্যাস্মিন, ৫ আঃ; এক্সঃ ওরিস, ২০ আঃ; এক্সঃ মাস্ক, ৭ আঃ; এক্সঃ ভ্যানিলা, ১২ ড্রাঃ; অটো রোজ, (আসল), দেড় ড্রাঃ; অটো স্যাণ্ডাল, দেড় ড্রাঃ; অটো বার্গমেট, আড়াই ড্রাঃ; অটো নিরোলি, ৪০ ফোঁটা; বেনজইক এসিড, ২ ডাঃ; খাঁটি স্পিরিট, ৪ পাঁইট করিতে যতটা আবশ্যক।

অন্যপ্রকার।

এক্সঃ মাস্ক, দেড় পাঁইট, এক্সঃ সিভেট, ২ আঃ; এক্সঃ বেনজয়েন, দেড় পাঁইট; এক্সঃ অরেঞ্জ ফ্লাউয়ার, ৪ আঃ; এক্সঃ অটো রোজ, ২ ডাঃ; এলকোহল ১ গ্যালন; জল, অর্দ্ধ পাঁইট;

যতক্ষণ পর্য্যন্ত তৈলগুলি এলকোহলে না মিশিয়া যায়, ততক্ষণ পর্য্যন্ত জল মিশাইবে না। ২৪ ঘণ্টা রাখিলে বেশ মিশিয়া যায়।

অন্যপ্রকার।

অয়েল বার্গমেট, ২ আঃ; উৎকৃষ্ট অয়েল ল্যাভেণ্ডার, অর্দ্ধ আঃ; এক্সঃ সিভেট, ২ আঃ; এক্সঃ বেনজয়েন ২ আঃ; এক্সঃ মাস্ক, পাঁইট; এলকোহল, ২ গ্যালন; জল, ৩ পাঁইট।

অন্যপ্রকার।

স্পিরিট অব রোজ, ৪ আঃ; এসেন্স অব রোজ, ১ আঃ; এসেন্স অব টিউব রোজ, ৪ আঃ; এসেন্স অব ক্যাসি, ২ আঃ; এসেন্স অব জ্যাসমিন, ১ আঃ; এসেন্স অব অরেঞ্জ ফ্লাউয়ার, ১ আঃ; টিংচার অব সিভেট, ২ আঃ; টিংচার অব মাস্ক, ১ আঃ।

এক্সট্রাক্ট অব জনকুইল, (আসল)।

জনকুইল পোমেড, ৩ পাউণ্ড, স্পিরিট্, (প্রুফের উপর ৬০), ১ গ্যালন। এক মাস পর্য্যন্ত ভিজাইয়া রাখ।

ঐ, (নকল)

জ্যাসমিন পোমেড (স্পিরিট দ্বারা এক্সঃ), ১ পাঁইট; টিউব রোজ, (স্পিরিট দ্বারা এক্সঃ), ১ পাঁইট; অরেঞ্জ ফ্লাউয়ার, (স্পিরিট দ্বারা এক্সঃ), অর্দ্ধ পাঁইট; স্পিরিট ভ্যানিলা, ২ আঃ।

কিউগার্ডেন নোজ্‌গে।

স্পিরিট নিরোলি পেটাল, ১ পাঁইট; স্পিরিট ক্যাসি, অর্দ্ধ পাঁইট; স্পিরিট টিউব রোজ (পোমেড হইতে) অর্দ্ধ পাঁইট স্পিরিট জ্যাসমিন, অর্দ্ধ পাইট; স্পিরিট জেরানিয়াম, অর্দ্ধ পাঁইট; স্পিরিট মাস্ক, ৩ আঃ; স্পিরিট এম্বারগ্রিস, ৩ আঃ।

মে ফ্লাউয়ার।

এক্সঃ অব রোজ, (পোমেড হইতে), অর্দ্ধ পাঁইট; এক্সঃ জ্যাসমিন, অর্দ্ধ পাঁইট; এক্সঃ অব অরেঞ্জ ফ্লাউয়ার, অর্দ্ধ পাঁইট; এক্সঃ ক্যাসি, অর্দ্ধ পাঁইট; এক্সঃ অব ভ্যানিলা, ১ পাঁইট; অটো অব ম্যাগণ্ড, সিকি ড্রাঃ।

মিনিফলুর ল্যাভেণ্ডার।

আঙ্গুরের স্পিরিট, ১ পাঁইট; (ফ্রেঞ্চ) অটোঅব ল্যাভেণ্ডার, ১ আঃ; এক্সঃ অব এম্বারগ্রিস, ২ আঃ।

এসেন্স অব ল্যাভেণ্ডার।

অয়েল অব ল্যাভেণ্ডার, ১ আঃ; রেক্‌টিফায়েড স্পিরিট, (যত কড়া হইতে পারে) অর্দ্ধ পাঁইট।

খুব নাড়িয়া মিশ্রিত কর। ইচ্ছা হইলে ফোঁটা কয়েক এসেন্স অব মাস্ক ও এসেন্স এম্বারগ্রিস মিশাইতে পার।

ল্যাভেণ্ডার এক্সট্রাক্ট।

অয়েল অব ল্যাভেণ্ডার, ৪ ড্রাঃ; এসেন্স অব রোজ, ২ আঃ; ডিওডোরাইজড এলকোহল, ১৪ আঃ।

এসেন্স অব লিমন।

অয়েল অব লিমন, ৪ ড্রাঃ; ম্যাগনেসিয়া কার্ব্ব, ৩ড্রাঃ; চিনি, ৪ ড্রাঃ; ডিওডারাইজড এলকোহল ৮ আঃ; জল, ৮ আঃ;

লিমন অয়েল প্রথমে দুই আউন্স এলকোহলে বেশ করিয়া গুলিয়া লইয়া একটি খলে চিনি ও ম্যাগনেসিয়ার সহিত বেশ করিয়া মাড়িয়া লও, ও পরে অবশিষ্ট এলকোহল ও জল ক্রমে ক্রমে মিশাইয়া ছাঁকিয়া লও।

লিমন ঘাস—ভারতবর্ষে জন্মে। ইহার গন্ধ ভার্ব্বিনার গন্ধের সহিত প্রায় একই প্রকার, এই জন্য এক্সঃ অব ভার্ব্বিনা প্রস্তুতের সময় ইহার তৈল ব্যবহার হইয়া থাকে।

এসেন্স অব হোয়াইট লিল্যাক।

(নকল)

টিউব রোজ, (পোমেড হইতে স্পিরিট দ্বারা এক্সঃ) ১ পাঁইট; অরেঞ্জ ফ্লাউয়ার (পোমেড হইতে স্পিরিট দ্বারা এক্সঃ সিকি পাঁইট; অটো অব য়্যাগণ্ড, ৩ ফোঁটা; এক্সঃ অব সিভেট, ৪ ড্রাঃ।

লিলি অব দি ভ্যালী।

এসেন্স অব টিউব রোজ	৮ আউন্স
এসেন্স অব জ্যাসমিন্	১ আঃ
এসেন্স অব অরেঞ্জ ফ্লাউয়ার	১ আঃ
এসেন্স অব ক্যাসি	২ আঃ
এসেন্স অব রোজ	২ আঃ
স্পিরিট অব রোজ	১ আঃ
টিংচার অব ভ্যানিলা	১ আঃ
অয়েল য়্যাগণ্ড (তিক্ত)	২ ফোঁটা

অন্যপ্রকার।

এক্সঃ অব জ্যাসমিন	১০০ ভাগ
,, অব ল্যাং ল্যাং	১৫ ভাগ
এলাচি দানা	৫ ভাগ
অয়েল অব ওরিস ফ্লাউয়ার	১০ ফোঁটা

যদি এলাচের গন্ধ বেশী হয় তবে অধিক পরিমাণে জ্যাসমিন দিবে।

মেরী ষ্টুয়ার্ট।

এক্সট্রাক্ট মাস্ক	৪ আউন্স
,, সিভেট	৪ ঐ
,, বেনজয়েন	৪ ঐ
,, অরেঞ্জ ফ্লাউয়ার	১৬ ঐ
,, অয়েল অব রোজ	৬০ ঐ
,, অয়েল বার্গমেট	৬০ ফোঁটা
এক্সঃ টঙ্কা	৪ আঃ
এলকোহল	১ গ্যালন
জল	১ পাঁইট

ম্যাগ্‌নোলিয়া, (১ নং)।

অটো রোজ	১ ড্রাম
অয়েল টার্কিস্ জেরানিয়াম	১ ঐ
এক্সঃ টঙ্কা	৪ আঃ
,, সিভেট	১ ঐ
,, মাস্ক	৩ ঐ
,, অরেঞ্জ ফ্লাউয়ার	৬ ঐ
,, ভ্যানিলা	৬ ঐ
এলকোহল	অৰ্দ্ধ গ্যালন
জল	৪ আঃ

ঐ, ২ নং।

অয়েল বার্গমেট	২ আঃ
এক্সঃ ভ্যানিলা	৮ ঐ
,, টঙ্কা	২ ঐ

এক্সঃ সিভেট	১ আঃ
,, বেনজয়েন	১ ঐ
এলকোহল	১ গ্যালন
জল	৩ পাঁইট

মিগ্‌নোনেট।

এক্সঃ ওরিস	১২ আঃ
,, টিউব রোজ	৪ ঐ
,, ভ্যানিলা	৪ ঐ
, মাস্ক	২ ঐ
অটো রোজ, (খাঁটি)	১ ড্রাম
অটো নিরোলি (উৎকৃষ্ট)	সিকি ঐ
অটো পাইমেণ্টো	২২ ফোঁটা
বেনজয়েক এসিড	১ ড্রাঃ

খাঁটী স্পিরিট, যে পরিমাণ দিলে চারি পাঁইট পুরা হয়।

মিলিফ্‌লুর। (হাজার ফুল)

বোকে ডি কেরোলিনের সহিত নিম্নলিখিত জিনিস কয়টি মিশ্রিত কর।

এক্সঃ অরেঞ্জ ফ্লাউয়ার	১ পাঁইট
,, সিভেট	১ আঃ
,, বেনজয়েন	১ আঃ

অন্যপ্রকার।

অটো রোজ (খাঁটী)	১ ড্রাম
,, রেড্‌ সিডার উড (আসল	১ ঐ
,, অরেঞ্জ (নূতন)	১ ঐ

অটো পাইমেণ্টো	৩০ ফোঁটা
এক্সঃ ওবিস	৬ আঃ
,, জ্যাস্মিন	২ আঃ
,, ষ্টোর্যাক্স	১ আঃ
,, টঙ্কা	৪ আঃ

খাঁটী স্পিরিট যে পরিমাণে দিলে ৪ পাঁইট পুরা হয়।

অন্যপ্রকার।

স্পিরিট অব রোজ	৬ আঃ
এসেন্স অব রোজ	১ আঃ
,, অব জ্যাসমিন	৪ আঃ
,, অব অরেঞ্জ ফ্লাউয়ার	২ আঃ
,, অব ক্যাসি	২ আঃ
টিংচার অব ওবিস	২ আঃ
,, অব টঙ্কা	৪ ড্রাঃ
,, অব এম্বারগ্রিস	৫ ঐ
,, অব মাস্ক	৪ ঐ
অয়েল য়্যামণ্ড (তিক্ত)	৫ ফোঁটা
অয়েল অব নিরোলি পেটাল	৩ ঐ
অয়েল অব ক্লোভস	৪ ঐ
অয়েল অব বার্গামেট	১২০ ঐ

টিংচার অব মাস্ক (মৃগনাভি)।

মৃগনাভি (দানা)	২ ড্রাম
গরম জল	১ আঃ
ডিওডারাইজড এলকোহল	১৬ আঃ

মৃগনাভি গরম জলে বেশ করিয়া পিসিয়া ঢাকা দিয়া ২ ঘণ্টা পর্য্যন্ত রাখ, পরে বোতলে পুরিয়া লও। কর্ক যেন খুব টাইট হয়।

মাস্ক।

টিংচার অব মাস্ক	১১ আঃ
স্পিরিট অব রোজ	৪ ঐ
টিংচার অব সিভেট	১ ঐ

অন্যপ্রকার।(অত্যন্ত মূল্যবান)

এক্সঃ মাস্ক	১ পাঁইট
,, ওরিস	৬ আঃ
,, ভ্যানিলা	২ ঐ
,, ষ্টোরাক্স	২ ড্রাঃ
অটো স্যাণ্ডাল	১ ঐ
,, বার্গমেট	২ ঐ
,, নিরোলি	১০ ফোঁটা
,, প্যাচৌলি	১২ ঐ
,, ল্যাভেণ্ডার (ইংলিস)	১৫ ঐ
,, সিনামন (খাঁটি)	৬ ঐ

আসল স্পিরিট যতটুকু দিলে ৪ পাঁইট পুরা হয়।

মাস্ক এক্সট্রাক্ট।

টিংচার মাস্ক	২ আঃ
টিংচার সিভেট	১ ঐ

রোজ অটো	১০ ফোঁটা
এলকোহল	১ আঃ

অন্যপ্রকার।

উৎকৃষ্ট আসল মৃগনাভি (দানা), ২ ড্রাঃ ; অর্দ্ধ আউন্স লাই-কার পটাসি ও ৪ আঃ প্রূফ স্পিরিটের সহিত বেশ করিয়া নাড়িয়া লও। যেন নরম হইয়া মিশিয়া যায়। পরে এক পাঁইট প্রূফ স্পিরিট মিশাইয়া বেশ করিয়া গুলিয়া লইয়া থিতাইতে দাও। থিতাইলে জলীয়অংশ বাহির করিয়া লইয়া তলার যে থিতান ভাগ থাকিবে, পুনরায় তাহাতে ঐরূপ ভাবে স্পিরিট দিয়া গুলিবে। যতক্ষণ পর্য্যন্ত না মৃগনাভি সম্পূর্ণরূপে গুলিয়া যাইবে, ততক্ষণ পর্য্যন্ত স্পিরিট মিশাইবে। কিন্তু সর্ব্বসমেত ৩ পাঁইটের উপর স্পিরিট না মিশান হয়। সম্পূর্ণরূপে মৃগনাভি গুলা হইলে ১৫ দিন পর্য্যন্ত এক স্থানে রাখিয়া দিবে ; মধ্যে মধ্যে নাড়িবে। পরে অবশিষ্ট জিনিস গুলি মিশাইবে।

অন্যপ্রকার।

মাস্ক দানা	২ ড্রাঃ
রেকটিফায়েড স্পিরিট (প্রূফের উপর ৫৬)	১ কোয়ার্ট
এসেন্স অর এম্বারগ্রিস (উৎকৃষ্ট)	২ আঃ

পূর্ব্বোক্ত প্রকারে মিশ্রিত কর।

এসেন্স অব মার্টল। (নকল)

এক্সঃ অব ভ্যানিলা	অর্দ্ধ পাঁইট
,, অব রোজেস	১ ঐ

এক্সঃ অব অরেঞ্জ ফ্লাউয়ার	অৰ্দ্ধ পাইট
,, অব টিউব রোজ	অৰ্দ্ধ ঐ
,, অব জ্যাসমিন	অৰ্দ্ধ আঃ

এক্সট্রাক্ট অব নারসিসাস্।

এক্সঃ অব টিউব রোজ	৩ পাইট
,, অব জনকুইল	২ ঐ
,, অফ ষ্টোর‍্যাক্স	২ ঐ
,, অফ টলু	সিকি ঐ

নিরোলি স্পিরিট।

অয়েল নিরোলি পেটাল	৪ ড্রাম
ডিওডারাইজড এলকোহল	১৬ আঃ

নিউ মৌন হে।

টিংচার টঙ্কা	৪ আঃ
টিংচার মাস্ক	১ ঐ
টিংচার বেনজয়েন	১ ঐ
রোজ স্পিরিট	১ ঐ
রোজ জেরানিয়াম অয়েল	৪০ ফোঁটা
অয়েল বার্গমেট	৪০ ফোঁটা
এলকোহল (রেক্‌টিফায়েড)	১ আঃ

অন্যপ্রকার।

টিংচার অফ টঙ্কা	১ আঃ
স্পিরিট অব রোজ	৩ ঐ

এসেন্স অফ রোজ	৩ আঃ
,, অফ জ্যাস্মিন	৩ ঐ
অয়েল অব নিরোলি পেটাল	১০ ফোঁটা
,, অফ রোজ জেরানিয়াম	৬০ ঐ
ডিওডারাইজড এলকোহল	৪ আং

অন্যপ্রকার।

এক্সঃ টঙ্কা	২৫ আঃ
,, মাস্ক	৬ ঐ
,, ওরিস	৮ ঐ
,, ভ্যানিলা	১ ঐ
,, ষ্টোর‍্যাক্স	১ ড্রাম
অটো বার্গমেট	১ ঐ
,, নিরোলি	১৫ ফোঁটা
,, রোজ (আসল)	১০ ঐ
,, ক্লোভস্	৬ ঐ
,, ল্যাভেণ্ডার, (ইংলিশ)	১০ ঐ
,, স্যাণ্ডাল	১ ড্রাম
বেনজয়েক্ এসিড	দেড় ড্রাম

খাঁটি স্পিরিট, চারি পাইন্ট পূর্ণ করিতে যতটুকু আবশ্যক)

অন্যপ্রকার।

অয়েল জেরানিয়াম, (পাতা হইতে)	২ ড্রাম
টার্কিস জেরানিয়াম	২ ঐ

এক্সঃ হোয়াইট রোজ	১ কোয়ার্ট
,, অরেঞ্জ ফ্লাউয়ার	১ পাঁইট
এক্সঃ টঙ্কা	৮ আঃ
এলকোহল	২ কোয়ার্ট
এক্সঃ ভ্যানিলা	৪ আঃ
জল	৪ ঐ
এক্সঃ মাস্ক	৪ ঐ

অন্যপ্রকার।

এক্সট্রাক্ট মস্ রোজ	১ আউন্স
টিংচার বেনজয়েন	১ ঐ
,, টঙ্কা	৪ ঐ
,, মাস্ক	১ ঐ
অটো রোজ জেরানিয়াম	৪০ ফোঁটা
,, বার্গমেট	৪০ ঐ
এলকোহল	১ ঐ

এই সমস্ত গন্ধদ্রব্যকে কোন নূতন নাম দিতে ইচ্ছা করিলে দিতে পার।

নাইট ব্লুমিং সিরিয়াস্।

স্পিরিট অফ রোজ	৪ আউন্স
এসেন্স অফ জ্যাসমিন্	৪ ঐ
টিংচার অফ টঙ্কা	২ ঐ
,, অফ সিভেট	২ ঐ
,, অফ বেনজয়েন	৪ ঐ

অন্যপ্রকার।

এক্সঃ ভ্যানিলা	৮ আউন্স
,, সিভেট	২ ঐ
,, বেনজয়ে	২ ঐ
অয়েল বার্গমেট	২ ঐ
এলকোহল	২ গ্যালন
জল	৩ পাঁইট

অরেঞ্জ।

কমলালেবুর গাছ হইতে ৫ প্রকার আবশ্যকীয় গন্ধদ্রব্য প্রস্তুত হয়। (১) আসল ফুলের গন্ধ পোমেড দ্বারা প্রস্তুত হয়। (২) অয়েল নিরোলি পেটাল, মিষ্টলেবুর ফুল বকযন্ত্রে সিদ্ধ করিয়া প্রস্তুত; অয়েল নিরোলি বাইগাবেড; তিক্ত লেবুর ফুল বকযন্ত্রে সিদ্ধ করিয়া প্রস্তুত। (৩) অয়েল নিরোলি পেটীট্ গ্রেণ; পাতা ও কাঁচা ফল বকযন্ত্রে সিদ্ধ করিয়া প্রস্তুত। (৪) অয়েল অরেঞ্জ, যাহাকে পটুগাল বলে, পাকাফল কাঁটাযুক্ত ধাতুপাত্রে, যাহাকে একুয়েলি বলে, গড়াইয়া তৈল বাহির করা। (৫) কমার্সিয়াল অয়েল অব অরেঞ্জ; লেবুর কোষ বকযন্ত্রে সিদ্ধ করিয়া প্রস্তুত হয়।

এসেন্স অফ অরেঞ্জ ফ্লাউয়ার।

অরেঞ্জ ফ্লাউয়ার পোমেড	১৬ আঃ
ডিওডারাইজড এলকোহল	১৬ ঐ

এসেন্স অফ ক্যাসি যে প্রকারে প্রস্তুত হয় সেই প্রণালীতে।

এসেন্স অব নিরোলি বা এসেন্স অব অরেঞ্জ ব্লসাম।

নিরোলি (খাঁটী)	অৰ্দ্ধ আউন্স
রেক্টিফায়েড্ স্পিরিট	১ পাঁইট

মিশ্রিত কর। পরে তাহাতে এক আউন্স এসেন্স অব জ্যাস্‌মিন্ বা জনকুইল বা ভায়োলেট মিশাইলে আরও উৎকৃষ্ট গন্ধ হয়।

অন্য প্রকার।

অয়েল অব অরেঞ্জপিল, (নূতন)	১ ড্রাম
নিরোলি	অৰ্দ্ধ ঐ
এম্বারগ্রিস	৫ বা ৬ ড্রাম
ওরিসমূল (থেঁতো)	সিকি আঃ
রেক্টিফায়েড্ স্পিরিট	অৰ্দ্ধ পাঁইট

১৪ দিন পর্য্যন্ত ভিজাইয়া রাখ।

ইহার গন্ধ পূর্ব্ববর্তীর ন্যায় তত উৎকৃষ্ট নয়।

অরেঞ্জ ফ্লাউয়ার এক্সট্রাক্ট।

এসেন্স অব অরেঞ্জ ফ্লাউয়ার	১২ আউন্স
ঐ অব ক্যাসি	২ ঐ
টিংচার অব মাস্ক	২ ঐ

অরেঞ্জ ফ্লাউয়ার স্পিরিট।

অরেঞ্জ ফ্লাউয়ার অটো	৪০ ফোঁটা
এলকোহল	৪ আউন্স

ওরিস্ টিংচার।

ওরিস্‌রুট চূর্ণ	২ আউন্স
এলকোহল	৪ ঐ

৭ দিন পর্য্যন্ত ভিজাইয়া ছাঁকিয়া লও।

একট্রাক্ট অফ ওরিস্।

খুব মিহি ওরিস্‌মূল চূর্ণ ৭ পাউণ্ড, এক গ্যালন খাঁটী এলকোহলে ভিজাইয়া প্রস্তুত কর।

প্যাচৌলি।

অয়েল অফ পাচৌলি	৭৫ ফোঁটা
অয়েল অফ রোজ	১৫ ঐ
ডিওডারাইজড এলকোহল	১৬ আঃ

অন্যপ্রকার।

অটো প্যাচৌলি	২ ড্রাম
,, স্যাণ্ডাল	৪০ ফোঁটা
,, রোজ (আসল)	৪০ ঐ
এক্সট্রাক্ট মাস্ক	৮ আউন্স
,, ওরিস্	৮ ঐ
,, ভ্যানিলা	৪ ঐ
,, ট্যোর্যাক্স	২ ড্রাম

খাঁটী স্পিরিট, ৪ পাঁইট পুরা করিতে যতটা আবশ্যক।

অন্যপ্রকার।

অটো প্যাচৌলি	২ ড্রাম
অটো রোজ	২০ ফোঁটা
এলকোহল	১৫ আউন্স

ঐ ১ নং।

অরেঞ্জ প্যাচৌলি	৬ আউন্স
এক্সঃ বেনজয়েন	২ ঐ
,, সিভেট	২ ঐ
,, অরেঞ্জ ফ্লাউয়ার	৪ ঐ
এলকোহল	১ গ্যালন
জল	২ আঃ

ঐ, ২ নং।

অয়েল প্যাচৌলি	১ আউন্স
এক্সঃ বেনজয়েন	১ ঐ
,, সিভেট	১ ঐ
এলকোহল	১ গ্যালন
জল	৩ পাইট

সুইট্ পি।

এসেন্স অফ টিউব রোজ	৫ আউন্স
,, অফ অরেঞ্জ ফ্লাউয়ার	৫ ঐ
,, অফ রোজ	৫ ঐ
টিংচার অফ টঙ্কা	১ ঐ

এসেন্স অফ্ পিচ্ ব্লসমাস্ ও এক্সট্রাক্ট অফ পিচ্ ব্লসমাস্।

অয়েল অবর্ণ্ডিমন, (নূতন)	১ ড্রাম
বালসাম অফ পেরু	১৫ গ্রেণ

এসেন্সিয়াল অয়েল অফ য়্যামণ্ড	৮ গ্রেণ
স্পিরিট অফ অরেঞ্জ ফ্লাউয়ার	২০ ড্রাম্
,, অফ জ্যাস্‌মিন	৫ ড্রাম
রেক্টিফায়েড স্পিরিট	৭ আউন্স

মিশাইয়া ১৫ দিন পর্য্যন্ত রাখিবে। মধ্যে মধ্যে নাড়িয়া দিবে। পরে ৭ দিন পর্য্যন্ত স্থিরভাবে রাখিয়া পরিস্কার অংশ বাহির করিয়া লইবে।

পিসিস্ পাস।

এক্সঃ অফ রোজ, (পোমেড হইতে) ১ পাঁইট; স্পিরিট অফ রোজ ট্রিপল, অর্দ্ধ পাঁইট; স্পিরিট অফ জ্যাস্‌মিন, (পোমেড হইতে) অর্দ্ধ পাঁইট; এক্সঃ অফ ভায়োলেট, (পোমেড হইতে) অর্দ্ধ পাঁইট; এক্সঃ অফ ভার্ব্বিনা, ২০ ড্রাম; এক্সঃ অফ ক্যাসি, ২০ ড্রাম; অটো অব লিমন, ২ ড্রাম; অটো অফ বার্গমেড, ২ ড্রাম; এক্সঃ অফ মাস্ক, ১ আঃ; এক্সঃ অফ এম্বারগ্রিস, ১ আঃ।

পাইমেণ্টো।

বকযন্ত্রে ইহার ফল সিদ্ধ করিয়া তৈল বাহির হয়।

ক্লোভস্ পিঙ্ক।

এক্সট্রাক্ট জ্যাস্‌মিন্	১২ আউন্স
,, ওরিস্	১২ ঐ
,, মাস্ক	৮ ঐ
অটো রোজ (আসল)	১ ড্রাম
,, ক্লোভস	২ ঐ

অটো নিরোলি	১ ড্রাম
,, পাইমেণ্টো	১০ ফোঁটা
,, প্যাচৌলি	২০ ঐ
,, স্যাণ্ডাল	২ ড্রাম
বেনজয়েক এসিড্‌	১ ড্রাম

খাঁটী স্পিরিট, চারি পাঁইট পুরা করিতে যতটা আবশ্যক।

অন্যপ্রকার।

এসেন্স অফ রোজ	৬ আউন্স
,, অফ ক্যাসি	৪ ঐ
স্পিরিট অরেঞ্জ ফ্লাউয়ার	৪ ঐ
টিংচার অফ ভ্যানিলা	২ ঐ
অয়েল অফ ক্লোভস্‌	১০ ফোঁটা
ক্লোভ স্পিরিট	২ ড্রাম
টিংচার ভ্যানিলা	অৰ্দ্ধ আউন্স
এসেন্স ভায়োলেট	অৰ্দ্ধ ঐ
স্পিরিট অরেঞ্জ ফ্লাউয়ার	১ ঐ
স্পিরিট রোজ	২ ঐ

সুইট্‌ পিঙ্ক।

অয়েল ল্যাং ল্যাং	১ ড্রাম
,, বার্গমেট্‌	২ ঐ
এক্সট্রাক্ট বেনজয়েন	২ ঐ
,, সিভেট্‌	২ ঐ
এক্সট্রাক্ট রোজ (পোমেড হইতে)	৮ আউন্স
এলকোহল	আড়াই কোয়ার্ট

রণ্ডোলেটিয়া।

টিংচার অফ মাস্ক	৪ ড্রাম
,, অফ এম্বারগ্রিস	৪ ঐ
,, অফ ভ্যানিলা	৪ ঐ
অয়েল অফ বার্গামেট	১ ঐ
,, অফ ল্যাভেণ্ডার	২ ঐ
,, অফ ক্লোভস্	১ ঐ
,, অফ রোজ	৩০ ফোঁটা
ডিওডারাইজড এলকোহল	১৪ আং

অন্যপ্রকার।

অটো ল্যাভেণ্ডার, (ইংলিশ)	১ আউন্স
,, ক্লোভস্	৪ ড্রাম
,, বার্গামেট	৪ ঐ
,, রোজ জেরানিয়াম (টার্কিস)	২ ঐ
,, সিনামম (আসল)	২০ ফোঁটা
,, স্যাণ্ডাল	১ ড্রাম
,, রোজ (আসল)	১০ ফোঁটা
এক্সঃ মাস্ক	২ আউন্স
,, ওরিস	৪ ঐ
,, ভ্যানিলা	২ ঐ
বেনজয়েক এসিড	১ ড্রাম

খাঁটী স্পিরিট চারি পাইট পুরা করিতে যতটুক আবশ্যক।

অন্যপ্রকার।

অটো, ল্যাভেণ্ডার (ইংলিস)	১ ড্রাম
,, ক্লোভস্	১৫ ফোঁটা
,, বার্গমেট	৩০ ঐ
টিংচার মাস্ক	২ ড্রাম
,, ভ্যানিলা	২ ঐ
,, এম্বারগ্রিস	২ ঐ
রোজ স্পিরিট	১০ ঐ
এলকোহল	৮ আউন্স

গোলাপ।

গোলাপ বাস্তবিকই ফুলরাণী। ফ্রান্স, ইটালী ও ভারতবর্ষে গন্ধ দ্রব্য প্রস্তুত জন্য ইহার রীতিমত চাষ হয়। ইহার তৈল বাহির করিতে হইলে ফুল বকযন্ত্রে সিদ্ধ করিয়া ৮০ ডিগ্রীতে জাল দিতে হয়। ৫০ ডিগ্রীতে তৈল বাহির হয়।

এসেন্স অফ্ রোজ।

রোজ পোমেড	১৬ আউন্স
ডিওডারাইজড এলকোহল	১৬ ঐ

যে প্রণালীতে ক্যাসি এসেন্স প্রস্তুত হয় সেই প্রণালীতে প্রস্তুত কর।

স্পিরিট অফ্ রোজ।

অয়েল অফ রোজ	২ ড্রাম
,, অব রোজ জেরানিয়াম	১ ঐ

ডিওডারাইজড এলকোহল	১৬ আউন্স

অয়েল অব রোজ জেরানিয়াম মিশাইলে গন্ধ স্থায়ী হয়।

অন্যপ্রকার।

অটো রোজ	৫০ ফোঁটা
,, রোজ জেরানিয়াম	৪০ ঐ
এলকোহল	৮ আউন্স

স্পিরিট ডি রোজ।

রোজ স্পিরিট	১ পাঁইট
এসেন্স অফ এম্বারগ্রিস	৩০ ফোঁটা
অয়েল অফ রোজ জেরানিয়াম	৬০ ঐ

অন্যপ্রকার।

অটো অব রোজেস্ (উৎকৃষ্ট)	৯০ ফোঁটা
নিরোলি	৩০ ঐ
রেক্টিফায়েড স্পিরিট (প্রুফের উপর ৫৬)	৫ পাঁইট

বেশ করিয়া নাড়িয়া মিশ্রিত কর, পরে তাহাতে ক্লোরাইড অফ ক্যালসিয়াম (চূর্ণ), পোণে এক পাউণ্ড পুনরায় বেশ করিয়া নাড়িয়া মিশ্রিত কর। পরে ষ্টীম হিটে গরম করিয়া ছাঁকিয়া লইয়া এক ড্রাম এসেন্স রয়াল মিশ্রিত কর।

এসেন্স অফ রোজেস্ (লাল)

রেড্ রোজ্ (শুষ্ক পাপ্ড়ি)	৬ আউন্স
প্রুফ স্পিরিট	১ কোয়ার্ট

১৪ দিন পর্য্যন্ত ভিজাইয়া রাখ। পরে বেশ করিয়া নাড়িয়া

পাপড়িগুলি ছাঁকিয়া ফেলিয়া দাও এবং এসেটিক এসিড ২ ড্রাম মিশাইয়া ২৪ ঘণ্টা স্থিরভাবে রাখিয়া ছাঁকিয়া লও।

এসেন্স অফ্ রোজেস্।

অটো অফ রোজেস্	২০ ড্রাম (ট্রয়)
এলকোহল	১ পাঁইট

মিশাইয়া বোতলটি একটি গরম জলের পাত্রে ৮৫ ডিগ্রী গরম হওয়া পর্য্যন্ত ডুবাইয়া রাখ। যতক্ষণ পর্য্যন্ত না ঠাণ্ডা না হয়, ততক্ষণ পর্য্যন্ত খুব জোরে নাড়িবে।

অন্যপ্রকার।

অটো অফ রোজেস্	১ ড্রাম
রেক্টিফায়েড স্পিরিট (প্রুফের উপর ৬৬)	১ পাঁইট

পূর্ব্ব প্রণালীতে প্রস্তুত কর।

মস্ রোজ।

এক্স: অফ রোজ, (পোমেড হইতে)	৪ পাঁইট
টার্কিস রোজ	৪ ড্রাম
অটো রোজ	৩০ ফোঁটা
এক্স: মাস্ক	১ আউন্স
,, সিভেট	৪ ড্রাম
,, বেনজয়েন	৪ ড্রাম
এলকোহল	অর্দ্ধ গ্যালন
জল	৪ আউন্স

অন্যপ্রকার।

রোজ স্পিরিট	৬ আউন্স
এসেন্স অরেঞ্জ ফ্লাউয়ার	১ ঐ
টিংচার এম্বারগ্রিস	১৫ ফোঁটা
,, মাস্ক	২ ড্রাম

অন্যপ্রকার।

স্পিরিট অফ্ রোজ	৯ আউন্স
এসেন্স অফ অরেঞ্জ ফ্লাউয়ার	৩ ঐ
,, অফ রোজ	২ ঐ
টিংচার অফ মাস্ক	১ ঐ

অন্যপ্রকার।

অটো রোজ, (খাঁটী)	২ ড্রাম
,, স্যাণ্ডাল	২ ঐ
এক্সট্রাক্ট অফ মাস্ক	১২ আউন্স
,, অফ ভ্যানিলা	৪ ঐ
,, অফ ওরিস্	২ ঐ
,, অফ জ্যাস্মিন্	৪ ঐ
বেনজয়েক্ এসিড্	১ ড্রাম

খাঁটী স্পিরিট চারি পাইণ্ট পূরা করিতে যতটুকু আবশ্যক।

টি রোজ।

এসেন্স অফ রোজ	৪ আউন্স
স্পিরিট অফ রোজ	৮ ঐ

স্পিরিট অফ স্যাণ্ডাল	২ আঃ
এসেন্স অফ অরেঞ্জ ফ্লাউয়ার	১ ঐ
টিংচার অফ ওরিস	১ ঐ
অয়েল অব রোজ জেরানিয়াম্	২০ ফোঁটা

এসেন্স অফ্ টি রোজ।

স্পিরিট অফ রোজ (পোমেড্ হইতে)	১ পাঁইট
,, অফ রোজ (ট্রিপল চুলাই)	১ ঐ
এক্সট্রাক্ট অফ রোজ জেরানিয়াম	১ ঐ
,, স্যাণ্ডাল উড্	৬ আউন্স
,, নিরোলি	৩ ঐ
,, ওরিস্	৩ ঐ

হোয়াইট রোজ।

অয়েল টার্কিস্ জেরানিয়াম	২ আউন্স
অয়েল বার্গমেট্	২ ঐ
এক্সট্রাক্ট বেনজয়েন	২ ঐ
,, ভ্যানিলা	২ ঐ
এলকোহল	২ গ্যালন
জল	৩ পাঁইট

অন্যপ্রকার।

স্পিরিট অফ রোজ (পোমেড হইতে)	১ কোয়ার্ট
,, অফ রোজ, ট্রিপল	১ ঐ
,, অফ ভায়োলেট	১ ঐ

এক্সঃ অফ জ্যাসমিন	১ পাঁইট
,, অফ প্যাচৌলি	অৰ্দ্ধ ঐ

অন্যপ্রকার।

স্পিরিট অফ রোজ	৮ আউন্স
এসেন্স অফ রোজ	৩ ঐ
,, অফ জ্যাসমিন	৪ ঐ
এক্সঃ অফ প্যাচৌলি	১ ঐ

অন্যপ্রকার।

অটো রোজ	২ ড্রাম
এক্সঃ অরেঞ্জ ফ্লাউয়ার	২ আউন্স
,, সিভেট	১ ঐ
,, বেনজয়েন	১ ঐ
,, ভ্যানিলা	৪ ড্রাম
টার্কিস রোজ	১ ঐ
এলকোহল	আড়াই কোয়ার্ট
জল	৪ আউন্স

অন্যপ্রকার।

অয়েল অফ রোজ	২ ড্রাম
,, অফ জেরানিয়াম	৩০ ফোঁটা
এসেন্স অফ রোজ	৪ আউন্স
ডিওডারাইজ ড এলকোহল	১৬ ঐ
এসেন্স অফ জ্যাসমিন	২ ঐ

টিংচার অফ মাস্ক	১ আঃ
,, অফ এম্বারগ্রিস	১ ঐ

অন্য প্রকার।

স্পিরিট মিশ্রিত রোজ	৪ আউন্স
এসেন্স ভায়োলেট	২ ঐ
জ্যাস্মিন ,,	২ ঐ
এক্সট্রাক্ট প্যাচৌলি	৪ ড্রাম

অন্যপ্রকার।

অটো রোজ (আসল)	২ ড্রাম
,, লাল সিডার উড্ (আসল)	৬ ফোঁটা
,, পাচৌলি	৪ ঐ
,, অরেঞ্জ (টাট্কা)	৩০ ফোঁটা
এক্সট্রাক্ট টিউব রোজ	২ আউন্স
,, ওরিস্	২ ঐ
,, জ্যাস্মিন	২ ঐ
,, মাস্ক	২ ঐ
বেনজয়িক এসিড্	১ ড্রাম

রোজ স্যাশাল।

অয়েল স্যাণ্ডাল	২ আউন্স
এলকোহল	অর্দ্ধ গ্যালন
হোয়াইট রোজ এক্সট্রাক্ট	অর্দ্ধ গ্যালন

স্যাণ্ডাল উড্ এক্সট্রাক্ট।

স্যাণ্ডাল উড্ অটো	৩ ড্রাম
,, রোজ অটো	২০ ফোঁটা
এলকোহল	৮ আউন্স

স্যাণ্ডাল অয়েল।

কাঠ চোলাই করিয়া তৈল বাহির করা হয়।

স্পিরিট অফ স্যাণ্ডাল।

অয়েল অফ স্যাণ্ডাল উড্	২ ড্রাম
ডিওডোরাইজড্ এলকোহল	১৬ আউন্স

টঙ্কা।

ইহা আমেরিকা দেশজাত এক বৃহৎ গাছের ফল। কাঁচা অবস্থায় ইহা অত্যন্ত সুগন্ধ। নস্যে গন্ধ করিবার জন্য ইহার ব্যবহার হয়। কেহ কেহ ভ্যানিলা নকল করিবার জন্য ইহার ব্যবহার করেন।

টিংচার অফ টঙ্কা।

টঙ্কা ফল	৬ আউন্স
ডিওডোরাইজড এলকোহল	আবশ্যক মত।

ফলগুলি থেঁতো করিয়া এলকোহলে ভিজাইয়া ৩০ দিন পর্য্যন্ত স্থির ভাবে রাখ। বোতলের কর্ক (ছিপি) যেন খুব ভাল করিয়া বন্ধ থাকে। পরে ছাঁকিয়া লইবে।

স্প্রিং ফ্লাউয়ারস্।

এক্সঃ ওরিস্	৪ আউন্স
,, জ্যাসমিন	৪ ঐ

এক্সঃ মাস্ক	৪ আঃ
অটো বার্গমেট	২ ড্রাম
,, নিরোলি	৩০ ফোঁটা
,, ভার্ব্বিনা (আসল)	১০ ঐ
,, লাল সিডার উড্ (আসল)	১ ড্রাম
বেনজয়িক এসিড্	১ ঐ

খাঁটী স্পিরিট চারি পাঁইট পুরা করিতে যতটুকু আবশ্যক।

অন্যপ্রকার।

এসেন্স অব রোজ	৭ আউন্স
,, অফ ভায়োলেট	৬ আঃ
অয়েল অফ বার্গমেট	১ ড্রাম
স্পিরিট অফ রোজ	১ আঃ
টিংচার অফ এম্বারগ্রিস	১ ঐ
এসেন্স অব ক্যাসি	১ ঐ

অন্যপ্রকার।

এক্সঃ অফ রোজ	১ পাঁইট
,, অফ ভায়োলেট (পোমেড হইতে)	১ ঐ
,, রোজ ট্রিপল	২০ ড্রাম
,, ক্যাসি	২০ ঐ
অটো বার্গমেট	২ ঐ
এক্সঃ এম্বারগ্রিস	১ আঃ

অন্যপ্রকার।

এসেন্স রোজ	২ আঃ
,, টিউব রোজ	২ ঐ

রোজ স্পিরিট	২ আঃ
টিংচার মাস্ক	৪ ড্রাম
,, এম্বারগ্রিস	১২ ঐ
ক্লোভ অটো	১০ ফোঁটা
বার্গমেট অটো	৩০ ঐ

ষ্টিফানোটিস্।

এক্সঃ অফ ক্যাসিয়া	১১৪ গ্রেণ
,, অফ টিউব রোজ	১১৩ গ্রেণ
,, অফ জ্যাসমিন	৫৬ গ্রেণ
,, অফ মাস্ক	২২৬ গ্রেণ
,, অফ ওরিস্	২২৬ গ্রেণ
,, অফ টঙ্কা	৮৬ গ্রেণ
এসেন্স অব রোজেস্	১ গ্রেণ
,, অফ নিরোলি	১ গ্রেণ
বেনজয়িক এসিড	১ গ্রেণ
এলকোহল	২ লিটার

অন্যপ্রকার।

এক্সঃ অফ ক্যাসিয়া	৪ আউন্স
,, অফ টিউব রোজ	৪ আঃ
অফ জ্যাসমিন	২ আঃ
,, অব মাস্ক	৮ আঃ
,, ওরিস	৮ আঃ

এক্সঃ অফ টঙ্কা	৩ আঃ
অটো রোজ (আসল)	১ ড্রাম
,, নিরোলি	৩০ ফোঁটা
বেনজয়িক এসিড	১ ড্রাম

খাঁটি স্পিরিট, চারি পাঁইট পূরা করিতে যতটুকু আবশ্যক।

ষ্টোলন কিসেস্।

এক্সট্রাক্ট জনকুইল, এক্সট্রাক্ট ওরিস, প্রত্যেক ১ পাঁইট এক্সট্রাক্ট টনকুইন, এক্সট্রাক্ট রোজ ট্রিপল, এক্সট্রাক্ট একেসিয়া প্রত্যেক ১ পাঁইট; এক্সঃ সিভেট, এক্সঃ এম্বারগ্রিস প্রত্যেক সিকি পাঁইট; অটো অফ সিট্রোনেলা, এক ড্রাঃ; অটো অফ ভার্ব্বিনা, অর্দ্ধ ডাঃ।

এক্সট্রাক্ট টঙ্কা।

এক পাউণ্ড টঙ্কাফল থেঁতো করিয়া এক গ্যালন এলকোহলে ক্রমান্বয়ে ভিজাইয়া ছাঁকিয়া লও।

টালিপ নোজগে।

এক্সঃ টিউব রোজ, এক্সঃ ভায়োলেট, এক্সঃ জ্যাসমিন, (পোমেড হইতে) প্রত্যেকে এক পাঁইট; এক্সঃ রোজ, অর্দ্ধ পাইট; এক্সঃ ওরিস, ৩ আউন্স; অটো অব ন্যাগও ৩ ফোঁটা।

এক্সট্রাক্ট ষ্টোর্যাক্স।

৮ ড্রাম্ ষ্টোর্যাকস বালসাম এক পাঁইট এলকোহলে গুলিয়া লও।

ম্ব্রয়েভ।

এক্সঃ টিউব রোজ, এক্সঃ জ্যাসমিন, এক্সঃ ক্যাসি ও এক্সঃ রোজ, সমস্ত পোমেড হইতে ও প্রত্যেকে ১ পাঁইট করিয়া; এক্সঃ ভ্যানিলা, ৫ আঃ; এক্সঃ মাস্ক, এক্সঃ এম্বারগ্রিস, প্রত্যেক ২ আঃ; অটো অফ বার্গমেট, সিকি আঃ; অটো অফ ক্লোভস ১ ড্রাম।

এক্সট্রাক্ট অফ টন্‌কুইন বিনস্।

এক পাউণ্ড টন্‌কুইন ফল এক গ্যালন এলকোহলে এক মাস পর্য্যন্ত ভিজাইয়া গ্রীষ্মকালের রৌদ্রে রাখ।

এসেন্স অফ টিউব রোজ।

টিউব রোজ পোমেড	১৬ আউন্স
ডিওডোরাইজড এলকোহল	১৬ ঐ

ক্যাসি এসেন্স প্রণালীতে প্রস্তুত কর।

অন্যপ্রকার।

এক্সঃ টিউব রোজ	২৪ আউন্স
,, মাস্ক	৪ ঐ
,, জ্যাসমিন	১ ঐ
অটো রোজ (আসল)	১ ড্রাম
,, নিরোলি	১০ ফোঁটা
বেন্‌জয়িক এসিড	২ ড্রাম

খাঁটী স্পিরিট, চারি পাঁইট পুরা করিতে যতটুকু আবশ্যক।

অন্যপ্রকার।

এসেন্স টিউব রোজ	৪ আউন্স
টিংচার ওরিস	৪ ড্রাম
,, এম্বারগ্রিস	৪ ঐ

অন্যপ্রকার।

এসেন্স অফ টিউব রোজ	১৫ আউন্স
টিংচার অফ এম্বারগ্রিস	১ ঐ

অন্যপ্রকার।

এক্সঃ টিউব রোজ, (পোমেড হইতে)	৮ পাঁইট
আসল সিনামন	৮ ফোঁটা
অয়েল বার্গমেট	৪ ড্রাম

আপার টেন।

টিংচার অফ ভ্যানিলা	৪ আউন্স
,, অফ এম্বারগ্রিস	৩ ঐ
,, অফ ওরিস	৩ ঐ
স্পিরিট অফ রোজ	৩ ঐ
এসেন্স অফ অরেঞ্জ ফ্লাউয়ার	৩ ঐ
অয়েল অফ বার্গমেট	৯০ ফোঁটা
অয়েল অফ লিমন	১৫ ঐ

টিংচার অফ ভ্যানিলা।

ভ্যানিলা ফল	১ আউন্স
পরিষ্কার চিনি	১ ঐ
ডিওডোরাইজড এলকোহল	১৬ ঐ

প্রথমে ফলগুলি টুকরা টুকরা করিয়া কাট এবং সেইগুলি চিনির সহিত থেঁতো করিয়া এলকোহলে ৩০ দিন পর্য্যন্ত ভিজাইয়া রাখ। পরে ছাঁকিয়া লও।

এসেন্স ডি ভ্যানিলি, ডবল।

ভ্যানিলা	১২ আউন্স
ক্লোভস্	৩০ গ্রেণ
এম্বার গ্রিস	৭ ঐ
মাস্ক (দানা)	৭ ঐ
স্পিরিট ডি এম্বেট	১ পাঁইট
রেক্টিফায়েড্ স্পিরিট	১ ঐ

ভ্যানিলা টিংচার।

ভ্যানিলা ফল	৬ ড্রাম, (ট্রয়)
এলকোহল	১ পাঁইট

ভ্যানিলাকে থেতো করিয়া মৃদু আঁচে ৪ ঘণ্টা পর্য্যন্ত সিদ্ধ করিয়া ছাঁকিয়া লও।

ভার্ব্বিনা।

অয়েল অফ লিমনগ্র্যাস	৫০ ফোঁটা
,, অফ লিমন	৩২০ ঐ
,, অফ নিরোলি পেটাল	২০ ঐ
,, অফ অরেঞ্জ	১৬০ ঐ
এসেন্স অফ অরেঞ্জ ফ্লাউয়ারস্	৩ আউন্স
,, অফ টিউব রোজ	৩ ঐ
স্পিরিট অফ রোজ	৩ আঃ
ডিওডোরাইজড এলকোহল	৬ ঐ

অন্যপ্রকার।

অয়েল অফ লিমনগ্র্যাস	৩ ড্রাম
,, অফ লিমন	৪ ঐ
,, অফ অরেঞ্জ	৩০ ফোঁটা
ডিওডোরাইজড এলকোহল	১৫ আউন্স

অন্যপ্রকার।

অয়েল লিমনগ্র্যাস	৩ আউন্স
,, বার্গমেট	২ ঐ
এক্সট্রাক্ট সিভেট	১ ঐ
,, বেনজয়েন	২ ঐ
এলকোহল	২ গ্যালন
জল	৩ পাইট

অন্যপ্রকার।

মিশ্রিত ভার্ব্বিনা অটো, (আসল)	১ ড্রাম
লিমন অটো	১ ঐ
এলকোহল	৮ আউন্স

অন্যপ্রকার।

এলকোহল, ১ পাঁইট; অটো লিমনগ্রাস, ৩ ড্রাম; অটো অফ লিমন পিল, ২ আউন্স; অটো অফ অরেঞ্জ পিল, ৪ ড্রাম।

এক্সট্রাক্ট ডি ভারভিইন।

এলকোহল, ১ পাঁইট; অটো অফ অরেঞ্জ পিল, ১ আউন্স; অটো অফ লিমন পিল, ২ আউন্স; অটো অফ সিট্রল জেষ্ট,

১ ড্রাম ; অটো অফ লিমনগ্রাস, ১৫০ ফোঁটা ; এক্সট্রাক্ট অফ অরেঞ্জ ফ্লাউয়ার, ৭ আঃ ; এক্সট্রাক্ট অব টিউব রোজ, অর্দ্ধ পাঁইট।

ভিক্টোরিয়া।

অটো রোজ, (আসল)	২ ড্রাম
,, নিরোলি	২ ঐ
,, বার্গমেট	৪ ঐ
,, করিয়াণ্ডার	১৬ ফোঁটা
,, পাইমেণ্টো	২৪ ঐ
,, ল্যাভেণ্ডার, (ইংলিস)	১৬ ঐ
এক্সট্রাক্ট জ্যাসমিন	২ আউন্স
,, ওরিস	১৬ ঐ
,, মাস্ক	২ ঐ
বেনজয়েক এসিড্	২ ঐ

খাঁটি স্পিরিট, চারি আউন্স পূরা করিতে যতটুকু আবশ্যক।

এসেন্স অফ ভায়োলেট।

ভায়োলেট পোমেড্	১৬ আউন্স
এলকোহল ডিওডোরাইজড	১৬ ঐ

অন্যপ্রকার।

এক্সঃ ভায়োলেট, (পোমেড হইতে)	৪ পাঁইট
,, ওরিস	৪ ঐ
,, অরেঞ্জ ফ্লাউয়ার	২ আউন্স
,, ক্যাসি	২ ঐ

এক্সঃ ল্যাং ল্যাং	১ ড্রাম
অটো রোজ	৩০ ফোঁটা
,, সিভেট	১ আউন্স
,, বার্গমেট্	১ ড্রাম
জল	৪ আউন্স

অন্যপ্রকার।

ল্যাং ল্যাং	১ পাঁইট
এক্সঃ ক্যাসি, (পোমেড্ হইতে)	৮ আউন্স
,, সিভেট্	২ ঐ
,, ভ্যানিলা	৪ ঐ
,, ওরিস্	১ পাঁইট
এলকোহল	২ গ্যালন
জল	৩ পাঁইট

অন্যপ্রকার।

এসেন্স অফ ভায়োলেট	১ আউন্স
,, অফ ক্যাসি	২ ঐ
টিংচার অব মাস্ক	১ ঐ
,, অব ওরিস	২ ঐ

অন্যপ্রকার।

এসেন্স অফ ক্যাসি	৬ আউন্স
,, অফ রোজ	৩ ঐ
,, অফ টিউব রোজ	৩ ঐ

টিংচার অফ ওরিস	৩ আঃ
স্পিরিট অফ য্যামণ্ড (তিক্ত)	১ ঐ

ভায়োলেট একট্রাক্ট।

ভায়োলেট এসেন্স	৪ আউন্স
ক্যাসি ,,	১ ঐ
রোজ ,,	৩ ড্রাম
টিংচার ওরিস	১ আউন্স
এম্বারগ্রিস ,,	২ ড্রাম
সিভেট ,,	২ ঐ
য্যামণ্ড স্পিরিট	২০ ফোঁটা

অন্যপ্রকার।

এক্সঃ ওরিস	২ পাঁইট
,, টিউব রোজ	৪ আউন্স
,, ভ্যানিলা	৩ আঃ
,, মাস্ক	৩ আঃ
,, টঙ্কা	২ আঃ
অটো রোজ, (আসল)	১ ড্রাম
,, নিরোলি	৪০ ফোঁটা
,, পাইমেন্টো	১২ ঐ
,, বার্গমেট	১ ঐ
বেনজয়িক এসিড	১ ড্রাম

খাঁটি স্পিরিট, চারি পাঁইট পুরা করিতে যতটুকু আবশ্যক;

উড্ ভায়োলেট।

এক্সঃ অফ ভায়োলেট (২নং)	১৬ আউন্স
অয়েল অফ র‍্যাগণ্ড (তিক্ত)	১৫ ফোঁটা

অন্যপ্রকার।

এক্সঃ অব ওরিস	১২ আউন্স
,, অব টিউব রোজ	২ আঃ
,, অব জ্যাসমিন্	১ আঃ
,, অব মাস্ক	৪ আঃ

ভিটিভার্ট স্পিরিট।

মিশ্রিত ভিটিভার্ট অটো	৩০ ফোঁটা
এলকোহল	৪ আঃ

(থস্ থস্‌কে ভিটিভার্ট বলে।)

স্পিরিট অফ ভিটিভার্ট।

অয়েল অব ভিটিভার্ট	৩০ ফোঁটা
ডিওডোরাইজড এলকোহল	৪ আঃ

এসেন্স অফ ভালকা মেরিয়া।

স্পিরিট অব ভায়োলেট, ১ পাঁইট; স্পিরিট অব টিউব রোজ, ১ পাঁইট; স্পিরিট অব জ্যাসমিন, সিকি পাঁইট; স্পিরিট অব রোজ, অর্দ্ধ পাঁইট; এসেন্স অব মাস্ক, ২ আউন্স।

রাইফল ভলণ্টিয়ারস্ গারলাণ্ড।

এলকোহল, ১ পাঁইট; অটো অব নিরোলি, অটো অব রোজ, অটো অব ল্যাভেণ্ডার, অটো অব বার্গমেট, প্রত্যেকে

২ ড্রাম ; অটো অব ক্লোভস, ৮ ফোঁটা ; এক্সঃ অব ওরিস, ১ পাইট, এক্সঃ অব জ্যাসমিন, এক্সঃ অব ক্যাসি, প্রত্যেকে সিকি পাইট ; এক্সঃ অব মাস্ক ও এম্বারগ্রিস, প্রত্যেকে ১২ ড্রাম ,

এসেন্স অফ উড্ ফ্লাউয়ার।

এক্সঃ অফ অরেঞ্জ ফ্লাউয়ার, ১ পাঁইট ; এক্সঃ ভ্যানিলা, অর্দ্ধ পাঁইট, স্পিরিট অব রোজ, ১ পাঁইট ; এক্সঃ অব ওরিস্, অর্দ্ধ পাঁইট ; এক্সঃ অব ক্যাসি, অর্দ্ধ পাঁইট ; এসেন্সিয়াল অয়েল অব ব্যামণ্ড, ৫ ফোঁটা।

তিন সপ্তাহ পর্য্যন্ত স্থিরভাবে রাখ।

ওয়েষ্ট এণ্ড।

এক্সঃ অব ওরিস	১২ আউন্স
,, অব জ্যাসমিন	৪ ঐ
,, অব মাস্ক	৮ ঐ
,, ক্যাসিয়া	৪ ঐ
,, অব ষ্টোর্যাক্স	১ ঐ
অটো বার্গমেট	৩ ড্রাম
,, ভার্ব্বিনা (আসল)	১৫ ফোঁটা
,, নিরোলি	৩০ ঐ
,, রোজ, (আসল)	১ ড্রাম
,, রেড্ সিড্রাট উড্ (আসল)	১ ঐ
বেনজয়িক এসিড্	১ ঐ

খাঁটী স্পিরিট চারি আউন্স পুরা করিতে যতটুকু আবশ্যক।

অন্যপ্রকার।

মিশ্রিত গো[illegible] [illegible]রিট	৩ আঃ
বেনজয়েন টিংচার	১ ঐ
মাস্ক টিংচার	১ ঐ
ভার্ব্বিনা এক্সঃ	৪ ড্রাম
সিভেট টিংচার	৪ ঐ
স্যাণ্ডাল উড্ অটো	১০ ফোঁটা

অন্য প্রকার।

রোজ স্পিরিট	৬ আঃ
ভার্ব্বিনা এক্সঃ	১ ঐ
বেনজয়েন টিংচার	২ ঐ
সিভেট্ টিংচার	১ ঐ
মাস্ক	২ ঐ
স্যাণ্ডাল অয়েল	২০ ফোঁটা

ল্যাং ল্যাং।

ফুলকে চোলাই করিলে তৈল বাহির হয়।

স্পিরিট অব ল্যাং ল্যাং।

ল্যাং ল্যাং অয়েল	৩ ড্রাম
ডিওডোরাইজড এলকোহল	১৬ আঃ

ল্যাং ল্যাং

এক্সঃ টঙ্কা	৩ আঃ
,, মাস্ক	৪ ঐ

এক্সঃ টিউব রোজ	৪ আং
,, ক্যাসিয়া	৪ ঐ
,, ওরিস	৮ ঐ
অটো অরেঞ্জ, (নূতন)	২ ড্রাম
,, নিরোলি	৩০ ফোঁটা

খাটী স্পিরিট চারি পাঁইট পুরা করিতে যতটুকু দরকার।

অন্যপ্রকার।

স্পিরিট অব ল্যাং ল্যাং	৮ আঃ
,, অব রোজ	৪ ঐ
এসেন্স অব জ্যাসমিন	২ ঐ
টিংচার অব সিভেট	২ ঐ

অন্যপ্রকার।

অয়েল ল্যাং ল্যাং	২ ড্রাম
এক্সট্রাক্ট অরেঞ্জ ফ্লাউয়ার	২ আঃ
,, সিভেট	১ ঐ
,, লেমনগ্রেস	১ ঐ
,, ভ্যানিলা	৪ ড্রাম
অয়েল অব টার্কিস রোজ	১ ঐ
এলকোহল	২॥০ কোয়ার্ট
জল	৪ আঃ

অন্যপ্রকার।

মিশ্রিত ল্যাং ল্যাং অটো	৮০ ফোঁটা
এলকোহল	৮ আঃ

অন্যপ্রকার।

মিশ্রিত প্যাং ন্যাং স্পিরিট	৮ আঃ
জ্যাস্মিন এসেন্স	৮ ঐ

ইউ।

গন্ধ দ্রব্যে যে ইউ ব্যবহার হয়, সে গুলি হয় এসেন্সিয়াল অয়েল স্পিরিটে গোলা, না হয় গন্ধ দ্রব্য জলে চোলাই করিয়া তৈল বা অটো বাহির করিয়া লইবার পর যে জল অবশিষ্ট থাকে তাহাকে "ইউ বলে"।

ইউ ডি এঞ্জি।

এঞ্জেল ওয়াটার বা পর্টুগিজ ওয়াটার।

ইউ অব রোজ	অর্দ্ধ পাঁইট
,, অব অরেঞ্জ ফ্লাউয়ার	অর্দ্ধ পাঁইট
,, অব মাটল	সিকি ঐ
এসেন্স অব এম্বারগ্রিস	২ ড্রাম
,, অব মাস্ক	১ ঐ

কয়েক ঘণ্টা ধরিয়া বেশ করিয়া নাড়িতে থাক ও তাহার পর কিছুদিন মধ্যে মধ্যে নাড়িবে। বোতলটী ভাল করিয়া ছিপি বন্ধ করিয়া কোন এক গরম ঘরে রাখিবে এবং শেষে ছাঁকিয়া লইবে।

ইউ ডি আস্পাম্।

এলকোহল	৪০০ ভাগ
অয়েল অব বার্গমেট	৯॥ ভাগ

অয়েল সিড্রাট	৯॥ ভাগ
অয়েল অব অরেঞ্জ ব্লসাম	৯॥ ভাগ
পর্টুগাল অয়েল	পৌণে ১ ভাগ
অয়েল অব লিমন	পৌণে ১ ভাগ
অয়েল অব ওয়ারম উড্	২ ভাগ
অয়েল অব ক্লোভস্	১ ভাগ

ইউ ডি কলোঁ।

অয়েল অব বার্গমেট	১৫০ ফোঁটা
,, অব লিমন	৬০ ঐ
,, পর্টুগাল	৫০ ঐ
,, অব নিরোলি	২০ ঐ
,, অব পেটিটগ্রেণ	১০ ঐ
,, অব ল্যাভেণ্ডার (ইংলিস)	২০ ঐ
,, অব রোজমেরি	১০ ঐ
,, অব মেলিসা	৫ ঐ
উৎকৃষ্ট স্পিরিট	৩০ আঃ
রোজ ওয়াটার	১৪ ড্রাম
অরেঞ্জ ফ্লাউয়ার ওয়াটার	১৪ ঐ

অন্যপ্রকার।

অয়েল অব বার্গমেট	১১০ ফোঁটা
,, অব লিমন	৫০ ঐ
,, অব পর্টুগাল	৩০ ঐ

অয়েল অব পেটিটগ্রেণ	১০ ফোঁটা
,, ল্যাভেণ্ডার	২৫ ঐ
,, অব রোজমেরী	১৫ ঐ
উৎকৃষ্ট স্পিরিট	৩০ আঃ
রোজ ওয়াটার	৯ ড্রাম
অরেঞ্জ ফ্লাউয়ার ওয়াটার	৯ ঐ
ডিষ্টিল্ড ওয়াটার	৯ ঐ

তৈলগুলি স্পিরিটে মিশাইয়া বেশ করিয়া নাড়িয়া দিন কয়েক রাখিয়া দিবে। মধ্যে মধ্যে নাড়িবে। পরে জল গুলি মিশাইয়া আবার কিছুদিন রাখিয়া দিবে। যদি দেখ যে পরিষ্কার হয় নাই, তাহা হইলে ছাঁকিয়া লইবে।

অন্যপ্রকার।

অয়েল অব পর্টুগাল	১৮০ ফোঁটা
,, অব বার্গমেট	১৮০ ঐ
,, অব সিড্রাট	১২০ ঐ
,, অব লিমন	১২০ ঐ
,, অব নিরোলি	১৯০ ঐ
,, অব পেটিটগ্রেণ	১২০ ঐ
,, অব রোজমেরী	২৪০ ঐ
উৎকৃষ্ট স্পিরিট	১০ আউন্স

স্পিরিটে তৈল গুলি মিশাইয়া চোলাই করিলে উৎকৃষ্ট ঘন "ইউ ডি কলোঁ" প্রস্তুত হয়। যতটা পরিমাণ হইবে তাহার দশগুণ স্পিরিট মিশাইলে পাতলা "ইউ ডি কলোঁ" হয়। চোলাই

করিবার পূর্ব্বে ১৪ দিন পর্য্যন্ত ভিজাইয়া রাখিবে ও মধ্যে মধ্যে নাড়িবে।

অন্যপ্রকার।

অয়েল অব বার্গামেট	৩১৫ ফোঁটা
,, অব সিড্রেট্	৬০ ঐ
,, অব লিমন	৬০ ঐ
,, অব ল্যাভেণ্ডার	৩০ ঐ
,, অব পর্টুগাল	৬০ ঐ
,, অব নিরোলি	৭৫ ঐ
,, অব রোজমেরী	৭৫ ঐ
উৎকৃষ্ট এলকোহল	৬২ আঃ

মিশাইয়া চোলাই কর। তাহার পর তাহাতে আড়াই আউন্স মেলিসা ওয়াটার ও ৫ আউন্স অরেঞ্জ ফ্লাউয়ার ওয়াটার মিশাইয়া পুনরায় চোলাই কর।

অন্যপ্রকার।

অয়েল অব নিরোলি	১০ ফোঁটা
,, অব লিমন	৪০ ঐ
,, অব বার্গামেট	৫০ ঐ
,, অব সিড্রাট্	১৫ ঐ
,, অব ল্যাভেণ্ডার	১৮ ঐ
,, অব রোজমেরী	১০ ঐ
মেলিসা ওয়াটার	৩৬ ড্রাম
উৎকৃষ্ট এলকোহল	৩০ আউন্স

একটি কাচের পাত্রে (রিটর্ট) তৈলগুলি এলকোহলে বেশ করিয়া নাড়িয়া ভিজাইয়া দেও। পরে ঐ পাত্রের মুখ বন্ধ করিয়া দুই দিন অল্প গরমে রাখ। তাহার পর ২৪ ঘণ্টা পর্য্যন্ত ঐ পাত্র একটি ঠাণ্ডা স্থানে রাখিয়া কাগজে ছাঁকিয়া লও।

অন্যপ্রকার।

খাঁটী এলকোহল	৬ গ্যালন
অয়েল অব নিরোলি	৪ আউন্স
,, অব রোজমেরী	২ ঐ
,, অব অরেঞ্জ	৫ ঐ
,, অব সিট্রন	৫ ঐ
,, অব বার্গমেট্	২ ঐ

নাড়িয়া মিশ্রিত করিয়া ১৪ দিন পর্য্যন্ত একস্থানে স্থিরভাবে রাখিবে।

অন্যপ্রকার।

খাঁটী এলকোহল	৬ গ্যালন
অয়েল অব নিরোলি	২০ ড্রাম
,, অব রোজমেরী	২ আউন্স
,, অব অরেঞ্জ পিল	৪ ঐ
,, অব লিমন	৪ ঐ
,, বার্গমেট্	৪ ঐ

পূর্ব্বোক্ত প্রণালীতে প্রস্তুত কর।

উত্তম অথচ সস্তা ইউ ডি কলোঁ।

অয়েল অব বার্গামেট্	১ ড্রাম
,, অব অরেঞ্জ	১ ঐ
,, রোজমেরী	১ ঐ
অরেঞ্জ ফ্লাউয়ার ওয়াটার	১ পাঁইট
এলকোহল	১ ঐ
কার্ডামম্ (দানা)	১ ড্রাম

এক পাঁইট হওয়া পর্য্যন্ত চোলাই কর।

অন্যপ্রকার।

এঞ্জেলিকা মূল	১০ গ্রেণ
ক্যাম্ফর (কর্পূর)	১৫ ঐ
ক্যাসিয়া লিগনি	২০ ঐ
ক্লোভস্	২০ ঐ
মেস্	২০ ঐ
নাট্মেগস	২০ ঐ
ওয়ারম উড্ (পাতা)	২০ ঐ
ক্যালামাস এরোম্যাটিকাম্	অর্দ্ধ ড্রাম (টিং)
সেজ	অর্দ্ধ ড্রাম
অরেঞ্জ ফ্লাউয়া	১ ড্রাম
ল্যাভেণ্ডার ফ্লাউয়া	দেড় ড্রাম
রোজ পেটালাম্	৩ ড্রাম, (টিং)
ভায়োলেট	৩ ড্রাম (টিং)

বাম মিণ্ট	১ আউন্স
স্পিপারমিণ্ট	১ ঐ
লিমনন্ (লেবু টুকরা করা)	২ টা
অরেঞ্জস্ (ঐ)	২ টা
রেক্টিফায়েড্ এলকোহল	৫ গ্যালন

কঠিন দ্রব্যগুলি থেঁতো করিয়া স্পিরিটে ভিজাইয়া দিবে। ২।৩ দিন সর্ব্বদা নাড়িবে। পরে চোলাই করিবে। ঐ চোলাই করা জিনিসে—

অয়েল অব বার্গমেট্	১ আউন্স
,, অব জ্যাস্মিন (এসেন্সিয়াল)	১ ঐ
,, অব বাম মিণ্ট	১ ড্রাম
,, অব সিড্রাট্	১ ঐ
,, অব ল্যাভেণ্ডার	১ ঐ
,, অব লিমন	১ ঐ
নিরোলি, (আসল)	২০ ফোঁটা
এসেন্স, অব এনিসিড্ (মৌরী)	২০ ঐ

মিশাইয়া যে পর্য্যন্ত না সম্পূর্ণরূপে মিশাইয়া যায়, সে পর্য্যন্তবেশ করিয়া নাড়িবে। ২৪ ঘণ্টা পরে আবশ্যক হইলে ছাঁকিয়া লইবে।

অন্যপ্রকার।

(গ্যালিন কোর্ট)

নিরোলি	২৪ ফোঁটা
অয়েল অব বার্গমেট্	২৪ ঐ
,, অব সিড্রাট্	২৪ ফোঁটা

অয়েল অব লিমন	২৪ ফোঁটা
,, অব অরেঞ্জ	২৪ ঐ
,, অব রোজমেরী	২৪ ঐ
কার্ডামিম্ (দানা, চূর্ণ)	২ ড্রাম
এলকোহল (প্রুফের উপর ৩২ বা ৩৬	১ পাঁইট

কিছুদিন ভিজাইয়া রাখিয়া চোলাই করিয়া লইবে।

অন্যপ্রকার।

(প্যারি কোর্ডে)।

অয়েল অব সিনামন	৬ ড্রাম	(ট্রয়
,, অব ল্যাভেণ্ডার	১২ ঐ	ঐ
,, রোজমেরী	১২ ঐ	ঐ
নিরোলি	১২ ঐ	ঐ
অয়েল অব বার্গমেট	৩ আঃ	ঐ
,, অব সিড্রাট	৩ ঐ	ঐ
,, অব লিমন	৩ ঐ	ঐ
স্পিরিট অব রোজমেরী	১ কোয়ার্ট	
কম্পাউণ্ড স্পিরিট অব বাম	৩ পাঁইট	
রেক্টিফায়েড স্পিরিট	৩ গ্যালন	

৮ দিন পর্য্যন্ত ভিজাইয়া রাখিয়া চোলাই করিবে।

অন্যপ্রকার।

(ক্যারিনা কলোঁ)।

অয়েল লিমন	৬০ ড্রাম
,, বার্গমেট	১৮ ঐ

অয়েল ল্যাভেণ্ডার (উৎকৃষ্ট)	৪ ড্রাম
,, নিরোলি	২ ঐ
এঃ ট্রাক্ট অরেঞ্জ ফ্লাউয়ার	৪ আঃ
,, মাস্ক (উৎকৃষ্ট)	৪ আঃ
,, সিভেট	৪ ঐ
এলকোহল	২ গ্যালন
জল	৩ পাঁইট
এক্সট্রাক্ট. বেনজয়েন	১ আউন্স

ফ্লোরিডা ওয়াটার।

অয়েল বার্গমেট	২ আঃ
,, ল্যাভেণ্ডার (উৎকৃষ্ট)	১ আঃ
,, ক্লোভস্	২ ড্রাম
এক্সঃ সিভেট	১ আউন্স
অয়েল পাইমেণ্টো	২ ড্রাম
এলকোহল	২ গ্যালন
জল	৪ পাঁইট

অন্যপ্রকার।

অয়েল অব ল্যাভেণ্ডার	৪ আঃ
,, অব বার্গমেট	৪ আঃ
,, অব সিনামন	২ ড্রাম
,, অব ক্লোভস	১ ঐ
,, অব নিরোলি	২ ঐ

খাঁটী মাস্ক	৪ গ্রেণ
কলোঁ স্পিরিট (শতকরা ৯৫ ভাগ)	১ গ্যালন

১৫ দিন পর্য্যন্ত ভিজাইয়া কাগজে ছাঁকিয়া লও।

জেরানিয়াম ওয়াটার।

টিংচার অব ওরিস	৬ আঃ
,, অব এম্বেট	৬ আঃ
এলকোহল	সাড়ে চারি পাঁইট
রোজ ওয়াটার	পৌণে এক ঐ

হাঙ্গেরী ওয়াটার।

রোজমেরী পল্লব (কুঁড়ি সমেত)	২ পাউণ্ড
সেজ (টাট্কা)	সিকি ঐ
রেক্টিফায়েড স্পিরিট	৩ কোয়ার্ট
জল	১ ঐ

দশ দিন পর্য্যন্ত ভিজাইয়া রাখ ও তাহাতে দেড় পাউণ্ড সাধারণ লবণ মিশাইয়া চোলাই কর। পরে তাহাতে জ্যামেকা জিঞ্জার (চূর্ণ) ১ আউন্স মিশাইয়া কিছু দিন স্থির ভাবে রাখ। বেশ করিয়া ভিজিয়া গেলে ছাঁকিয়া লও।

অন্যপ্রকার।

অয়েল অব রোজমেরী (খাঁটী)	দেড় হইতে দুই ড্রাম
,, অব ল্যাভেণ্ডার (ইংলিস)	দেড় হইতে দুই ড্রাম
অরেঞ্জ ফ্লাউয়ার ওয়াটার	অর্দ্ধ পাঁইট
রেক্টিফায়েড স্পিরিট	দেড় ঐ

ল্যাভেণ্ডার ওয়াটার।

ল্যাভেণ্ডার পত্র, (কুঁড়ি সমেত টাট্কা)	১০ পাউণ্ড
রেক্টিফায়েড স্পিরিট	১ গ্যালন
জল	অর্দ্ধ গ্যালন

এক সপ্তাহ পর্য্যন্ত ভিজাইবার পর দেড় পাউণ্ড সাধারণ লবণ মিশাইয়া চোলাই কর। পরে তাহাতে—

অয়েল অব বার্গমেট	৫ ড্রাম
এসেন্স অব এম্বারগ্রিস (উৎকৃষ্ট)	২ ঐ

দিয়া ভাল্ করিয়া মিশ্রিত কর।

অন্যপ্রকার।

অয়েল অব ল্যাভেণ্ডার, (উৎকৃষ্ট)	২ আউন্স
এসেন্স অব মাস্ক (ঐ)	১ ঐ
,, অব এম্বারগ্রিস, (ঐ)	৪ ড্রাম
,, অব বার্গমেট, (ঐ ও টাট্কা)	৪ ঐ

গন্ধহীন রেক্টিফায়েড স্পিরিট (প্রুফের উপর ৫৬) অর্দ্ধ গ্যালন-বেশ করিয়া নাড়িয়া মিশ্রিত কর। চোলাই করিলে আরও উৎকৃষ্ট হয়। যদি তাহা করা হয়, তবে চোলাই করিবার পর এসেন্স গুলি মিশাইবে।

অন্যপ্রকার।

অয়েল অব ল্যাভেণ্ডার	৪ ড্রাম
এসেন্স অব এম্বারগ্রিস	২ ঐ

ইউ ডি কলো (উৎকৃষ্ট)	সিকি পাইট
রেক্টিফায়েড স্পিরিট	অর্দ্ধ ঐ

নাড়িয়া মিশ্রিত করিবে।

ল্যাভেণ্ডার ওয়াটার।

অয়েল অব ল্যাভেণ্ডার	১২ ড্রেপ
,, অব বার্গমেট	১২ ড্রেপ
অয়েল অব রোজ (অটো)	৬ ফোঁটা
,, অব ক্লোভস্	৬ ঐ
,, অব রোজমেরী	৩ ড্রেপ
টিংচার অব মাস্ক	৩ ঐ
বেনজয়িক এসিড	২ ঐ
মধু	১৫ ঐ
এলকোহল	৫০০ ঐ
রোজ ওয়াটার	৫০ ঐ

বেশ করিয়া মিশাইয়া ছাঁকিয়া লও।

সুগন্ধি জল চোলাই করিবার নিয়ম।

যন্ত্রটি উচ্চ ও গলা সরু হওয়া চাই। উথলিয়া পড়িয়া না যাইবার জন্য এবং অত্যন্ত তাপ দ্বারা যাহাতে খারাপ না হয়, সে জন্য যন্ত্রটিতে জল (বাথ) দেওয়া আবশ্যক।

শুষ্ক বা কঠিন জিনিস বা বৃক্ষ প্রভৃতির মূল চোলাই করিবার পূর্ব্বে বেশ্ করিয়া থেঁতো করিয়া জলে ভিজাইয়া লইবে। টাট্কা অপেক্ষা লবণ যুক্ত ফুল বা ডাঁটা বা ছাল অধিক কার্য্যকরী।

লতাগুলি চোলাই করিলে প্রথমে একটু ধোঁয়া গন্ধ হয়; কিছুক্ষণ বাতাসে রাখিলে সে গন্ধ নষ্ট হয়। ঐ ধোঁয়া গন্ধ নষ্ট হইলে বোতলে পুরিয়া ভাল করিয়া ছিপি বন্ধ করিয়া দিবে।

ওউ ডি পর্টুগাল।

এলকোহল (প্রুফের উপর ৬০)	১ গ্যালন
এসেন্সিয়াল অয়েল অব অরেঞ্জপিল	আঃ
,, ,, অব সিট্রিণ জেষ্ট	২ আঃ
,, ,, অব বার্গমেট	১ আঃ
,, ,, অটো অব রোজ	২ ড্রাম

ইউ রোমেন।

জ্যাসমিন ওয়াটার	৩ কোয়ার্ট
ভ্যানিলা ,,	১ ঐ
একেসিয়া ,,	১ ঐ
টিউব রোজ ,,	১ পাইট
এসেন্স অব এম্বারগ্রিস	২ আঃ
টিংচার অব বেনজয়েন	৮ ঐ

কঠিন গন্ধ দ্রব্য।

প্যারাফিনকে গন্ধযুক্ত করিলে কঠিন গন্ধ দ্রব্য প্রস্তুত হয়।

মৃদু আঁচে প্যারাফিন গলাইয়া তাহাতে গন্ধদ্রব্য মিশ্রিত করিবে এবং ২ ড্রাম কাঠের বাক্সে বা ছাঁচে ঢালিয়া পুনরায় শক্ত করিবে।

হোয়াইট রোজ।

অয়েল অব জেরানিয়াম, অর্দ্ধ ড্রাম; অয়েল অব বার্গমেট, অর্দ্ধ ড্রাম; অয়েল অব প্যাচৌলি, ৫ ফোঁটা।

ল্যাভেণ্ডার।

অয়েল অব ল্যাভেণ্ডার, ২ আঃ; এসেন্স অব বার্গমেট, ১ আঃ; অয়েল অব ক্যাসিয়া, ৫ ফোঁটা; অয়েল অব জেরানিয়াম, ৪০ ফোঁটা; অয়েল অব অরেঞ্জ, ৫ ফোঁটা।

বোকে।

অয়েল অব করিয়্যাণ্ডার, ১৮ ফোঁটা; অয়েল অব ক্লোভস্, ২ ড্রাম; অয়েল অব নাটমেগ্, ১ ড্রাম; অয়েল অব ল্যাভেণ্ডার, ৪ ড্রাম; অয়েল অব স্যাণ্ডাল, ১ ড্রাম; অয়েল অব বার্গমেট, ১ আঃ; অটো অব রোজ, অর্দ্ধ ড্রাম; অয়েল অব জিরানিয়াম, ১০ ফোঁটা; অয়েল অব অরেঞ্জ, ১০ ফোঁটা।

কলোঁ।

এসেন্স অব বার্গমেট, ১ আঃ, এসেন্স অব লিমন, ১ আঃ অয়েল অব সিট্রোনেলা, ৪ ড্রাম; অয়েল অব নিরোলি, ৪ ড্রাম; অয়েল অব রোজমেরী, ৮০ ফোঁটা; অয়েল অব জিরানিয়াম, ১০ ফোঁটা।

সাবান।

সাবান দুই প্রকার প্রণালীতে প্রস্তুত হয়। (১) সিদ্ধ না করিয়া; (২) সিদ্ধ করিয়া।

সিদ্ধ না করিয়া সাবান প্রস্তুত প্রণালী।

ঠিক দশ পাউণ্ড ডবল রিফাইণ্ড কষ্টিক সোডা পাউডার (গ্রীণ ব্যাণ্ড) একটি পাত্রে সাড়ে চারি গ্যালন জলে দুই বা তিন বার নাড়িয়া গুলিয়া লও। সোডা গুলিয়া দিলে জল গরম হয়; যতক্ষণ পর্য্যন্ত না তাহা ঠাণ্ডা হয়, ততক্ষণ পর্য্যন্ত উহা রাখিয়া দাও। যাহাতে মিশাইবার সুবিধা হইবে এরূপ প্রশস্ত অন্য একটি পাত্রে ৭৫ পাউণ্ড চর্ব্বি বা তৈল (মিনারাল তৈল নহে) রাখ। যদি চর্ব্বি দিয়া সাবান প্রস্তুত করিতে ইচ্ছা কর, তবে যতটুকু গরম করিলে উহা গলিয়া যায়, সেই পর্য্যন্ত গরম করিয়া চর্ব্বি গলাইয়া লও। তৈল দ্বারা করিবার ইচ্ছা করিলে তাহা গরম করিবার আবশ্যক হয় না। সোডা ভিজান জল ক্রমে ক্রমে ঐ গলান চর্ব্বি বা তৈলে দিয়া নাড়িয়া বেশ করিয়া মিশ্রিত কর। নাড়িবার জন্য তিন ইঞ্চি চওড়া কাঠের তাড়ু ব্যবহার করিবে। যখন দেখিবে যে চর্ব্বি গলান বা তৈল সোডা ভিজান জলের সহিত মিশিয়া মধুর মত হইয়াছে, তখন বুঝিবে যে ঠিক মিশ্রিত হইয়াছে। অধিকক্ষণ ধরিয়া নাড়িবে না, কেননা তাহা হইলে চর্ব্বি বা তৈল জল হইতে পৃথক্ হইয়া পড়িবে। ১০ হইতে ১৫ মিনিট পর্য্যন্ত নাড়িলে যথেষ্ট হয়। এইরূপে যখন মিশান বোধ হইবে, তখন উহা একটি চৌকোণা কাঠের ছাঁচের ভিতর ঢালিয়া দিবে। ঢালিবার পূর্ব্বে ছাঁচের ভিতরে জল দিয়া ভিজাইয়া দিবে,

তাহা হইলে সাবান তাহাতে লাগিবে না। যে ছাঁচের ভিতরে ঐ তরল সাবান ঢালিবে তাহা এত বড় হওয়া চাই, যাহার মধ্যে সমস্ত জিনিসটি ধরিয়া পরিপুর্ণ হয়। ঢালিয়া দিয়া ছাঁচের উপর একখানি পুরাতন কম্বল চাপা দিবে, অথবা কোন গরম স্থানে বসাইয়া রাখিলে ভাল হয়। ২৪ ঘণ্টা পর্য্যন্ত এইরূপ বসাইয়া রাখিলে যথেষ্ট হইল। ঐ সময়ের পর যেরূপ ইচ্ছা কর সেইরূপ আকারে তার দিয়া কাটিয়া লও। এইরূপে ১৩০ পাউণ্ড সাবান প্রস্তুত হইল। সাবান প্রস্তুত সম্বন্ধে নিম্নলিখিত কয়েকটি কথা বিশেষরূপে স্মরণ রাখিবে।

(১) সোডা ভিজান জল যেন সম্পুর্ণরূপে ঠাণ্ডা হয়।

(২) চর্ব্বি হইলে খুব সামান্য গরম যেন হয়।

(৩) যেন ঠিক্ কষ্টিক সোডা পাউডার হয়।

(৪) চর্ব্বি বা তৈলের ভাগ উপরে যাহা লেখা হইয়াছে, তাহা-পেক্ষা যেন কম না হয়।

(৫) চর্ব্বিতে যেন লবণ না থাকে। যদি লবণ থাকে তাহা বাহির করিয়া দেওয়া উচিত।

জলে সিদ্ধ করিলে চর্ব্বি শক্ত হয় ও লবণ বাহির হইয়া যায়।

লবণ থাকিলে সমস্ত নষ্ট হইয়া যাইবে, এজন্য বিশেষ লক্ষ্য রাখিবে যে সাবানে কোনরূপ লবণ না থাকে।

পচা চর্ব্বি লইলে জলে সিদ্ধ করিয়া তাহা পরিষ্কার করিয়া লইবে।

যদি দেখ যে সাবান চিটা হইয়াছে তাহা হইলে জানিবে যে চর্ব্বি বা তৈলের সহিত সোডার জল ভালরূপ মিশান হয় নাই। চাকিলে যদি সাবানের স্বাদ ক্ষার বলিয়া বোধ হয়, তবে জানিবে যে, সোডা বেশী হইয়াছে। আর যদি সাবান নরম ও তৈলাক্ত

বলিয়া বোধ হয়, তবে সোডার পরিমাণ কম হইয়াছে বলিয়া জানিবে। পুনরায় সিদ্ধ করিলে ছিটা দোষ সারিয়া যায়। সোডা বেশী হইলে একটু চর্ব্বি বা তৈল ও কম হইলে একটু সোডা দিলেই চলিবে। কিন্তু উপরে যে প্রণালী লিখিত হইল, ঠিক তদনুসারে প্রস্তুত করিলে উক্ত কোন প্রকার দোষ হইবার সম্ভাবনা নাই। প্রথম প্রথম একটু ভুল হইতে পারে, এবং তজ্জন্য সাবানে ঐরূপ দোষ ঘটিতে পারে, কিন্তু ২।১ বার প্রস্তুত করিলে ঐরূপ ভুল বা দোষ ঘটিবে না।

গরুর চর্ব্বিতে শক্ত সাবান ও ভেড়ার চর্ব্বিতে নরম সাবান প্রস্তুত হয়। তৈলের মধ্যে সিমূল বা কাপাসের বীজের তৈল সর্ব্বাপেক্ষা সস্তা।

হাতে প্রস্তুত করিলে কম পরিমাণে সাবান প্রস্তুত করা ভাল; কেননা হাতে বেশী পরিমাণ সাবান ভাল করিয়া মিশ্রিত করিবার অত্যন্ত অসুবিধা হয় এবং তজ্জন্য সাবান খারাপ হইয়া পড়ে। কিন্তু একজন কৃতকর্ম্মা লোক হাতে অল্প অল্প করিয়া প্রত্যহ দুই টন পর্য্যন্ত সাবান প্রস্তুত করিতে পারে।

যেই মিশ্রিত করা শেষ হইবে, ঠিক সেই সময়ে কোনরূপ এসেন্সিয়াল অয়েল মিশাইলে টয়লেট সাবান প্রস্তুত হয়। অয়েল অব মার্কেন (নকল বাদামের তৈল) সর্ব্বাপেক্ষা সস্তা, কিন্তু আসল বাদাম তৈলে, সিট্রোনেলা বা অয়েল অব ক্লোভস্ মিশাইলে যেমন সুগন্ধ হয়, তাহাতে তদ্রূপ হয় না।

পরিষ্কার চর্ব্বি বা তৈলে সাবানের রং সাদা হয়। কিন্তু রঙ্গিণ সাবান গুণে উৎকৃষ্ট না হইলেও বাজারে অধিক কাটে। অর্দ্ধ আউন্স বাইক্রোমেট অব পটাসের ছাই সোডার জলে মিশাইলে

গ্রীণ রং হয়। এক পাউণ্ড পাম অয়েল চর্ব্বির সহিত গলাইলে বা তৈলের সহিত মিশাইলে হল্‌দে রং হয়; অথবা অর্দ্ধ পাউণ্ড চিনি পোড়াইয়া কাল করিয়া এক পাঁইট জলে গুলিয়া চর্ব্বি বা তৈলের সহিত মিশাইলে উত্তম ব্রাউন রং হয়। ইহা সর্ব্বদা স্মরণ রাখিবে যে রং চর্ব্বি বা তৈল সোডা জলের সহিত মিশ্রিত করিবার পূর্ব্বে মিশাইয়া লইবে।

সফ্‌ট সোপ।

উপরের প্রণালীতে প্রস্তুত সাবান হইতে অনায়াসে সফ্‌ট সোপ প্রস্তুত হইতে পারে। উক্ত শক্ত সাবান ৫ পাউণ্ড গুঁড়া করিয়া অথবা খুব ছোট ২ টুকরা করিয়া কাটিয়া দশ গ্যালন জলের সহিত গুলিয়া লও; যদি তৈলের সাবান হয় তাহা হইলে ৫ গ্যালন মাত্র জল দিবে। ঐ গোলা সাবান বেশ করিয়া নাড়িয়া সিদ্ধ করিয়া লইবে, এবং একটী টাইট পিপা বা টবের মধ্যে ২।৩ দিন ঠাণ্ডা হইতে দিবে। উহাতে ৮০ পাউণ্ড সফ্‌ট সোপ প্রস্তুত হইল। যদি রঙ্গিণ বা সুগন্ধ সাবান হইতে উহা প্রস্তুত কর, তাহা হইলে উক্ত সফ্‌ট সোপও রঙ্গিণ ও সুগন্ধযুক্ত হইবে। অবশ্য যে আসল সফ্‌ট পটাস্ সোপ পশমী কাপড় প্রভৃতি ধুইতে ব্যবহার হয়, ইহা তাহা হইতে সম্পূর্ণ বিভিন্ন; কিন্তু এই প্রকার সফ্‌ট সোপ বাজারে যথেষ্ট পরিমাণে বিক্রয় হইয়া থাকে।

সিদ্ধ করিয়া প্রস্তুত করিবার প্রণালী।

পেষ্ট।

পূর্ব্বের প্রণালী মত চর্ব্বি ও সোডাজল মিশ্রিতকরণকে পেষ্ট বলে। কেহ২ কেহ২ অধিক সোডাযুক্ত, কেহ বা অল্প সোডাযুক্ত

পেষ্ট ব্যবহার করেন। আবার কেহ বা মধ্যবর্ত্তী পেষ্ট দ্বারা প্রস্তুত আরম্ভ করিয়া বেশী পরিমাণে সোডা দিয়া তাঁহাকে অধিক সোডাযুক্ত পেষ্টে পরিণত করেন। ইহা সর্ব্বদা স্মরণ রাখিবে যে, পেষ্টে যেন লবণাংশ না থাকে, কেননা তাহা হইলে সাবান খারাপ হয়। অপকৃষ্ট সোডাতে এই লবণাংশ থাকে, সুতরাং উৎকৃষ্ট সোডাই সাবানের পক্ষে বিশেষ উপযোগী। তবে লাল তৈলে সাবান প্রস্তুত করিলে প্রথমাবধিই লবণযুক্ত সোডার জল ব্যবহার করিতে পার। সাবানে যে সোডা ব্যবহার হয়, তাহা কষ্টিক সোডা হওয়া চাই, কেননা কার্ব্বনেট অব সোডা চর্ব্বির সহিত ভালরূপে মিশ্রিত হয় না। এক শত পাউণ্ড চর্ব্বিকে সাবানে পরিণত করিতে হইলে চৌদ্দ পাউণ্ড সোডা তাহাতে যথেষ্ট হয়। কিন্তু বিশুদ্ধ হাইড্রেট অব সোডা পাওয়া দুষ্কর বলিয়া আরও অধিক সোডা মিশাইতে হয়। সাবান প্রস্তুতকারকগণ বিভিন্নপ্রকারপরিমাণ সোডাজল ব্যবহার করিয়া থাকেন। কেহ কেহ প্রথমাবধিই একেবারে সমস্ত জল দিয়া মিশ্রিত করেন, আবার কেহ বা অল্প করিয়া জল ক্রমশঃ চর্ব্বিতে মিশ্রিত করেন। এই শেষোক্ত প্রকার উপায়ই প্রশস্ত, কেন না সোডাজল মিশাইতে মিশাইতে মধ্যে মধ্যে সাবানের কাইয়ের আস্বাদ গ্রহণ করা কর্ত্তব্য। যদি ক্ষারস্বাদযুক্ত হয়, তবে জাল দেওয়া বন্ধ করিবে না, আর যদি অল্প মিষ্টাস্বাদ হইয়া থাকে তবে বন্ধ করিবে। অবশিষ্ট সোডা-জল ক্রমে ক্রমে তাহাতে বেশ করিয়া নাড়িতে নাড়িতে মিশাইয়া দিবে। এই সময়ে পাত্রের দ্রব্যটিকে দেখিলে চর্ব্বি বা সোডা-জল বলিয়া বোধ হইবে না, উহা মিশ্রিত হইয়া এক প্রকারের

একটি জিনিষ হইয়া গিয়াছে। আর যদি দেখ যে উক্তরূপ মিশিত হয় নাই, তবে জানিবে যে চর্ব্বি ও সোডাজল আবশ্যক-মত পরিমাণে মিশ্রিত হয় নাই। তখন অল্প পরিমাণে সোডা জলে মিশ্রিত করিয়া পুনরায় জাল দিবে। যদি দেখ যে, যে পাত্রে জাল দিতেছ, তাহার তলা হইতে কালবর্ণের ধোঁয়া উঠিতেছে, তবে অধিক পরিমাণে সোডা জলে গুলিয়া তাহাতে দিয়া বেশ করিয়া নাড়িয়া দিবে, এবং আগুনের আঁচ কমাইয়া জাল দিতে থাকিবে। যখন দেখিবে যে নাড়িবার কাঠি হইতে আর জলের ন্যায় পড়িতেছে না, বরং সূতা কাটিতেছে, তখন বুঝিবে যে পেষ্ট প্রস্তুত হইয়াছে।

লবণযুক্ত সাবানের মধ্যে নারিকেল তৈলের সাবানই প্রশস্ত। ইহা লবণযুক্ত জলে প্রস্তুত হয় বলিয়া সমুদ্র বা অন্য কোন লোণা জলে কাপড় কাচিবার পক্ষে বিশেষ উপযোগী এবং সেই জন্য ইহাকে মেরিন সোপ বলে।

ইহার প্রস্তুত প্রণালী এইরূপ—

মৃদুজালে নারিকেল তৈল ও সোডাজলমিশ্রিত পেষ্ট চড়াইয়া একজন লোক ধীরে ধীরে লবণমিশ্রিত জল ঢালিতে থাকিবে ও অপর একজন লোক তাহা একটি কাঠি বা তাড়ু দিয়া নীচে হইতে উপরের দিকে নাড়িতে থাকিবে। শুষ্ক লবণ দিলেও হয়। ঠিক পরিমাণমত যেন লবণ মিশ্রিত করা হয়। প্রথমে ছয় ভাগের এক ভাগ হইতে আরম্ভ করিয়া অর্দ্ধেক পর্য্যন্ত লবণ মিশান হইলে দশ মিনিট পর্য্যন্ত সিদ্ধ হইতে দিবে, পরে অবশিষ্ট লবণজল মিশ্রিত করিবে। এক শত পাউণ্ড চর্ব্বিতে বার হইতে ষোল পাউণ্ড লবণ মিশ্রিত করিলে যথেষ্ট হয়।

যখন দেখিবে যে উপরে ফাটিয়া যাইতেছে, তখন জানিবে যে সাবান প্রস্তুত হইয়াছে। তখন নামাইয়া কয়েক ঘণ্টা পর্য্যন্ত স্থির ভাবে রাখিবে।

সোডা মিশ্রিত জলকে ইংরাজীতে লাই বলে।

যে সমস্ত সাবানের সহিত গন্ধদ্রব্য মিশাইয়া সুগন্ধ সাবান প্রস্তুত হয়, তাহাদিগের নাম নিম্নে লিখিত হইল।

য়্যামণ্ড সোপ।—য়্যামণ্ড অয়েল ও সোডা দ্বারা প্রস্তুত।

ক্যাষ্টাইল সোপ, স্প্যানিস্ সোপ বা মার্সে-লিস্ সোপ।—প্রধানতঃ অলিভ অয়েল এবং সোডা দ্বারা প্রস্তুত। যে গুলি বেশ পরিস্কার সাদা, সেগুলি বিশুদ্ধ আর যেগুলি ময়লা সেগুলি অত্যন্ত কঠিন। ইহা বেশীর ভাগ ঔষধার্থে ব্যবহার হয়।

কার্ড সোপ।—চর্ব্বি ও সোডা দ্বারা প্রস্তুত।

নেপ্লস্ সোপ।—অলিভ অয়েল ও পটাস্ দ্বারা প্রস্তুত।

পাম্ সোপ, পাম অয়েল সোপ বা ভায়োলেট সোপ।—পাম অয়েল ও সোডা দ্বারা প্রস্তুত। ইহাতে ভায়োলেটের গন্ধ আছে।

সফ্টসোপ।—হোয়েল, সীল বা কড্ অয়েল অথবা চর্ব্বি এবং পটাস্ দ্বারা প্রস্তুত। ইহার রং ময়লা এবং অত্যন্ত দুর্গন্ধময়।

সফ্ট অলিভ অয়েল সোপ।—অলিভ অয়েল ও পটাস যোগে প্রস্তুত। ইহার রং অল্প হলদেযুক্ত সাদা, গন্ধহীন ও দেখিতে ঘন মধুর ন্যায়। ইহাই ডাক্তারীমতে সফ্টসোপ।

হোয়াইট সফ্টসোপ।—চর্ব্বি ও পটাস যোগে প্রস্তুত।

ইয়লোসোপ বা রোজিন সোপ।—চর্ব্বি, রোজিন ও সোডা যোগে প্রস্তুত। যখন পাম অয়েল সস্তা হয়, তখন তাহা চর্ব্বির পরিবর্ত্তে ব্যবহার হয়। রোজিন বা রেজিন, বাঙ্গালায় রঞ্জন বলে।

এগ্রিকালচারাল সোপ।—সোডা লাই (কড়া) দেড় ভাগ ও হোয়েল অয়েল ৩ ভাগ। সিদ্ধ না করিয়া প্রস্তুত কর। গাছের বা লতার উপর দিলে পোকা মরিয়া যায়।

হোয়াইট আলাবাষ্টার সোপ।—ষ্টিয়ারিণ, (চর্ব্বি বিশেষ), সাড়ে ছয় পাউণ্ড; নারিকেল তৈল, ১১ পাউণ্ড; গ্লিসারিণ, সাড়ে ছয় পাউণ্ড; লাই, ৯ পাউণ্ড; এলকোহল ১৩ পাউণ্ড। প্রথমে ষ্টিয়ারিণ ও নারিকেল তৈলের সহিত লাই মিশাইয়া জ্বাল দিয়া ঘন কর, পরে তাহাতে এলকোহল ও গ্লিসারিণ মিশ্রিত কর। এই সমস্ত জিনিসগুলি বেশ করিয়া মিশ্রিত হইলে আগুণ হইতে নামাইয়া কিছুক্ষণ রাখিয়া অল্প অল্প গরম থাকিতে থাকিতে ফ্রেমের মধ্যে ঢালিয়া দিবে। সুগন্ধ করিতে ইচ্ছা করিলে, ফ্রেমে ঢালিবার পূর্ব্বে ২ আউন্স অয়েল অব বার্গমেট, ৪ ড্রাম অয়েল অব জেরানিয়াম, ৭ ড্রাম অয়েল অব নিরোলি ও ৪ ড্রাম অয়েল অব লিমন মিশাইবে।

য্যামণ্ড সোপ।—অয়েল অব য্যামণ্ড, ২১ আউন্স, লাই, ১০ আউন্স। প্রথমে তৈলে অল্প অল্প করিয়া লাই দিয়া বেশ করিয়া নাড়িতে নাড়িতে মিশ্রিত কর এবং এইরূপে সমস্ত

লাই মিশ্রিত হইলে উহা কিছুদিন একস্থানে রাখিয়া দাও। মধ্যে মধ্যে উহা নাড়িয়া দিবে। যখন দেখিবে যে উহা বেশ পেষ্ট হইয়াছে, তখন উহা ফ্রেমে ঢালিয়া দিবে। বেশ শক্ত হইলে উহা ফ্রেম হইতে বাহির করিয়া লইবে। ইহা ব্যবহার করিবার ২।৩ মাস পূর্ব্ব পর্য্যন্ত রাখিয়া দিবে।

য়্যামণ্ড সোপ (তিক্ত)।—সাদা চর্ব্বির সাবান, অর্দ্ধ হাণ্ড্রেডওয়েট্ (হন্দর) ও এসেন্স অব (তিক্ত) য়্যামণ্ড দশ আউন্স।

অথবা

সাদা কার্ড সোপ, ১০০ পাউণ্ড; অয়েল অব (তিক্ত) য়্যামণ্ড, ২০ আউন্স।

এম্বারগ্রিস।—কার্ড সোপ, ৭ পাউণ্ড; অয়েল অব ক্যারাওয়ে, ২ ড্রাম; এসেন্স অব বার্গমেট, ২ ড্রাম; এসেন্স অব এম্বারগ্রিস, ২ ড্রাম।

আর্সেনিক্যাল সোপ।

আর্সেনাইট্ অব সোডা	অর্দ্ধ ড্রাম
গরম জল	১২ ঐ

গরম জলে বেশ করিয়া সোডা মিশাইয়া তাহাতে ১ পাউণ্ড সাদা উইণ্ডসর সোপ গলাইয়া মিশ্রিত কর, এবং মিশিয়া শক্ত হইলে উহাকে যেমন আকৃতিতে গড়িতে ইচ্ছাকর, সেইরূপ করিয়া কাটিয়া লও। প্রস্তুতের সময় কাচ, পোর্সিলেন বা পাথরের পা ব্যবহার করিবে।

ব্রাউন উইণ্ডসর সোপ।

চর্ব্বি	৯ ভাগ
অলিভ অয়েল	১ ভাগ

গন্ধ জন্য প্রত্যেক ১০০ পাউণ্ডে,—

অয়েল অব ক্যারাওয়ে	১০ আউন্স
,, অব বার্গমেট	৫ ঐ
,, অব ল্যাভেণ্ডার	২০ ড্রাম
,, অব রোজমেরী	২০ ঐ

অন্যপ্রকার।

কার্ড সোপ গলাইয়া তাহাতে অয়েল অব ক্যারাওয়ে ও অয়েল অব বার্গমেট মিশাইলে ব্রাউন উইণ্ডসর সোপ প্রস্তুত হয়।

বোকে সোপ।

হোয়াইট কার্ড সোপ, ৬০ পাউণ্ড; অলিভ অয়েল সোপ, ৬০ পাউণ্ড।

গন্ধ জন্য।—অয়েল অব বার্গমেট, ১৫ গ্রেণ; নিরোলি, ১৫ গ্রেণ; সার্সাফ্রাস, ১০ গ্রেণ ও থিম, ১০ গ্রেণ।

অয়েল অব নিরোলির পরিবর্ত্তে, ল্যাভেণ্ডার অয়েল, ১৫ গ্রেণ, ও অয়েল অব ক্লোভস্, ১০ গ্রেণ।

রং করিবার জন্য ব্রাউন ওকার ১০০ গ্রেণ।

অন্যপ্রকার।

উৎকৃষ্ট ট্যালো সোপ, ৩০ পাউণ্ড; এসেন্স অব বার্গামেট্, ৪ আউন্স; অয়েল অব ক্লোভস্, সার্সাফ্রাস ও থিম, প্রত্যেক এক এক আউন্স; বিশুদ্ধ নিরোলি, ৪ ড্রাম।

রংয়ের জন্য।—ব্রাউন ওকার, (খুব মিহি গুঁড়া,) সাত আউন্স।

ক্যাম্ফর সোপ (কর্পূরের সাবান)।—কার্ডসোপ, ৫০ পাউণ্ড; অয়েল অব রোজমেরী, সওয়া দুই পাউণ্ড; ক্যাম্ফর, (কর্পুর), সওয়া দুই পাউণ্ড।

প্রথমে কর্পূরটি খলে য্যামণ্ড অয়েলের সহিত বেশ করিয়া পিসিয়া লইবে। যখন সাবান প্রায় প্রস্তুত হইয়া আসিবে, সেই সময়ে ইহা সেই পেষ্টের সহিত মিশাইয়া লইবে।

কার্ব্বলিক এসিড্ সোপ।—পাম সোপ, ২০ পাউণ্ড; চর্ব্বি, ১ পাউণ্ড; কার্ব্বলিক এসিড্ (দানাদার,) ৮ ড্রাম; অয়েল অব ল্যাভেণ্ডার, ১৬ ড্রাম; এবং অয়েল অব ক্লোভস্, আট ড্রাম।

সাবান যখন পাতলাবস্থায় থাকিবে, সেই সময়ে কার্ব্বলিক এসিড বেশ করিয়া মিশ্রিত করিবে।

চাইনিজ সোপ।—নারিকেল তৈল, ৬০ পাউণ্ড ও ৩০ পাউণ্ড লাই।

গন্ধ জন্য অয়েল অব পর্টুগাল, ১৪ ড্রাম; অয়েল অব বার্গামেট, ১৮ ড্রাম; অয়েল অব লিমন, ১৫ ড্রাম; টিংচার অব মাস্ক, ৬ আউন্স এবং অয়েল অব প্যাচৌলি, পৌণে চারি ড্রাম।

সিনামম্ সোপ।

হোয়াইট কার্ড সোপ	৬০ পাউণ্ড
পাম অয়েল সোপ	৪০ ঐ
(রংয়ের জন্য) ইয়লো ওকার	২ ঐ

গন্ধ জন্য,—

অয়েল অব সিনামম	১৪ আউন্স
অয়েল অব সার্সাফ্রাস	২০ ড্রাম
অয়েল অব বার্গামেট	২০ ঐ

সিট্রন সোপ।—কার্ডসোপ, ৬ পাউণ্ড; অটো সিট্রন জেষ্ট, পৌণে এক পাউণ্ড; অটো অব ভার্ব্বিনা, (লিমনগ্র্যাস ৪ ড্রাম; অটো অব বার্গামেট, ৪ আউন্স ও অটো অব লিমন ২ আউন্স।

কড্লিভার অয়েল সোপ।—কড্লিভার অয়েল ২ আউন্স; কষ্টিক সোডা, ২ ড্রাম ও জল, ৫ ড্রাম।

প্রথমে সোডা জলে গুলিয়া পরে তৈলের সহিত মিশ্রিত করিবে।

এণ্ডার ফ্লাউয়ার সোপ।

পাম সোপ	১০০ পাউণ্ড
ডেক্সট্রাইন	৩ ঐ

গন্ধ জন্য,—

অয়েল অব বার্গামেট	৮ আঃ
,, অব ল্যাভেণ্ডার	২ ঐ

অয়েল অব থিম	২ আঃ
,, অব ক্লোভস্	১ ঐ
,, ক্যাসিয়া	৪ ড্রাম
,, অব ম্যামণ্ড	৪ ঐ

ইরেসিভ সোপ।

অর্থাৎ কাপড় হইতে দাগ উঠাইবার সাবান। উৎকৃষ্ট ক্যাষ্টাইল সোপ, ২ পাউণ্ড; কার্ব্বনেট অব পটাস, অর্দ্ধ পাউণ্ড; গরম জল, অর্দ্ধ পাঁইট।

প্রথমে গরমজলে পটাস গুলিয়া লইবে ও সাবান পাতলা করিয়া কাটিয়া আগুণের জালে পূর্ব্ববর্ণিত প্রণালীতে পটাস লাই সহিত মিশ্রিত করিবে। যথন ছাঁচে ঢালিবার মত ঘন হইয়াছে দেখিবে, তখন তাহাতে ৪ ড্রাম এলকোহল, ৪ ড্রাম কর্পূর ও রংয়ের জন্য ৪ ড্রাম মিহি কয়লার গুড়া মিশাইয়া ছাঁচে ঢালিয়া দিবে।

সুতা প্রভৃতির দাগ উঠাইবার সাবান।

ফ্যাটি এসিড্	৫০%
পটাস	১১%
জল	৩৯%

রোজীন প্রভৃতি দ্রব্য যাহাতে সাবান শক্ত হয় তাহা, বা কোনরেশম ও ছিটের রং উজ্জ্বল করিবার সাবান।

চর্ব্বি বা তৈল	৬০%
সোডা	৬০%
জল	৩৪%

ইউরোপে কোরা রেশম (র সিল্ক) ধুইবার জন্য সাদা অলিভ অয়েল সোপ ও ব্যবহার হইয়া থাকে।

পশম ধুইবার সাবান।

শুষ্ক সোডা	৩৫ ভাগ
সোপ (চূর্ণ)	১০ ভাগ
সাল এমোনিয়া	১০ ভাগ

গ্লিসারিণ সোপ।

যে কোন প্রকারের সাবান (মাইল্ড সোপ) যত পরিমাণ লইবে, তাহার ২০ ভাগের এক ভাগ গ্লিসারিণ ঐ সাবানের সহিত বেশ করিয়া মিশাইবে।

গন্ধ করিতে ইচ্ছা করিলে একটু অয়েল অব বার্গমেট বা অয়েল অব রোজ এবং একটু অয়েল অব ক্যাসিয়া দিবে।

লণ্ড্রি সোপ।

(কাপড় পরিষ্কার করিবার জন্য।)

সালসোডা, ২ পাউণ্ড; হলদে বারসোপ, ২ পাউণ্ড; এবং জল, ১০ কোয়ার্ট। সাবান বেশ করিয়া টুকরা করিয়া কাটিয়া সোডা-জলের সহিত দুই ঘণ্টা সিদ্ধ কর। ঠাণ্ডা হইলে সাবান প্রস্তুত হইল। যে কাপড় পরিষ্কার করিবে, তাহা এক বালতি

জলে এক পাউণ্ড সাবান গুলিয়া অন্ততঃ দশ ঘণ্টা ভিজাইয়া রাখিবে। কাপড় আর কাচিবার বা কচলাইবার আবশ্যক হইবে না, কেবল জলে ধুইয়া লইলে কাপড় পরিষ্কার হইবে।

লিমন সোপ।

হোয়াইট সোপ	৫০ পাউণ্ড
চর্ব্বি	২ ঐ
গন্ধজন্য,—	
অয়েল অব লিমন	৪ আঃ
,, অব বার্গমেট	২ ঐ
,, অব লিমনগ্র্যাস	২ ঐ
,, অব ক্লোভস্	১ ঐ

রংয়ের জন্য,—

ক্যাড্মিয়াম ইয়োলো, আবশ্যক মত।

মেরিণ সোপ।

(সমুদ্রের জলে কাপড় কাচিবার জন্য।)

ফুলার্স আর্থ	৪০ ভাগ
ক্যালসিন্ড সোডা অ্যাস্	৪০ ভাগ
কোকোয়ানাট অয়েল সোপ	৪০ ভাগ

লুব্রিকেটিং সোপ।

চর্ব্বি, দেড় ভাগ; পাম অয়েল, ৩ ভাগ; কার্ব্বনেড সোডা লাই, দেড় ভাগ। একত্রে গলাইয়া লও।

মেট্যাল ক্লিন্জিং সোপ।

২ পাউণ্ড কোকোয়ানাট অয়েল সোপ টুকরা টুকরা করিয়া যে পরিমাণমত জল দিয়া আগুণের উত্তাপে গলাইলে থক্থকে ঘন হয়, সেই পরিমাণ জল দিয়া জাল দাও। পরে তাহাতে ২ পাউণ্ড রেড্ অক্সাইড অব আয়ারণ একটু জলে গুলিয়া সাবানের সহিত মিশ্রিত কর।

ইহা দ্বারা যে কোন ধাতুপাত্র বেশ পরিষ্কার হয়।

লুব্রিকেটিং সোপ।

চর্ব্বি দেড়ভাগ; পাম অয়েল, ৩ ভাগ; কার্ব্বনেট অব সোডা লাই, দেড় ভাগ।

গলাইয়া মিশ্রিত কর।

মাস্ক সোপ।

সাদা কার্ড সোপ	৬০ পাউণ্ড
পাম অয়েল সোপ	৪০ ঐ

রং করিবার জন্য,—

ব্রাউন ওকার বা স্প্যানিস্ ব্রাউন	৮ আউন্স

গন্ধ জন্য,—

অয়েল অব মাস্ক	৭ ঐ
,, অব বার্গমেট	৭ ঐ
ক্লোভস্ চূর্ণ	০ ঐ
গোলাপফুল চূর্ণ	৯ ঐ
গিনি ফ্লাউয়ার চূর্ণ	৯ ঐ

হাফ্ পাম সোপ।

সাদা চর্ব্বি	৯০০ পাউণ্ড
পাম অয়েল	৪০০ ঐ
নারিকেল তৈল	২০০ ঐ
হল্দে রেজিন	১০০ ঐ

অন্যপ্রকার।

পাম অয়েল	৪৫০ পাউণ্ড
নারিকেল তৈল	৫০ ঐ

বোর‍্যাক্স সোপ পাউডার।

কার্ডসোপ (চূর্ণ)	৫ ভাগ
সোডা অ্যাস	৩ ঐ
সোডা সিলিকেট	২ ঐ
বোর‍্যাক্স	১ ঐ

মিশ্রিত করিবার পূর্ব্বে প্রত্যেক জিনিসটি বেশ করিয়া শুকাইয়া লইবে।

রোজ সোপ।

হোয়াইট সোপ	২৫ পাউণ্ড
নারিকেল তৈল	২৫ ঐ
ফ্রেঞ্চ সিন্দুর	৬ আউন্স
অয়েল অব বার্গমেট	২ ঐ
,, অব সিনামম	৪ ড্রাম

অয়েল অব রোজ	১২ ড্রাম
,, অব নিরোলি	৪ ঐ

সালফার সোপ।

হোয়াইট কার্ড বা ক্যাস্টাইল সোপ (নূতন)	অর্দ্ধ পাউণ্ড
সালফার (গন্ধক) চূর্ণ	১ আউন্স
এলকোহল	১ ঐ

অটো অব রোজেস, আবশ্যকমত।

সমস্ত দ্রব্যগুলি একত্রে মিশাইয়া একটি মার্ব্বেল খলে বেশ করিয়া ঘসিয়া পেষ্ট প্রস্তত কর।

সর্ব্বপ্রকার চর্ম্মরোগে বিশেষ উপকারী। প্রত্যহ ব্যবহার করিলে চামড়া নরম ও রং পরিস্কার হয়।

টার সোপ।

টার (আলকাতরা)	১ ভাগ
লাইকার পটাস	২ ঐ
সাবান	২ ঐ

যে পর্য্যন্ত না মিশ্রিত হয়, সেই পর্য্যন্ত ভাল করিয়া ঘসিতে থাক।

টুথ সোপ।

ক্যাষ্টাইল সোপ, এক পাউণ্ড, পিউমিস চূর্ণ, এক আউন্স; থাইমল, ২০ গ্রেণ; অয়েল অব উইণ্টারগ্রাণ, ৩০ ফোঁটা।

প্রথমে সাবান অল্প জলে গুলিয়া পেষ্ট করিয়া লও, পরে তাহাতে পিউমিস ও অল্প পরিমাণ এলকোহল থাইমল ও উইণ্টার গ্রীণ মিশ্রিত কর।

বার্ণিস।

তৈলে মিশ্রিত রেজিন, টার্পিণ বা এলকোহল একত্রে মিশ্রিত করিলে বার্ণিস হয়। ব্যবহার করিলে তৈল শুকাইয়া যায়, টার্পিণ ও এলকোহল উবিয়া যায়, কেবল মাত্র রেজিন অংশটুকু অবশিষ্ট থাকে। বার্ণিসের গুণ বিচার করিতে হইলে নিম্নলিখিত কয়েকটি বিষয়ের উপর বিশেষ লক্ষ্য রাখা কর্ত্তব্য।

(১) কত শীঘ্র বার্ণিস শুকাইয়া যায়।

(২) শক্ত, যাহা কখনও নরম হইবে না।

(৩) শক্ত, অথচ যাহা নরম হইতে পারে।

(৪) উজ্জ্বলতা।

(৫) উজ্জ্বলতার স্থায়ীত্ব।

(৬) রৌদ্র ও বাতাসে স্থায়ীত্ব।

যে উপাদানে বার্ণিস প্রস্তুত হয়, তাহার উপর উক্ত সমস্ত গুণ নির্ভর করে। সুতরাং সেইগুলি বিশেষ সাবধানতা ও মনোযোগের সহিত মিশ্রিত বা সিদ্ধ করা উচিত। বার্ণিস করিলে রং করা জিনিসের রং বহুদিন স্থায়ী হয় ও তাহার উজ্জ্বলতা বৃদ্ধি হয় এবং সামান্য ঘর্ষণে নষ্ট হয় না। কাষ্ঠের উপর রং না করিলেও বার্ণিস করা উচিত, কেননা তাহাতে তাহার আঁসের উজ্জ্বলতা বৃদ্ধি হয়। ঘরের দেয়ালের রং বা কাগজও বার্ণিস্ হইয়া থাকে।

বার্ণিসের উপাদান।

বার্ণিসের সর্ব্বপ্রধান উপাদান হইতেছে গাম (গঁদ)। গাছ হইতে যে আটা বাহির হয়, তাহাকে গাম বলে। সর্ব্বপ্রথমে ইহাকে

যে কোন প্রকার এসেন্সিয়াল অয়েলে মিশ্রিত করা হয়। সেই মিশ্রিতকে ইংরাজীতে বালসাম বলে। ঐ তৈল উবিয়া গেলে যে শক্ত জিনিস অবশিষ্ট থাকে, তাহাকে রেজিন বলে। রেজিনকে সচরাচর গাম্ বলে। কিন্তু গাম্ সহজে জলে গলিয়া যায় এবং রেজিন তৈল বা স্পিরিট ব্যতীত গলে না। গাম্ সহজে জলে গলিয়া যায় বলিয়া উহা বার্ণিসের উপযোগী নয়।

বিভিন্ন প্রকার গামকে গলাইবার জন্য বিভিন্ন প্রকার তৈল প্রভৃতির আবশ্যক। গরম মসিনার তৈল বা রোজমেরী তৈল দ্বারা এম্বার, গাম্ এনিসি বা কোপাল গলান হয়। ম্যাষ্টিক, ড্যামার ও সাধারণ গামকে গলাইতে টার্পিণ, গালা এবং স্যাণ্ডারাককে গলাইতে মেথিলেটেড্ স্পিরিট আবশ্যক।

সস্তা বার্ণিস করিতে সাধারণতঃ উড্ ন্যাপথা ব্যবহার হয়; কিন্তু উহা অত্যন্ত দুর্গন্ধযুক্ত, এজন্য কোন ভাল জিনিসে উহা ব্যবহার হয় না এবং করাও উচিত নহে।

লিথার্জ, সুগার অব লেড বা সাদা কপারাস মিশাইলে বার্ণিস শীঘ্র শুকাইয়া যায়। ঐ সমস্ত জিনিসগুলিকে বার্ণিসের ড্রায়ার বলে। যত অধিক ড্রায়ার দিবে, তত শীঘ্র বার্ণিস শুকাইয়া যাইবে বটে, কিন্তু তাহাতে বার্ণিসের স্থায়ীত্ব কমিয়া যায়।

(১) এম্বার, (২) এনিসি, (৩) কোপাল, (৪) এলিমি, (৫) গালা, (৬) ম্যাষ্টিক, ও (৭) স্যাণ্ডারাক বার্ণিসের জমি করিবার জন্য ব্যবহার হয়। এই সমস্ত জিনিসের দ্বারা বার্ণিসের উজ্জ্বলতাও বৃদ্ধি হয়।

গন্ধজন্য বেনজয়েন ব্যবহার হয়।

বিভিন্নপ্রকার বার্ণিসের রংয়ের জন্য এন্যাটো, গ্যাম্বোজ,

জাফ্রাণ, সোকোট্রাইন, এলোজ, হরিদ্রা, ড্রাগনস্ ব্লড্, রক্ত-চন্দন কাষ্ঠ, কোচিনিয়াল ও নীল ব্যবহার হয়।

জমি এবং রংয়ের জন্য এস্ফ্যাল্টাম্ ও নরম রাখিবার জন্য খয়ের ব্যবহার হয়।

এম্বার।—১ পাউণ্ড এম্বার অৰ্দ্ধ পাউণ্ড টার্পিণে গলাইয়া ২ আঃ সাদা স্বচ্ছ রেজিন ও ১ পাঁইট গরম মসিনার তৈল মিশ্রিত কর। ব্যবহারকালে আবশ্যকমত টার্পিণ তৈল মিশাইয়া পাতলা করিয়া লইবে।

অন্যপ্রকার।

গলান এম্বার, ৪ আউন্স ও গরম মসিনার তৈল, ১ কোয়ার্ট।

ইহাতে শক্ত বার্ণিস প্রস্তুত হয়।

অন্যপ্রকার।

স্বচ্ছ অথচ খুব ফিকে রংয়ের এম্বার, ৪ আউন্স ও মসিনার তৈল ও টার্পিণ তৈল প্রত্যেকে এক এক পাঁইট।

যেখানে কঠিন অথচ স্থায়ী বার্ণিসের আবশ্যক হয়, সেখানে এম্বার বার্ণিস ব্যবহার হয়। ইহার ফিকে রংয়ের বার্ণিস কোপাল-বার্ণিসের সহিত মিশাইয়া ব্যবহার করিলে কোপাল বার্ণিস কঠিন ও স্থায়ী হয়।

ব্ল্যাক বার্ণিস।

এম্বার, ৪ আউন্স, গরম ড্রাইং অয়েল, অৰ্দ্ধ পাঁইট; কাল রেজিন চূর্ণ ও নেপলস এস্ফ্যাল্টাম প্রত্যেকে ৩ আউন্স এবং টার্পিণ তৈল, ১ পাঁইট।

গাড়ী এবং ধাতুপাত্র রং করিবার জন্য ইহার ব্যবহার হয়।

অন্যপ্রকার।

এস্ফ্যাল্টাম্ ৪৫ পাউণ্ড, গরম তৈল ১০ গ্যালন, রেড্‌লেড্ ও লিথার্জ, প্রত্যেক ৭ পাউণ্ড, শুষ্ক হোয়াইট কপারাস চূর্ণ, ৩ পাউণ্ড। দুইঘণ্টা পর্য্যন্ত বেশ করিয়া সিদ্ধ করিয়া তাহাতে গাম এম্বার (দ্রব), ৮ পাউণ্ড ও গরম মসিনার তৈল, ২ গ্যালন মিশাইয়া পুনরায় ২ ঘণ্টা সিদ্ধ কর। পরে নাবাইয়া গরম থাকিতে ৩০ গ্যালন টার্পিণ তৈল মিশাইয়া দাও।

লোহার জিনিস বার্ণিস করিবার জন্য ইহার ব্যবহার হয়।

ব্ল্যাক জাপান।

নেপলস্ এস্ফ্যাল্টাম্, ৫০ পাউণ্ড ও কাল গাম এনিমি, ৮ পাউণ্ড, একত্রে গলাইয়া তাহাতে ১২ গ্যালন মসিনার তৈল দিয়া ২ ঘণ্টা সিদ্ধ কর। পরে তাহাতে কাল এম্বার সহিত সিদ্ধ মসিনার তৈল ২ গ্যালন মিশাইয়া পুনরায় ২ ঘণ্টা পর্য্যন্ত সিদ্ধ করিয়া তাহাতে ড্রায়ার ও পাতলা করিবার জন্য টার্পিণ তৈল আবশ্যকমত দাও।

এনিলিন বার্ণিস।

এলকোহলে গালা বা স্যাণ্ডার্যাক গলাইয়া তাহাতে এলকোহলে গলান যে রং প্রস্তুত করিবার ইচ্ছা করিয়াছ সেই এনিলিন রং মিশ্রিত কর এবং সামান্য গরম করিয়া লও।

ইহা বড়ই আবশ্যকীয়, কেননা খুব পাতলা বার্ণিস করিলেও তাহাতে রং হয়।

বর্ণহীন বার্ণিস।

আড়াই আউন্স গালা, এক পাইট এলকোহলে গলাইয়া ৫ আউন্স হাড়ের কয়লার সহিত বেশ করিয়া সিদ্ধ কর। অল্প একটু লইয়া ফিল্টার করিয়া দেখিবে যে বেশ পরিষ্কার হইয়াছে কি না। যদি না হইয়া থাকে, তবে পুনরায় হাড়ের কয়লা দিয়া জ্বাল দিবে। প্রথমে রেশমী কাপড়ে ছাঁকিয়া লইয়া পরে তাহা ব্লটিং কাগজে ফিল্টার করিয়া লইবে।

ইহা অয়েল পেন্টিং বার্ণিস করিবার পক্ষে বড়ই উপযোগী।

সাধারণ বার্ণিস।

গালা ১ ভাগ ও এলকোহল ৭ ভাগ।

সাদা কোপাল বার্ণিস।

কোপাল	৪ আউন্স
কর্পূর	৪ ড্রাম
সাদা ড্রাইং অয়েল	৩ আউন্স
এসেন্সিয়াল অয়েল অব টার্পেন্টাইন (টার্পিণ)	৩ আউন্স

প্রথমে কোপালকে বেশ গুঁড়া করিয়া তাহাতে কর্পূর ও ড্রাইং অয়েল মিশাইয়া মৃদু আঁচে জ্বাল দাও। ঐ গুলি বেশ মিশিয়া গেলে নাবাইয়া টার্পিণ তৈল মিশাইয়া ছাঁকিয়া লও।

ইহা অন্য বহুপ্রকার প্রণালীতে প্রস্তুত হয়।

এস্ফ্যাল্ট বার্ণিস।

যে সময়ে ঠাণ্ডা হইলে শক্ত হইবে, সেই পর্য্যন্ত আলকাতরা জ্বাল দিয়া তাহাতে শতকরা ২০ ভাগ এস্ফ্যাল্ট যতক্ষণ পর্য্যন্ত

না গলিয়া আলকাতরার সহিত মিশিয়া যায়, সেই পর্য্যন্ত পুনরায় আগ দিয়া ঠাণ্ডা হইতে দিবে।

ইহাতে ধাতুর চাদর বার্ণিস হয়।

বাঁশে রং করিবার বার্ণিস।

৩ আউন্স সাদা গালা, ১০ আউন্স মেথিলেটেড্ স্পিরিট গলাইয়া উষ্ট্রের লোমের বুরুসদ্বারা বাঁশের উপর বার্ণিস করিবে। ইহাতে বাঁশের স্বাভাবিক রংও বিকৃত হয় না।

ব্রিলিয়াণ্ট বার্ণিস।

স্যাণ্ডারাাক, ৬ আউন্স; এলিমি, (আসল) ৪ আউন্স; এনিমি, ১ আউন্স; কর্পূর, ৪ ড্রাম ও এলকোহল, এক কোয়ার্ট।

বুক বাইণ্ডার্স (দপ্তরীর) বার্ণিস।

ফিকে গাম্ স্যাণ্ডার্যাক, ৩ আউন্স, এলকোহল, ২০ আঃ। বেশ করিয়া নাড়িয়া ও সাড়িয়া মিশ্রিত কর।

অন্যপ্রকার।

ফিকা গালা উড্ ন্যাফ্থাতে গলাইয়া লও।

অন্যপ্রকার।

এলকোহল	৪ পাইট
স্যাণ্ডার্যাক	৮ আঃ
ম্যাষ্টিক (দ্রব)	২ ঐ

গালা	৮ আঃ
ভেনিস টার্পিণ	২ ঐ

এলকোহলে গলাইয়া নাড়িয়া মিশ্রিত করিবে।

ব্যবহারকালে কটন, উল, স্পঞ্জ বা বুরুস দিয়া অল্প করিয়া লাগাইবে।

ক্যাবিনেট মেকার্স বার্ণিস।

খুব ফিকা গালা	৫ পাউণ্ড
ম্যাষ্টিক	৭ আউন্স
এলকোহল	৫ বা ৬ পাইট

এলকোহলে গলাইয়া নাড়িয়া মিশ্রিত কর।

এই বার্ণিস হালকা এলকোহলে প্রস্তুত করিয়া দপ্তরীগণ মরক্কো লেদার বার্ণিস করিয়া থাকে।

চাইনিজ বার্ণিস।

এক ভাগ গালা এবং একটু কর্পূর ১৫ ভাগ এলকোহলে গলাইয়া ২ দিন রৌদ্রে গরম করিয়া লও। মধ্যে মধ্যে নাড়িয়া দিবে। পরে পরিষ্কার অংশটুকু ঢালিয়া লইবে।

অন্যপ্রকার।

ম্যাষ্টিক, ১ আউন্স; গাম্ স্যাণ্ডার‍্যাক, ১ আঃ ও ২০ আউন্স কড়া এলকোহলে গলাও।

ব্যবহারের ৬ মিনিট পরে শুকাইয়া যায়।

কলোডিয়ান বার্ণিস।

এক কোয়ার্ট কলোডিয়ানে এক আউন্স রেড়ীর তৈল মিশ্রিত কর।

ইহা ম্যাপ বার্ণিস করিতে ব্যবহার হয়।

চামড়ার বর্ণহীন বার্ণিস।

ফিকা গালা, ৬ আউন্স; বোর‍্যাক্স, ১ আউন্স ও জল ১ পাইট। যে পর্য্যন্ত না সম্পূর্ণরূপে গলিয়া যায়, সেই পর্য্যন্ত জাল দাও ও ঠাণ্ডা হইলে ছাঁকিয়া লও।

কনফেক্‌সনারি বার্ণিস।

অর্দ্ধ পাউণ্ড গাম বেনজয়েন এক বোতল ফোর্থপ্রুফ এলকোহলে ভিজাইয়া ২ সপ্তাহ পর্য্যন্ত রাখ। প্রত্যহ ২ বার ভাল করিয়া নাড়িয়া দিবে। বোতলের ছিপি খুব ভাল করিয়া আঁটিয়া দিবে, যেন বাতাস প্রবেশ করিতে না পারে। যখন দেখিবে যে দুইটি জিনিস মিশাইয়া সিরাপের মত ঘন হইয়াছে, তখন জানিবে যে উহা ঠিক প্রস্তুত হইয়াছে। অত্যন্ত ঘন হইলে এলকোহল মিশা-ইয়া পাতলা করিবে।

ইহার দ্বারা চকোলেট ও চিনির রসের মিষ্টায় বার্ণিস করা হয় এবং এইরূপ বার্ণিস করিলে মিষ্টামগুলি বসিয়া বা পরস্পর জড়া-ইয়া যায় না এবং বহুকাল স্থায়ী হয়। ইহাতে ভ্যানিলার সুগন্ধ আছে।

ড্রয়িং বার্ণিস।

ড্রয়িংয়ের কালীতে এক বা দুই ফোঁটা এসিটিক এসিড মিশাইয়া ড্র করিবে এবং শুকাইয়া গেলে ম্যাষ্টিক বার্ণিস দিয়া বার্ণিস করিবে।

হেয়ার বার্ণিস।

খুব সূক্ষ্ম করিয়া কাটা শূকরের লোম ১ ভাগ ও ১ ড্রাইং অয়েল।

আগুণের উত্তাপে বেশ করিয়া গলাইয়া লও।

কাপড়ের উপর ইহা ব্যবহার করিলে ঘোড়ার লোমের প্রস্তুত জিনিস বলিয়া বোধ হয়।

গোল্ড বার্ণিস।

গালা	১৬ ভাগ
গাম্ স্যাণ্ডারাক	৩ ঐ
ম্যাষ্টিক	৩ ঐ
ক্রোসাস্	১ ঐ
গাম গ্যাম্বোজ	২ ঐ

সমস্ত চূর্ণ করিয়া ১৪৪ ভাগ এলকোহলে মিশ্রিত কর।

অন্যপ্রকার।

হরিদ্রা	১ ড্রাম
গ্যাম্বোজ	১ ঐ
টার্পিণ তৈল	২ পাইট
গালা	৫ আউন্স
স্যাণ্ডারাক	৫ ঐ
ড্রাগনস্ ব্লড্	৭ ড্রাম
পাতলা ম্যাষ্টিক বার্ণিস	৮ আউন্স

কোন একটি গরম স্থানে ১৪ দিন পর্য্যন্ত ভিজাইয়া রাখ ; মধ্যে মধ্যে নাড়িয়া দিবে। পরিষ্কার অংশ ঢালিয়া লইয়া ব্যবহার কর।

ইণ্ডিয়া রবার বার্ণিস।

বড় ফাঁক মুখ একটি শিশিতে ২ আউন্স টুকরা করা ইণ্ডিয়া রবার এক পাউণ্ড টার্পিণ অয়েলে ২ দিন পর্য্যন্ত ভিজাইয়া গলাইবে। পরে একটি কাঠের ছুরী দ্বারা বেশ করিয়া নাড়িবে। তাহার পর আর এক পাউণ্ড টার্পিণ অয়েল দিয়া সর্ব্বদা নাড়িয়া বেশ করিয়া গলাইবে। ইহার দেড় পাউণ্ড, ২ পাউণ্ড সাদা কোপাল অয়েল বার্ণিস ও দেড় পাউণ্ড পাকা মসিনার তৈলের সহিত মিশাইয়া ভাল করিয়া নাড়িয়া মিশ্রিত করিলে হইল।

রেশম জড়ান তার বার্ণিস করিবার প্রণালী।

৬ আউন্স পাকা মসিনার তৈল ও ২ আউন্স রেক্টিফায়েড স্পিরিট অফ টার্পিণ মিশ্রিত কর।

ইলেকট্রিক তারের উপর ডবল ছাউনী থাকে, তাহা বার্ণিস করিতে হইলে তাহার উপরিভাগের ছাউনীতে বার্ণিস করিবার জন্য ঘন গালার বার্ণিস এলকোহলে মিশাইয়া পাতলা করিয়া লইয়া ব্যবহার কর।

ল্যাক বার্ণিস.

ল্যাক ৮ আউন্স ও এলকোহল এক কোয়ার্ট এক পাত্রে কোন একটি গরম স্থানে ৩।৪ দিন রাখিয়া দাও। পরে পরিষ্কার অংশটুকু বাহির করিয়া লও।

ইহা একটি উৎকৃষ্ট বার্ণিস।

মেহাগ্নী বার্ণিস।

বাছাই করা, গাম্ এনিমি, ৮ পাউণ্ড; ক্লারিফায়েড অয়েল, ৩ গ্যালন; লিথার্জ ও শুষ্ক সুগার অব লেড্ চূর্ণ প্রত্যেক সিকি পাউণ্ড; একত্রে মিশাইয়া যে পর্য্যন্ত না তারবন্দ হয় সেই পর্য্যন্ত সিদ্ধ করিতে থাক। পরে নাবাইয়া অল্প ঠাণ্ডা হইলে সাড়ে পাঁচ গ্যালন টার্পিণ অয়েল দিয়া পাতলা করিয়া ছাঁকিয়া লও।

অন্যপ্রকার।

একটি বোতলে ২ আউন্স গাম্ স্যাণ্ডার্যাক, ১ আউন্স গালা, ৪ ড্রাম গাম বেঞ্জামিন, ১ আউন্স ভেনিস টার্পিণ ও এক পাইট এলকোহল পুরিয়া যে পর্য্যন্ত না গালা গলিয়া যায়, সেই পর্য্যন্ত কোন একটি গরমস্থানে রাখিয়া দাও। সমস্ত জিনিস-গুলি ভাল করিয়া মিশিয়া গেলে ছাঁকিয়া লও।

লাল রং করিবার ইচ্ছা করিলে ড্রাগনস্ ব্লড্ ও হল্দে রং করিবার ইচ্ছা করিলে জাফরাণ মিশাইবে।

রং অন্যান্য জিনিসের সহিত একত্রে ভিজাইবে।

ধাতু রং করিবার বার্ণিস।

কোপাল	১ ভাগ
এলকোহল	২ ভাগ

অন্যপ্রকার।

কোপাল, ১ ভাগ, অয়েল রোজমেরী, ২ ভাগ এবং এলকোহল। গরম থাকিতে ব্যবহার করিবে।

ফটোর নেগেটিভ বার্ণিস।

স্যাণ্ডার‍্যাক	৪ আউন্স
এলকোহল	২৮ ঐ
অয়েল অব ল্যাভেণ্ডার	৩ ঐ
ক্লোরোফরম	৫ ড্রাম

অন্যপ্রকার।

সাদা শক্ত বার্ণিস	১৫ আউন্স
মেথিলেটেড্ স্পিরিট	২৫ ঐ

ওক্ বার্ণিস।

পরিষ্কার ফিকে রেজিন, সাড়ে তিন পাউণ্ড, টার্পিণ তৈল-১ গ্যালন, গলাইয়া বেশ করিয়া মিশ্রিত কর।

কাল রং করিবার ইচ্ছা করিলে যতটুকু কাল রং করিবার আবশ্যক হইবে, সেই পরিমাণ সাধারণ ভুষা মিশাইবে।

অয়েল বার্ণিস।

রেজিন, ৩ পাউণ্ড গলাইয়া তাহাতে ২ পাউণ্ড ভেনিস টার্পিণ ও এক গ্যালন ফিকা ড্রাইং অয়েল মিশাইয়া ঠাণ্ডা হইতে দিবে। পাতলা করিবার জন্য এক কোয়ার্ট টার্পিণ তৈল মিশাইবে।

অন্যপ্রকার।

অর্দ্ধ গ্যালন ড্রাইং অয়েলে ৩ পাউণ্ড রেজিন গলাইয়া পাতলা করিবার জন্য ২ কোয়ার্ট টার্পিণ তৈল মিশ্রিত কর।

সাধারণ কাজের জন্য উক্ত দুইটি বার্ণিস বিশেষ উপযোগী।

প্যারিস প্ল্যাষ্টারের প্রস্তুত দ্রব্যাদি বার্ণিস করিবার প্রণালী।

কোন একটি পরিস্কার পাত্রে ২ পাঁইট জলে ৪ ড্রাম সাদা সোপ ও ৪ ড্রাম মোম কিছুক্ষণ সিদ্ধ করিয়া লও।

লাগাইবার সময় নরম বুরুস দ্বারা লাগাইবে।

অধিক উজ্জল করিবার ইচ্ছা করিলে বার্ণিস শুকাইয়া যাইলে একটি রেশমী রুমাল দ্বারা ধীরে ধীরে ঘসিবে।

প্রিণ্ট বার্ণিস।

বেনজোল ও বাদামের তৈল একত্রে মিশাইয়া লইলে হইল।

প্রিণ্টার্স বার্ণিস।

যতটুকু প্রিণ্ট বার্ণিস লইবে তাহার দ্বিগুণ পরিমাণে টার্পিণ তৈল মিশাইবে।

ঐ, (যাহা কালীতে ব্যবহার হয়।)

প্রত্যেক হন্দর ক্লারিফায়েড মসিনার তৈলে ৫০ পাউণ্ড পরিস্কার কাল রেজিন এবং ৫ পাউণ্ড টার্পিণ অয়েল মিশ্রিত কর।

ইহা রং করিবার জন্যও ব্যবহার হয়।

প্রিণ্টার্স টার অয়েল বার্ণিস।

মসিনার তৈল	৫০ ভাগ
লিথার্জ	২ ঐ
পাইন রেজিন	২০ ঐ

যে পর্য্যন্ত না তারবল হয়, সেই পর্য্যন্ত মসিনার তৈলের সহিত লিথার্জ ও পাইন রেজিন সিদ্ধ করিবে, এবং ঠাণ্ডা হইলে বার্ণিস তৈল মিশ্রিত করিবে।

রৌপপাত্র প্রভৃতির বার্ণিস।

গাম এলিমি	৩০ ভাগ
সাদা এম্বার	৪৫ ঐ
কয়লা	৩০ ঐ
টার্পিণ স্পিরিট	৩৭৫ ঐ

গরম থাকিতে থাকিতে ব্যবহার করিবে এবং যাহাতে লাগাইবে, তাহাও গরম করিয়া লইবে।

টার বার্ণিস।

(কাষ্ঠে বা লৌহে লাগাইবার জন্য)

আলকাতরা	দেড় গ্যালন
টার্পিণ স্পিরিট	পৌণে এক পাঁইট
ভিট্রিয়ল অয়েল	৩ আউন্স

একটি কাঠি দিয়া আলকাতরার সহিত ভিট্রিয়ল মিশাইয়া তাহার পর টার্পিণ মিশাইবে। যখন ঘন হইয়া আসিবে, তখন বুরুশ দিয়া লাগাইবে।

ছাতার বার্ণিস।

দশ ভাগ লিথার্জ চূর্ণ, এবং ২০ ভাগ টার্পিণ ২০ ভাগ মসিনার তৈলের সহিত সিদ্ধ করিয়া লও।

রৌদ্রে শুকাইয়া লইবে।

বেহালার বার্ণিস।

রেক্টিফায়েড্ এলকোহল, অর্দ্ধ গ্যালন; গাম্ স্যাণ্ডার্যাক, ৬ আঃ; গাম্ ম্যাষ্টিক, ৩ আউন্স ও টার্পিণ বার্ণিস, অর্দ্ধ পাইণ্ট।

উক্ত সমস্ত দ্রব্যগুলি একটি টিনে করিয়া যতক্ষণ পর্য্যন্ত না ভালরূপে গলিয়া মিশিয়া যায়, ততক্ষণ পর্য্যন্ত একটি ষ্টোভের উপর বসাইয়া জ্বাল দিবে। গলিয়া গেলে ছাঁকিয়া লইবে। অধিক ঘন হইলে টার্পিণ বার্ণিস মিশাইয়া পাতলা করিবে। বার্ণিস মিশাইবার পূর্ব্বে ছাঁকিয়া লইবে।

লালাভ রং করিতে হইলে ক্যামউড্, লগউড্ বা এনিলিন দিবে।

ওয়াটারপ্রুফ বার্ণিস।

যে পর্য্যন্ত না উত্তমরূপে মিশিয়া যায় সেই পর্য্যন্ত ২ কোয়ার্ট মসিনার তৈল ও অর্দ্ধ পাউণ্ড ফ্লাউয়ার অব সালফার একত্রে সিদ্ধ কর।

তুলার প্রস্তুত জিনিসের উপর ইহা ওয়াটার প্রুফবার্ণিস স্বরূপ ব্যবহার হয়।

মার্ব্বেল নির্ম্মিত দ্রব্যাদি রক্ষা করিবার জন্য ওয়াক্স (মোমের) বার্ণিস।

২ ভাগ মোম ও ৮ ভাগ খাঁটী এসেন্স অব টার্পিণ গলাইয়া লও।

খুব পাতলা করিয়া লাগাইবে। যাহার উপর লাগাইবে তাহা যেন বেশ শুষ্ক হয়।

গ্লু (শিরিস)।

কাষ্ঠ জুড়িবার জন্য শিরিসের ব্যবহার হয়। পশুর কাঁচাছাল, শিরা, ও অন্যান্য অনাবশ্যকীয় অংশ, চামড়া এবং পার্চমেণ্টের টুকরাই শিরিসের প্রধান উপাদান। প্রথমে ঐ গুলি চুণের জলে ভিজাইয়া রক্ত, মাংস এবং চর্ব্বিগুলি ভিন্ন করিয়া জলে বেশ করিয়া ধুইয়া ফেলিবে। পরে যে পর্য্যন্ত না আটা না হয় সেই পর্য্যন্ত বেশ করিয়া জলে সিদ্ধ করিবে, এবং একটি চৌবাচ্ছায় সেইটি ঢালিয়া তাহাতে ফট্‌কিরির গুঁড়া মিশাইবে। ফট্‌কিরির গুঁড়ার দ্বারা চুণ এবং অন্যান্য ময়লা যাহা কিছু থাকে তাহা নীচে পড়িয়া যায়, তখন উপরের পরিষ্কার অংশ ছাঁকিয়া ঢালিয়া বাতাসে শুষ্ক করিয়া লইলে শিরিস প্রস্তুত হইল।

উৎকৃষ্ট শিরিসের ব্রাউন রং, প্রায়স্বচ্ছ এবং তাহার মধ্যে কোন দাগ থাকে না। যত অধিকবার গলাইবে, ততই তাহার জোর কমিয়া যায়, এজন্য নূতন শিরিসই অধিক কার্য্যোপযোগী। শিরিস গরম গরম ব্যবহার করা উচিত, কেননা উহা যত অধিক গরম হইবে, ততই উহার শক্তি অধিক হইবে। বড় বড় কাষ্ঠ জুড়িতে হইলে গলাইবামাত্র অত্যন্ত গরমাবস্থা ব্যবহার করিবে। শিরিস দিয়া যে পর্য্যন্ত না কাষ্ঠগুলি সমান ভাবে বসিয়া যায় এবং শিরিস শক্ত হয়, সে পর্য্যন্ত জোরে চাপিয়া রাখিবে।

ব্যাঙ্ক নোট বা মাউথ গ্লু।

এক পাউণ্ড উৎকৃষ্ট শিরিস জলে গুলিয়া অর্দ্ধ পাউণ্ড চিনি মিশ্রিত করিয়া যে পর্য্যন্ত না সমস্ত জল উবিয়া যায় সেই পর্য্যন্ত

আগ দিবে কেহ কেহ ইহাতে সামান্য পরিমাণে লিগনজুস্‌ মিশাইয়া থাকেন। পরে উহা ছাঁচে ঢালিবে।

অন্যপ্রকার।

২ ভাগ ডেক্সট্রাইন, ৩ ভাগ জল ও ১ ভাগ স্পিরিট।

বুক বাইণ্ডার্স গ্লু।

উৎকৃষ্ট সাদা শিরিস গলাইয়া তাহাতে তাহার বিশ ভাগের এক ভাগ গ্লিসারিণ মিশাইবে।

ক্যাসিন গ্লু।

বাইকার্ব্বনেট্‌ অব সোডা সলিউসনের সহিত ক্যাসিন্‌ গুলিয়া লও।

অন্যপ্রকার।

বোর‍্যাক্স সলিউসনে ক্যাসিন গুলিয়া লও। ইহা গঁদ অপেক্ষা উৎকৃষ্ট এবং অনেকস্থলে শিরিসের পরিবর্ত্তে ব্যবহার হয়।

টিকিটের পশ্চাতে ইহার ব্যবহার হয়।

ইথার গ্লু।

একমুঠা কুইক লাইম ৪ আউন্স মসিনার তৈলে সিদ্ধ করিবে, এবং ঘন হইলে একটি টিনের প্লেটের উপর ঢালিয়া ছায়ায় শুষ্ক করিবে। শুকাইয়া গেলে ইহা, অত্যন্ত শক্ত হয়, কিন্তু আগুনের উত্তাপে ইহা শীঘ্র গলিয়া যায়।

সাধারণ শিরিসের পরিবর্ত্তে ইহাও ব্যবহার হইয়া থাকে।

কাঠে কাচ জুড়িবার গ্লু।

শিরিস যখন খুব গরম থাকিবে, তখন তাহাতে পরিষ্কার কাঠের কয়লার ছাই মিশাইয়া গরম গরম ব্যবহার করিবে।

কাচ জুড়িবার গ্লু।

উৎকৃষ্ট শিরিস ঈং এসেটিক এসিড গুলিয়া লইবে।

আইসিনগ্লাস গ্লু।

আইসিনগ্লাস জলে গুলিয়া নিলেনে ছাঁকিয়া লইবে ও তাহাতে একটু এলকোহল মিশাইয়া আল দিবে। ইহা শুকাইয়া গেলে শক্ত হয়।

ইহার জোর সাধারণ শিরিসাপেক্ষা অধিক, সুতরাং অনেক স্থলে তাহার পরিবর্ত্তে ব্যবহার হয়।

হাড় জুড়িবার গ্লু।

যে পর্য্যন্ত না খুব ঘন হয়, সেই পর্য্যন্ত আইসিনগ্লাস জলে সিদ্ধ করিয়া তাহাতে জিঙ্ক হোয়াইট মিশাইবে।

চামড়া জুড়িবার গ্লু।

৮ আউন্স রাই হুইস্কী, ৮ আউন্স জল, ২ আউন্স ষ্টার্চ্চ, ৬ ড্রাম উৎকৃষ্ট শিরিস ও দেড় আউন্স টার্পিণ।

ধাতুপাত্রে চামড়া জুড়িবার গ্লু।

একভাগ নাটগাল চূর্ণ ৮ ভাগ জলে ৬ ঘণ্টা ভিজাইয়া রাখ এবং ছাঁকিয়া লও। শিরিস সমান পরিমাণ জলে ২৪ ঘণ্টা ভিজাইয়া গুলিয়া লও। নাটগাল ভিজান জল গরম করিয়া চামড়াতে এবং যে ধাতুর উপর চামড়া লাগাইতে হইবে তাহা

গরম করিয়া তাহার উপর শিরিস মাখাইয়া ঐ ভিজা চামড়া সেই ধাতুর উপর জোরে চাপিয়া বসাইয়া দাও।

রাইস গ্লু।

চালের গুড়া জলে গুলিয়া মৃদু আঁচে বেশ করিয়া সিদ্ধ করিয়া লইবে এবং জাল দিবার সময় সর্ব্বদা নাড়িবে।

হোয়াইট গ্লু।

শিরিস জলে গুলিয়া সিদ্ধ করিয়া যখন ঘন হইবে তখন তাহাতে শতকরা একভাগ করিয়া অক্সালিক এসিড ও অক্সাইড অব জিঙ্ক মিশাইবে।

লিকুইড শিরিস।

২ পাউণ্ড ভাল শিরিস অল্প অগ্নিতাপের এক কোয়ার্ট জলের সহিত গালাইবে। পরে ৭ আউন্স নাইট্রিক এসিড ক্রমে ক্রমে মিশাইবে। তাহার পর অগ্নি হইতে নাবাইয়া ঠাণ্ডা হইলে বোতলে পুরিয়া রাখিবে। ইহার আঠা অত্যন্ত উৎকৃষ্ট বাজারে ইহা চাইনিজ সিমেণ্ট নামে বিক্রয় হয়।

মেরিণ শিরিস।

ইণ্ডিয়া রবার ১ ভাগ, ১২ ভাগ মিনার‍্যাল ন্যাপথার সহিত আবৃত পাত্রে অগ্নিতে গলাইবে। পরে ২ ভাগ পাতলা গালা ক্রমে ক্রমে মিশাইবে। তদনন্তর পাতলা অবস্থায় ধাতুপাত্রে ঢালিয়া রাখিবে। ইহা জাহাজ, নৌকা প্রভৃতি প্রস্তুতকালীন আবশ্যক হয়।

পেণ্ট।

দেয়ালে বা কাষ্ঠে শীতকালে রং করা উচিত। কেননা গ্রীষ্মকালে রং করিলে দেয়াল বা কাষ্ঠ তৈল শুষিয়া লয়, আর শীতকালে রং করিলে তৈল বাহিরে শুকাইয়া শক্ত হইয়া যায়। সুতরাং শীতকালে রং করিলে রং দ্বারা কাষ্ঠ রক্ষা হইয়া থাকে।

রং দিবার পূর্ব্বে যে স্থানে রং করিতে হইবে, সেই স্থান প্রথমে শিরিস কাগজ দিয়া বেশ করিয়া ঘসিয়া পরিষ্কার করিবে এবং প্রত্যেক পোঁইট বেশ করিয়া ঘসিয়া তাহাতে বার্ণিস দিবে।

সাধারণ রংয়ের ভাগ।

যে রং প্রস্তুত হইবে।	হোয়াইট লেড।	ড্রপ।	রেড ওকার।	ভার্ডিগ্রিন্।	পোড়ান এম্বার।	স্প্যানিস্ ব্রাউন।
হোয়াইট	১০০	...	...	...	...	...
কাল	...	১০০	...	...	...	...
গ্রীণ	...	২৫	...	...	৭৫	...
ষ্টোন	৯৯	...	...	...	১	...
লেড্	৯৮	২	...	...	...	...
রেড্	...	...	৫০	৫০	...	...
চকোলেট্	...	৪	...	...	...	৯৬

ব্ল্যাকবোর্ড করিবার প্রণালী।

প্রথমে তক্তাতে সাধারণ কালপেণ্ট করিবে; তাহা শুকাইলে আর এককোট টার্পিণ মিশ্রিত কালপেণ্ট দিবে। শেষ কালের পেণ্ট শুকাইলে দেখিবে যে মিশ কাল রং হইয়াছে।

প্রত্যেকবার রং করাকে রংয়ের কোট বলে।

অন্যপ্রকার।

একটা টিনের বা লোহার পাত্রে কতকগুলি ভূষা রাখিয়া আগুণের উপর বসাইবে, এবং সেই ভূষা গুলি পুড়িয়া যখন লাল হইয়া যাইবে, তখন নাবাইয়া ঠাণ্ডা হইতে দিবে। ঠাণ্ডা হইলে যে কোন সমান পাত্রের উপর রাখিয়া ছুরীর ফলা দিয়া বেশ করিয়া পিসিয়া লইয়া তাহাতে দেড় পাঁইট স্পিরিট অব টার্পিণ মিশাইবে এবং বুরুসের দ্বারা তক্তায় লাগাইবে। আর যদি তক্তা নূতন হয়, তবে গরমজলে ভূষা ও অর্দ্ধ পাউণ্ড পেটেণ্ট ড্রায়ার মিশাইয়া একবার কি দুইবার কোট দিবে, এবং তাহা শুকাইবামাত্র পোড়া ভূষার কোট দিবে।

গোল্ড পেণ্ট।

সাইজের সহিত গোল্ড গুঁড়া মিশাইবে না, তবে যে জিনিসটি গিল্টি করিতে হইবে, তাহাতে প্রথমে সাইজ দিয়া কোট দিবে। উহা শুকাইয়া গেলে অথচ সামান্য চিটা থাকিতে থাকিতে গোল্ড গুঁড়া মোটা অথচ নরম বুরুসের দ্বারা লাগাইবে।

পার্চ্চমেণ্ট, দস্তানা প্রভৃতি গলাইয়া যে গ্লু (শিরিস) প্রস্তুত হয়, তাহাকে সাইজ বলে।

লৌহ পেণ্ট।

পরিষ্কার শক্ত উড্ টার, ১০ পাউণ্ড; ভুষা বা মিনারাল ব্লাক, সওয়া পাউণ্ড; অয়েল অব টার্পিণ, সাড়ে পাঁচ পাঁইট্।

প্রথমে একটি লোহার পাত্রে উড্ টার ৪ ঘণ্টা পর্য্যন্ত জ্বাল দিয়া গলাইয়া, উনান হইতে নাবাইয়া ঘরের বাহিরে রাখিবে, এবং অল্প গরম থাকিতে থাকিতে অয়েল টার্পিণ ও ভুষা বা মিনারাল ব্লাক বেশ করিয়া নাড়িয়া মিশাইবে। অধিক ঘন হইলে আবশ্যকমত অধিক পরিমাণে অয়েল টার্পিণ মিশাইবে।

কেহ কেহ টার্পিণের পরিবর্ত্তে বেনজাইন মিশ্রিত করেন। কিন্তু তাহাতে রং ভাল হয় না।

টারের পরিবর্ত্তে এস্ফ্যাণ্টাম্ দিলে রং আরও ভাল হয়।

লাইম পেণ্ট।

১৫ ড্রাম উত্তম ঘন শিরিস (যাহাতে এক পাউণ্ড কষ্টিক লাইম থাকে এরূপ ঘন) মিল্ক অব লাইমের সহিত মিশ্রিত করিয়া সিদ্ধ করিয়া গলাইবে, এবং তাহাতে মসিনার তৈল দিয়া সাবানের পেষ্টের মত ঘন করিবে।

যে রং চূণের দ্বারা নষ্ট হয় না, সেই রং ইহাতে মিশাইয়া আবশ্যকমত রং করিয়া লইবে। তবে ব্রাউন বা ব্রাউন ইয়েলো রং করিতে হইলে বোর‍্যাক্সের সহিত গলান গালা মিশাইবে।

পেণ্ট করিয়া তাহার উপর মসিনার তৈল বা টার্পিণের বার্ণিস দিবে; কেন না তাহাতে রং আরও উজ্জ্বল হয়।

কাষ্ঠ, পাথর বা ইটের মেঝের উপর এই পেণ্ট প্রায়ই ব্যবহার হইয়া থাকে।

মেরিণ পেণ্ট।

রেড্ লেড্, ৪৪ ভাগ; কুইক সিলভার, ২৪ ভাগ; ঘন টার্পিণ, পৌণে ছয় ভাগ; পাকা মসিনার তৈল, আবশ্যক মত।

যে পর্য্যন্ত না সম্পূর্ণরূপে মিশিয়া যায়, সেই পর্য্যন্ত টার্পিণের সহিত কুইক্ সিলভার ঘসিবে এবং তাহার পর তাহাতে রেডলেড মাড়িয়া ভাল করিয়া মিশ্রিত করিয়া আবশ্যকমত পাকা মসিনার তৈল মিশাইবে। তৈল যত কম দেওয়া যায়, ততই রং ভাল ও দীর্ঘকালস্থায়ী হয়

রং লাগাইবার পূর্ব্বে এক কোট অক্সাইড্ অব আয়ারণের পেণ্ট লাগাইবে, কেননা তাহার উপর প্রথমের বর্ণিত রং ভালরূপ বসে।

তৈলে রং মিশাইবার প্রণালী।

যেখানে কারুকার্য্য নাই অথচ ঘরের বাহিরে রং করিবার আবশ্যক হইবে, সেখানে পাকা তৈল ব্যবহার করিবে, আর কারুকার্য্যের উপর বা ঘরের ভিতরের রংযে মসিনার তৈল, টার্পিণ ও সামান্য পরিমাণে ড্রায়ার মিশাইবে। এক রংগুলি কেবল তৈলে বাটিয়া লইলেই হইল, উহাতে প্রায় আর কিছু মিশ্রিত করিতে হয় না। তৈল যত কম ব্যবহার করিবে, ততই রংয়ের উজ্জ্বলতা কম হইবে।

ড্রায়ারের মধ্যে পেসা লিথার্জ ও সুগার অব লেড্ সর্ব্বোৎকৃষ্ট। প্রথমটি ঘোর বা মধ্যবিৎ রংয়ে ও শেষেরটি ফিকে রংয়ে ব্যবহৃত হয়।

নানাবিধ রং প্রস্তুত প্রণালী।

বিভিন্ন প্রকারের রং প্রস্তুত করিতে হইলে প্রধান উপাদানটি ঘন ও অন্যান্য রং গুলি তদপেক্ষা পাতলা করা উচিত। নিম্নে

যে তালিকা দেওয়া হইল, তাহাতে সর্ব্বপ্রথমে যে রংয়ের নাম লেখা হইল, সেইটি সর্ব্বপ্রধান উপাদান এবং তৎপরবর্ত্তীগুলি তাহার পরপর অধিক আবশ্যকীয়।

যেরূপ ঘোর বা ফিকে রং করিবার ইচ্ছা করিবে, সেই পরিমাণে অধিক বা কম পরিমাণে অন্যান্য রং গুলি প্রধান উপাদানের সহিত মিশাইবে।

মিশ্রিত রংয়ের তালিকা।

বাফ।—হোয়াইট, ইয়োলো ওকার, রেড্

চেষ্টনাট্।—রেড্, ব্ল্যাক, ইয়োলো।

চকোলেট্।—কাঁচা এম্বার, রেড্, ব্ল্যাক।

ক্লারেট।—রেড্, এম্বার, ব্ল্যাক।

কপার।—রেড্, ইয়োলো, ব্ল্যাক।

ডাভ্।—হোয়াইট, সিন্দুর, ব্লু, ইয়োলো।

ড্র্যাব।—হোয়াইট, ইয়োলো ওকার, রেড, ব্ল্যাক।

ফন্।—হোয়াইট, ইয়োলো, রেড্।

ফ্লেস্।—হোয়াইট, ইয়োলো ওকার, সিন্দুর।

ফ্লিণ্টষ্টোন।—রেড্, ব্ল্যাক, ইয়োলো ওকার, হোয়াইট।

ফ্রেঞ্চগ্রে।—হোয়াইট, প্রসিয়ান ব্লু, লেক্।

গ্রে।—হোয়াইট লেড্, ব্ল্যাক।

গোল্ড।—হোয়াইট, ষ্টোন ওকার, রেড্।

গ্রীণব্রোঞ্জ।—ক্রোম্ গ্রীণ, ব্ল্যাক, ইয়োলো।

গ্রীণ পি।—হোয়াইট, ক্রোম গ্রীণ।

লিমন।—হোয়াইট, ক্রোম ইয়োলো।

লাইমষ্টোন।—হোয়াইট, ইয়োলো ওকার, ব্ল্যাক রেড।

ওলিভ।—ইয়োলো, ব্লু, ব্ল্যাক, হোয়াইট।

অরেঞ্জ।—ইয়োলো, রেড্।

পিচ্।—হোয়াইট, সিন্দুর।

পারল।—হোয়াইট, ব্ল্যাক, ব্লু।

পিঙ্ক।—হোয়াইট, সিন্দুর, লেক্।

পার্পল।—ভায়োলেট, রেড্ (একটু অধিক পরিমাণে), হোয়াইট।

রোজ।—হোয়াইট, ম্যাডার লেক্।

স্যাণ্ডষ্টোন।—হোয়াইট, ইয়োলো ওকার, ব্ল্যাক, রেড।

স্নাফ্।—ইয়োলো, ভ্যাণ্ডাইক ব্রাউন।

ভায়োলেট।—রেড, ব্লু, হোয়াইট।

রংয়ের গন্ধ নষ্ট করিবার উপায়।

যে ঘরে রং করা হইয়াছে, তাহার মেঝেতে কোন একটি পাত্রে কয়লার আগুণের উপর ২ বা ৩ মুঠা জারিপার বেরি দিয়া ২৪ ঘণ্টা পর্য্যন্ত সমস্ত জানালা ও কপাট বন্ধ করিয়া রাখিবে। ঐ সময় অতিবাহিত হইলে ঘর খুলিলে দেখিতে পাইবে যে রংয়ের তীব্র গন্ধ নষ্ট হইয়াছে।

ড্রায়ার।

কোবাল্ট ও ম্যাঙ্গ্যানিস বেনজয়েট্।

প্রথমে বেনজয়িক এসিড্ খুব গরম জলে গুলিয়া কোবাল্ট কার্ব্বনেট মিশাইবে এবং যতক্ষণ পর্য্যন্ত না গাঁজলা মরিয়া যায়, সেই পর্য্যন্ত বেশ করিয়া নাড়িতে থাকিবে। সমস্ত জিনিসগুলি ভাল করিয়া মিশিয়া গেলে ছাঁকিয়া লও, তাহা হইলে অতিরিক্ত কার্ব্বনেটের ভাগ কম হইবে এবং উহা শুকাইয়া গেলে এসিডের ভাগ উবিয়া যায়। এইরূপে কার্ব্বনেট কমিলে ও এসিড উবিয়া গেলে যে ঈষৎ ব্রাউন রংয়ের কঠিন পদার্থ অবশিষ্ট থাকে, তাহা বেশ করিয়া গুঁড়া করিয়া লও।

উক্ত প্রণালীতে কোবাল্টের পরিবর্ত্তে ম্যাঙ্গ্যানিস কার্ব্বনেট মিশাইলে ম্যাঙ্গ্যানিস বেনজয়েট প্রস্তুত হয়।

ইহা কোবাল্ট বেনজয়েট অপেক্ষা রংকে শীঘ্র শুষ্ক করে এবং তদপেক্ষা অল্প পরিমাণে ব্যবহার হয়।

জুমেটিক ডায়ার।

জিঙ্ক কার্ব্বনেট, ৯০ পাউণ্ড; ম্যাঙ্গ্যানিস বোরেট, ১০ পাউণ্ড; মসিনার তৈল, ৯০ পাউণ্ড।

তৈলের সহিত অন্যান্য দ্রব্যগুলি ভাল করিয়া পিসিয়া লইয়া টিনের পাত্রে রাখিবে।

ম্যাঙ্গ্যানিস বোরেটের শুষ্ক করিবার শক্তি অত্যন্ত অধিক, জন্য উহা কমাইবার জন্য ২৫ পাউণ্ড জিঙ্ক হোয়াইটের সহিত এক পাউণ্ড ম্যাঙ্গ্যানিস বোরেট ভাল করিয়া মিশাইবে। ইএ

মিশ্রিত পদার্থের এক পাউণ্ড ২০ পাউণ্ড পেণ্টে মিশাইলেও শীঘ্র শীঘ্র রং শুকাইয়া যায়।

সামান্য পরিমাণ স্থগার অব লেড মসিনার তৈলে মাড়িয়া অথবা গলাইয়া লইলে উৎকৃষ্ট ড্রায়ার প্রস্তুত হয়।

উৎকৃষ্ট লিথার্জ কোন প্রকার ড্রায়িং অয়েলে মাড়িয়া বা গলাইয়া লইবে।

ইহা ঘোর বা মধ্যবিৎ প্রকারের রংয়ে ব্যবহার হয়।

হোয়াইট কপারাস কোন প্রকার ড্রায়িং অয়েলে পূর্ব্ববৎ মিশাইয়া লইবে।

স্থগার অব লেড কোনরূপ ড্রায়িং অয়েলে উপরোক্ত প্রকারে মিশাইয়া লইবে।

এই দুইটি ড্রায়ার ফিকা রংয়ে ব্যবহার হয়।

ড্রায়ার ব্যবহার সম্বন্ধে নিম্নলিখিত নিয়মগুলির প্রতি বিশেষ লক্ষ্য রাখিবে।

(১) যে সমস্ত রং তৈলে শীঘ্র শুকাইয়া যায়, তাহাতে ড্রায়ার দিবে না।

(২) অতিরিক্ত পরিমাণে ব্যবহার করিবে না।

(৩) রং লাগাইবার অব্যবহিত পূর্ব্বে মিশাইবে।

(৪) রংয়ের সহিত কেবল একপ্রকার মাত্র ড্রায়ার ব্যবহার করিবে।

(৫) সর্ব্বশেষে যে ফিকে রং দেওয়া হয়, তাহার সহিত ড্রায়ার ব্যবহার করিবে না।

ছারপোকা মারিবার উপায়।

সমান ভাগ স্পিরিট অব টার্পিণ ও কেরোসিন তৈল একত্রে মিশাইয়া খাটের জোড়গুলিতে লাগাইলে সমস্ত ছারপোকা মরিয়া যায়। অত্যন্ত অধিক হইলে, ঘরের ভিতরের সমস্ত ফাটাগুলি হার্ডসোপ দ্বারা বুজাইয়া দিবে।

অন্যপ্রকার।

যে ঘরে অত্যন্ত ছারপোকা হইয়াছে সেই ঘরের সমস্ত জিনিস-পত্র বাহির করিয়া মেঝেতে কয়লার আগুণে খানিকটা গন্ধক দিয়া ঘরটি ২৪ ঘণ্টা পর্য্যন্ত বেশ করিয়া বন্ধ করিয়া রাখ। এদিকে আসবাবগুলিতে করোসিভ সাব্লিমেট সলিউসন মাখাইয়া দাও।

পরীক্ষা দ্বারা জানা গিয়াছে যে এই উপায়ে ঘরের সমস্ত ছারপোকা নষ্ট হয়।

লঙ্কাসিদ্ধ জল খাটের যোড়গুলিতে ঢালিয়া দিলে হয় ছার-পোকাগুলা পলাইয়া যায়, না হয় মরিয়া যায়।

মশা তাড়াইবার উপায়।

সামান্য পরিমাণে গাম ক্যাম্ফর আগুণে দিয়া তাহার ধোঁয়া ঘরের ভিতর বন্ধ করিলে উপকার হয়।

২। একটু স্পঞ্জ ক্যাম্ফোরেটেড্ স্পিরিটে ভিজাইয়া মশা-রীর উপর রাখিলে উপকার হয়।

৩। সামান্য পরিমাণে পেনিরয়াল ঘরের ভিতর ছড়াইয়া দিলে মশা পলাইয়া যায়।

৪। পারসিয়ান মথ্ পাউডার জ্বালাইলে মশা পলাইয়া যায়।

৫। পেনিরয়াল ডিকক্শান শরীরে মাখিয়া শুইলে মশা কামড়ায় না।

মশা কামড়াইলে যে যন্ত্রণা হয়, তাহা নিবারণের নানারূপ ঔষধের ব্যবস্থা আছে, তাহার মধ্যে ২।১ টি নিম্নে লিখিত হইল।

মসকুইটো অয়েল।

অয়েল অব টার	১ আউন্স
অলিভ অয়েল	১ ঐ
অয়েল অব ক্যাম্ফর	৪ ড্রাম
স্পিরিট অব ক্যাম্ফর	৪ ঐ
গ্লিসারিণ	৪ ঐ
কার্ব্বলিক এসিড্	২ ঐ

মিশ্রিত কর। ব্যবহারের পূর্ব্বে বেশ করিয়া নাড়িয়া লইবে।

মস্কুইটো টিংচার।

ইউক্যালিপ্টল	১০ ভাগ
এসেণ্টিক্ ইথার	৫ ঐ
ইউডি কলোঁ	৪০ ঐ
টিংচার অব ইন্সেক্ট পাউডার	৫০ ঐ

মিশ্রিত কর।

এক ভাগ টিংচার ৩ হইতে ৬ ভাগ জলে মিশাইয়া স্পঞ্জ দ্বারা শরীরে মাখাইবে।

পোকা নাশক।

সকলেই জানেন যে পোকা রেশমী, পশমী ও অন্যান্য কাপড়ের পরম শত্রু। যাহাতে কাপড়ে পোকা না লাগিতে

পাবে তাহার চেষ্টা করা বা পোকা হইলে তাহাকে নষ্ট করা সর্ব্বতোভাবে কর্ত্তব্য। পোকা নষ্ট করিবার যতগুলি উপায় আছে তন্মধ্যে যেগুলি প্রসিদ্ধ তাহার কতকগুলি নিম্নে লিখিত হইল।

সমান ভাগ অয়েল অব ক্যাম্ফর ও স্পিরিট অব টার্পিণ একত্রে মিশাইয়া তাহাতে ব্লটিং কাগজ ভিজাইয়া লও ও তাহা শুষ্ক হইলে কাপড়ের মধ্যে রাখিয়া দাও।

অন্যপ্রকার।

লুপুলিন	১ ড্রাম
নস্য	২ আউন্স
কর্পূর	১ ঐ
সিডার সডাষ্ট	৪ ঐ

মিশ্রিত কর।

যেখানে পোকা অত্যন্ত অধিক, সেখানে ছড়াইয়া দাও।

অন্যপ্রকার।

কার্ব্বলিক এসিড্ ও গাম ক্যাম্ফর প্রত্যেক এক আউন্স এক পাঁইট বেনজয়েনে গলাইয়া তাহাতে ব্লটিং কাগজ ভিজাইয়া লও এবং তাহা শুষ্ক হইলে কাপড়ের ভিতর রাখিয়া দাও।

চেয়ার, কোচ বা কার্পেটে পোকা লাগিলে তাহা পূর্ব্বোক্ত ঔষধগুলি দ্বারা বড় বিশেষ উপকার হয় না। তবে লঙ্কার গুঁড়া বা স্কচনস্য বা কর্পূর ছড়াইয়া দিলে অনেক উপকার হইতে দেখা গিয়াছে।

পাউডার।

পাউরুটী প্রস্তত করিতে হইলে নিম্ন লিখিত পাউডার ময়দার সহিত ব্যবহার হইয়া থাকে। ইহা ব্যবহার করিলে রুটি ফাঁপাইবার জন্য তাড়ী প্রভৃতি কদর্য্য পদার্থ ব্যবহার করিতে হয় না।

টার্টারিক এসিড পাউডার	৮ আউন্স
বাইকার্ব্বনেট সোডা	৯ ঐ
সফেদা	১০ ঐ

প্রত্যেক এক পাউণ্ড ময়দাতে এক চায়ের চামচে পরিমাণ উক্ত পাউডার মিশ্রিত করিবে।

অন্যপ্রকার।

বাইকার্ব্বনেট সোডা	১ পাউণ্ড
ফারিণা	১ ঐ
ফট্‌কিরি চূর্ণ	পৌণে এক পাউণ্ড
কার্ব্বনেট ম্যাগনেসিয়া	অর্দ্ধ পাউণ্ড

প্রত্যেক জিনিসটি মিশাইবার পুর্ব্বে বেশ করিয়া শুষ্ক করিয়া লইবে। ফট্‌কিরির পরিবর্ত্তে টার্টারিক এসিডও ব্যবহার করিতে পার।

গম, চাউল অথবা সাগু চূর্ণকে ফারিণা বলে।

অন্যপ্রকার।

বাইকার্ব্বনেট সোডা	৪ আউন্স
টার্টারিক এসিড	৩ ঐ
ফারিণা	১৬ ঐ

অন্যপ্রকার।

সফেদা	২ ভাগ
টার্টারিক এসিড	১ ভাগ
বাইকার্ব্বনেট অব সোডা	১ ভাগ

অন্যপ্রকার।

শুষ্ক কার্ব্বনেট সোডা	৮ আউন্স
,, টার্টারিক এসিড	৬ ঐ
কার্ব্বনেট ম্যাগনেসিয়া	২ ঐ
হরিদ্রা চূর্ণ	১ ঐ

কম্প্লেকসান পাউডার, ভায়োলেট।

(মুখে ব্যবহার করিবার)

উৎকৃষ্ট ষ্টার্চ্চ	১৫ পাউণ্ড
টেরা এল্‌বা	২৫ ঐ
ট্যাল্‌ক (অভ্র ব্যতীত)	৩৬ ঐ
ফ্রেঞ্চ খড়ি	২৫ ঐ
ওরিস চূর্ণ	১০ ঐ

৮ আউন্স টার্কিস জেরানিয়াম অয়েল ও ২ আউন্স অয়েল সিট্রোনেলার সহিত বেশ্ করিয়া পিসিয়া লইয়া খুব মিহি তারের ছাঁকনিতে ছাঁকিয়া লও।

রোজ ফেস পাউডার।

সফেদা, ৭ পাউণ্ড; রোজ পিঙ্ক, অর্দ্ধ ড্রাম; অটো অব রোজ, ২ ড্রাম ও অটো অব স্যাণ্ডাল, ২ ড্রাম।

পাউডার ডি লা মার রুজ।

ফট্‌কিরি, ১ পাউণ্ড; পরিষ্কার চিনি, ১ আউন্স; উৎকৃষ্ট আরবী গঁদ, ১ আউন্স ও কারমাইন, ১ আউন্স; সমস্তগুলি মিশাইয়া খুব ভাল করিয়া পিসিয়া লইয়া মিহি কাপড়ে ছাঁকিয়া লইবে।

ইহা ব্যবহারে দদ্রু, ঘামাচি, চুলকানি প্রভৃতি আরোগ্য হইয়া থাকে।

এনামেল পাউডার।

টাল্ক বা ফ্রেঞ্চ খড়ি	১ ভাগ
পারল্ হোয়াইট	১ ভাগ

রুজ বা কারমাইন আবশ্যকমত।

টয়লেট অথবা স্কিন পাউডার।

ষ্টার্চ অথবা ফারিণা (মিহি গুঁড়া)	১ পাউণ্ড
ওরিস মূল চূর্ণ	অর্দ্ধ হইতে পৌণে এক পাউণ্ড
এসেন্স অব এম্বারগ্রিস	১০ ফোঁটা
অয়েল অব বার্গমেট	১০ ঐ
,, অব রোডিয়াম	২ ঐ

একত্রে মিশাইয়া খুব মিহি ছাঁকনিতে ছাঁকিয়া লইবে।

ভাল করিয়া প্যাক্ করিয়া রাখিবে, নচেৎ গন্ধ নষ্ট হইয়া যাইবে।

অন্যপ্রকার।

ষ্টার্চ অথবা ফারিণা	দেড় পাউণ্ড
অয়েল অব বার্গমেট	অর্দ্ধ ড্রাম (ফ্লোরিণ)
,, অব ক্লোভস্	১২ হইতে ১৫ ফোঁটা

পূর্ব্বোক্তপ্রকারে মিশ্রিত কর। সাধারণতঃ বাজারে ইহাই পাওয়া যায়।

কারি পাউডার। (রাঁধিবার জন্য)

ধনে, ২০ ভাগ; গোলমরিচ, ৩ ভাগ; লঙ্কা, ১ ভাগ; হরিদ্রা, ৬ ভাগ।

গুঁড়া করিয়া মিশ্রিত কর।

অন্যপ্রকার।

একটি ঝুনা নারিকেল ও লেবু একটি টুকরা করিয়া লইবে এবং তাহার সহিত বড় এলাচ চূর্ণ, ২ আউন্স; ছোট এলাচ চূর্ণ, ২ আউন্স, লঙ্কা চূর্ণ, ১ আউন্স। ধনেচূর্ণ, ৪ আউন্স; গোলমরিচ চূর্ণ, ৪ আউন্স; সরিসা চূর্ণ, ২ আউন্স; হরিদ্রা চূর্ণ, ৫ আউন্স এবং শুঁট চূর্ণ, ৪ আউন্স বেশ করিয়া পিসিয়া মিশাইয়া লইবে।

ইহাকে সিঙ্গাপুর কারি পাউডার বলে।

ফুট পাউডার।

ফটকিরি চূর্ণ, ২১ ভাগ ও মেজমিল, ১ ভাগ একত্রে পিসিয়া মিশাইবে।

ভিয়েনার ডাক্তার অস্কার বার্ণার বলেন যে, যদি পা ঘামে এবং দুর্গন্ধ হয়, তবে উক্ত পাউডার ব্যবহার করিলে তাহা নিবারণ হইয়া থাকে।

গ্লাভ পাউডার।

ক্যাষ্টাইল সোপচূর্ণদ্বারা চামড়ার দস্তানা সুন্দর পরিস্কার হয়।

হেয়ার পাউডার।

এক পাউণ্ড গমচূর্ণের সহিত ২ আউন্স ওরিসচূর্ণ মিশাইয়া ছাঁকিয়া লইবে।

ইহা দ্বারা চুল পরিস্কার হয়।

সেণ্ট পাউডার।

ধনে, ১ আউন্স; ওরিস মুল, ১ আউন্স; গোলাপ পাতা, ১ আউন্স; এরোম্যাটিক ক্যালামাস, ১ আউন্স; ল্যাভেণ্ডার ফুল, ২ আউন্স; রোডিয়াম উড, সিকি ড্রাম ও মৃগনাভি ৫ গ্রেণ।

একত্রে মিশাইয়া পিসিয়া লইবে।

এই পাউডার পোষক বা কাপড়ের বাক্স প্রভৃতি রাখিলে কাপড়ে অত্যন্ত সুগন্ধ হয়।—যেন নানাজাতীয় এসেন্স তাহাতে দান হইয়াছে।

সিরাপ।

চোন জলে গুলিয়া পাক করিয়া রস করিলে সিরাপ প্রস্তুত হয়। দ্রব্যবিশেষে পাতলা বা ঘন সিরাপ ব্যবহৃত হইয়া থাকে। সিরাপ প্রস্তুত করিতে হইলে উৎকৃষ্ট ও পরিষ্কার চিনি এবং বৃষ্টির জল অথবা ডিস্‌টিল্ড ওয়াটার ব্যবহার করিলে ভাল হয়; কেন না তাহা হইলে চিনির গাদ কাটাইতে বা অন্য কোনপ্রকারে পরিষ্কার করিতে হয় না। প্রথমে ঠাণ্ডা জলে অথবা কোন ফলের রসে চিনি গুলিয়া লইবে। তাহার পর জ্বাল দিয়া সিরাপ প্রস্তুত করিবে। রস বেশ ফুটিয়া উঠিলে উহা নামাইয়া গরম গরম ছাঁকিয়া লইবে। সিরাপের জ্বাল কড়া হওয়া উচিত নহে।

সিরাপ প্রস্তুত পক্ষে প্রত্যেক পাইট জল বা জলীয় পদার্থে ২ পাউণ্ড চিনি ব্যবহার করিবে।

ময়লা চিনি দিলে তাহার গাদ কাটাইবার জন্য দুগ্ধ বা ডিমের সাদা অংশ ব্যবহার হয়।

সিরাপ প্রস্তুত হইলে বড় অপেক্ষা ছোট পাত্রে রাখা প্রশস্ত; কেননা বড় পাত্র হইলে উহা সর্বদা খুলিয়া ঢালিলে তাহাতে বাতাস প্রবেশ করিতে পারে। সিরাপ একটু ঠাণ্ডা জায়গায় অর্থাৎ যেখানকার ফারেন হিট ৫৫ ডিগ্রির উপর না উঠে, এরূপ স্থলে রাখা কর্ত্তব্য। খুব গরমাবস্থায় সিরাপ বোতলে পুরিয়া ছিপি একরূপভাবে বন্ধ করিবে, যেন উহাতে বাতাস প্রবেশ করিতে না পারে, তাহা হইলে ঐ সিরাপ অনেক দিন স্থায়ী হয় এবং অত্যন্ত গরম দেশেও নষ্ট হয় না।

সিরাপে দানা বাঁধা নিবারণ জন্য প্রত্যেক গ্যালনে ২ বা ৩ ড্রাম এসেটিক বা সাইট্রিক এসিড মিশাইবে, এবং গাঁজলা উঠা বা টক হওয়া নিবারণ জন্য অল্প পরিমাণে সালফেট অব পটাস বা লাইম অথবা স্যালিসিলেক এসিড দিবে। যদি দেখ যে সিরাপে গাঁজলা উঠিয়াছে, তাহা হইলে সিরাপের পাত্রটির ঢাকনী খুলিয়া গরম জলের উপর বসাইয়া দিবে অথবা শতকরা দশভাগ স্পিরিট মিশাইলে ভাল হয়।

ফলের সিরাপ দুইপ্রকার প্রণালীতে প্রস্তুত হয়। একপ্রকার সাধারণ সিরাপে যে ফলের সিরাপ প্রস্তুত করিতে হইবে তাহার অয়েল বা এসেন্স মিশ্রিত করা। অন্যপ্রকার ফলের রসের সহিত চিনি মিশাইয়া একেবারে সিরাপ প্রস্তুত করা। শেষোক্ত প্রকারে প্রস্তুত করিতে হইলে ফলগুলি টাট্‌কা হওয়া চাই। প্রথমে টাট্‌কা ফলগুলির খোসা ডাঁটা প্রভৃতি ফেলিয়া দিয়া কোন একটি কাষ্ঠের পাত্রে কাষ্ঠ দ্বারা থেঁতো করিবে, ধাতুপাত্র কদাচ ব্যবহার করিবে না। ফলগুলি ভাল করিয়া থেঁতো করা হইলে সেইগুলি কোন একটি কাষ্ঠের পাত্রে করিয়া নাতিউষ্ণ নাতিশীতল স্থানে ৪ দিন পর্য্যন্ত রাখিয়া দিবে। ঐ সময়ের মধ্যে তাহাতে যতটুকু গাঁজলা জন্মিবার সম্ভব, তাহা জন্মিবে। পরে সেইগুলি নিংড়াইয়া যে রস বাহির হইবে, তাহা একটি শীতল স্থানে ২ দিন পর্য্যন্ত রাখিবে। পরে সেই রসের সহিত চিনি মিশাইয়া জ্বাল দিবে। গরম থাকিতে থাকিতে ফ্লানেলের দ্বারা ছাঁকিয়া লইবে। প্রত্যেক ৫ পাউণ্ড রসে ৯ পাউণ্ড চিনি মিশ্রিত করা কর্ত্তব্য।

রং করিবার ইচ্ছা করিলে কোন রঙ্গিন পদার্থ মিশাইলে হইল।

কেহ কেহ বলেন যে গাঁজলা জন্মাইতে দিবার পূর্ব্বে টাট্কা ফলের সহিত চিনি মিশাইলে ভাল হয়। তাহার পরিমাণ প্রত্যেক ২০০ পাউণ্ড ফলের-সহিত ২ পাউণ্ড চিনি।

সিরাপ প্রস্তুত করিতে হইলে যে পাত্রে উহা প্রস্তুত করিবে, তাহার পরিচ্ছন্নতার পক্ষে সবিশেষ দৃষ্টি রাখিবে। আর সিরাপ যখন বোতলে পুরিবে, তখন লক্ষ্য রাখিবে যেন তলার ময়লা বোতলে না পড়ে।

ফলের এসেন্স বা অয়েল দিয়া যে সিরাপ প্রস্তুত হয়, তাহা নকল সিরাপ। অবশ্য ইহা আসল ফলের সিরাপাপেক্ষা অনেক নিকৃষ্ট।

মদ সাধারণ সিরাপের সহিত মিশাইয়া এক প্রকার সিরাপ প্রস্তুত হয়। গ্রাহকদিগের রুচি অনুসারে এই সমস্ত প্রস্তুত হইয়া থাকে।

সিরাপ ব্যবহারের সময় ফেণাযুক্ত করিতে ইচ্ছা করিলে প্রত্যেক এক গ্যালন সিরাপে ২ হইতে ৪ আউন্স আরবী গঁদ সমান পরিমাণ জলে গুলিয়া মিশ্রিত করিবে।

আনারসের সিরাপ। (আসল।)

আনারস ছাড়াইয়া শক্ত তলাযুক্ত একটি কাঠের টবে কাঠের মুগুর দিয়া বেশ করিয়া থেঁতো করিবে ও তাহার পর রস নিংড়াইয়া লইবে। প্রত্যেক এক গ্যালন রসে ১৪ পাউণ্ড চিনি ও সামান্য একটু বিশুদ্ধ এসেটিক এসিড মিশাইয়া যে পর্য্যন্ত না চিনি গুলিয়া যায় সেই পর্য্যন্ত খুব নাড়িতে নাড়িতে মৃদু আঁচে জাল দিবে। চিনি সম্পূর্ণরূপে গুলিয়া গেলে জাল হইতে নামাইয়া ঠাণ্ডা হইতে দিবে এবং ঠাণ্ডা হইলে বোতলে পুরিবে।

অন্যপ্রকার।

আনারসকে টুক্‌রা করিয়া কাটিয়া ২৪ হইতে ৩৬ ঘণ্টা পর্য্যন্ত একস্থানে রাখিয়া দাও ও পরে তাহার রস নিংড়াইয়া বাহির করিয়া লও। প্রত্যেক এক গ্যালন রসে ১৪ পাউণ্ড চিনি ও অর্দ্ধ আউন্স সাইট্রিক এসিড ৩ আউন্স জলে গুলিয়া তাহাতে মিশাইয়া পূর্ব্বোক্ত প্রকারে সিরাপ প্রস্তুত কর।

নকল।

অয়েল পাইন অ্যাপল (আনারস)	১ ড্রাম
টার্টারিক এসিড	১ ড্রাম
সাধারণ সিরাপ	৬ পাঁইট

এম্ব্রোসিয়া সিরাপ।

সমান পরিমাণ ভ্যানিলা ও ষ্ট্রবেরি সিরাপ একত্রে মিশ্রিত কর

অ্যাপল সিরাপ।

যে প্রকারে আনারসের সিরাপ প্রস্তুত হয়, ইহাও সেই প্রকারে প্রস্তুত হয়।

বানানা (কলার) সিরাপ।

(আসল।)

আনারসের সিরাপের ন্যায়।

(নকল।)

অয়েল অব বানানা	২ ড্রাম
টার্টারিক এসিড	১ ঐ
সাধারণ সিরাপ	৬ পাঁইট

র‍্যাপস্‌বেরী সিরাপ।

কতকগুলি টাট্‌কা পাকা র‍্যাপস্‌বেরী ফল একটি কাঠের টবের ভিতর ফেলিয়া একটি কাঠের দাণ্ডা দ্বারা সেগুলি থেঁতো করিয়া ৪।৫ ঘণ্টা রাখ ও পরে সেগুলি একটি ফ্লানেলের থলে বা ষ্ট্রেনার দ্বারা রস নিংড়াইয়া বাহির কর। প্রত্যেক এক গ্যালন রসে অৰ্দ্ধ আউন্স সাইট্রিক এসিড ৩ আউন্স জলে গুলিয়া লইয়া তাহা ও ১৪ পাউণ্ড চিনি মিশাইয়া যে পৰ্য্যন্ত না উক্ত চিনি গলিয়া যায় সেই পৰ্য্যন্ত মৃদু আঁচে জ্বাল দিয়া সিরাপ প্রস্তুত কর। চিনি গলিয়া গেলে নাবাইয়া ঠাণ্ডা হইতে দিবে এবং ঠাণ্ডা হইলে বোতলে পুরিবে।

(নকল)

উৎকৃষ্ট ওরিস মূল, ১ আউন্স; কোচিনিয়াল, ২ ড্রাম; টার্টারিক এসিড; ২ ড্রাম ও জল ২ পাইট।

প্রথমে ওরিস মূল ও কোচিনিয়াল থেঁতো করিয়া জল ও এসিডের সহিত ২৪ ঘণ্টা ভিজাইয়া রাখ, পরে ছাঁকিয়া লইয়া তাহাতে ৪ পাউণ্ড চিনি মিশাইয়া জ্বাল দাও। চিনি গলিয়া গেলে পুনরায় ছাঁকিয়া লইবে।

কাল জামের সিরাপ।

র‍্যাপস্‌বেরী সিরাপের ন্যায়।

সিনামন সিরাপ।

অয়েল অব সিনামন ..	৩০ ফোঁটা
কার্ব্বনেট অব ম্যাগনেসিয়া	৬০ গ্রেণ
জল	২ পাঁইট

প্রথমে অয়েলটি ম্যাগনেসিয়ার মাখাইয়া অল্প অল্প জল দিয়া

মিশাইয়া ছাঁকিয়া লইবে ও পরে চিনি মিশাইয়া নাড়িয়া গলাইয়া লইবে। ইহা জ্বালে চড়াইবার আবশ্যক নাই।

আঙ্গুরের সিরাপ।

২০ পাউণ্ড উৎকৃষ্ট পাকা বাছাইকরা আঙ্গুর লইয়া একটি প্রস্তরের পাত্রে রাখিয়া তাহাতে ৬ কোয়ার্ট গরম জল ঢালিয়া দিবে। হাত সহ্য হয় এমন ঠাণ্ডা হইলে সেই গরম জলে আঙ্গুর, গুলি চটকাইয়া উনানের উপর ৩ দিন রাখিয়া দিবে। পরে রস নিংড়াইয়া লইয়া ১০ পাউণ্ড চিনি মিশাইয়া একটি জারের ভিতর ১০ দিন পর্য্যন্ত রাখিয়া দিবে। যখন দেখিবে যে বেশ গাঁজলা হইয়াছে তখন ছাঁকিয়া লইয়া বোতলে পুরিবে। যদি যথেষ্ট পরিমাণ গাঁজলা না হইয়া থাকে, তবে আরও ২।৪ দিন রাখিয়া ছাঁকিয়া বোতলে পুরিবে।

(নকল।)

ব্র্যাণ্ডি	অৰ্দ্ধ পাঁইট
স্পিরিট অব লিমন	সিকি আউন্স
টিংচার অব রেড স্যাণ্ডারস্	২ আউন্স
সাধারণ সিরাপ	১ গ্যালন

ইম্পিরিয়াল সিরাপ।

সমানভাগ র‍্যাপসবেরী ও অরেঞ্জ সিরাপ।

লিমন (লেবুর) সিরাপ।

(আসল)

প্রথমে লেবুর হলদে ছালগুলি চাঁচিয়া ফেলিয়া দিয়া একটু চিনির সহিত পিসিয়া রস নিংড়াইয়া লইবে। প্রত্যেক এক

পাইট রসে সাড়ে তিন পাউণ্ড চিনি মিশাইয়া গরম করিয়া চিনি গলাইবে। যেন জ্বাল দেওয়া না হয়, কেবল সামান্য গরম করিয়া লইবে।

(নকল।)

সাধারণ সিরাপ	১ গ্যালন
অয়েল অব লিমন	২৫ ফোঁটা
সাইট্রিক এসিড	১০ ড্রাম

প্রথমে এসিডে ও অয়েলে মিশাইয়া সামান্য পরিমাণ সিরাপে গুলিবে এবং সেইটি অবশিষ্ট সিরাপে ভাল করিয়া নাড়িয়া মিশাইয়া লইবে।

নেক্টার (সুধা) সিরাপ।

ভ্যানিলা সিরাপ	৫ পাইট
আনারসের সিরাপ	১ ঐ
ষ্ট্রবেরী বা র‍্যাপস্‌বেরী সিরাপ	২ ঐ

একত্রে মিশ্রিত কর।

অরেঞ্জ ফ্লাউয়ার সিরাপ।

অরেঞ্জ ফ্লাউয়ার ওয়াটার	২ পাইট
চিনি	২৮ আউন্স

নাড়িয়া চিনি গলাইয়া লও।

অরেঞ্জ (কমলা লেবুর) সিরাপ।

(আসল।)

টাটকা কমলা লেবুর কোয	২ আউন্স
এলকোহল	২ ঐ

পরিষ্কার জল	৯ আউন্স
চিনি	১৪ ঐ

লিমন সিরাপের ন্যায়।

(নকল)।

অয়েল অব অরেঞ্জ	৩০ ফোঁটা
টার্টারিক এসিড্	৪ ড্রাম
সাধারণ সিরাপ	১ গ্যালন

এসিড ও অয়েল একত্রে মিশাইয়া সিরাপের সহিত মিশ্রিত করিবে।

পিচ্ সিরাপ।

র‍্যাপস্‌বেরী সিরাপের ন্যায়।

পিয়ার সিরাপ।

আনারসের সিরাপের ন্যায়।

রোজ সিরাপ।

সাধারণ সিরাপ	১ গ্যালন
এসেন্স অব রোজ	৬ আউন্স
সাইট্রিক এসিড	(সামান্য পরিমাণ)

রং করিবার জন্য কোচিনিয়াল আবশ্যকমত।

সার্সাপ্যারিলা সিরাপ।

সাধারণ সিরাপ	১ গ্যালন
এসেন্স সার্সাপ্যারিলা	২ আউন্স

রংয়ের জন্য ক্যারামেল আবশ্যকমত

সিরাপ অব টলু।

টিংচার অব টলু	৪০ গ্রেণ
আরবী গঁদ চূর্ণ	৪০ গ্রেণ
সাধারণ সিরাপ	৯০০ গ্রেণ

প্রথমে সামান্য পরিমাণ সিরাপের সহিত গঁদ গুলিয়া তাহাতে ক্রমে ক্রমে অবশিষ্ট সিরাপ মিশাইয়া লইবে।

ভ্যানিলা সিরাপ।

সিরাপ	২ গ্যালন
সাইট্রিক এসিড	১ আউন্স
এক্সট্রাক্ট ভ্যানিলা	২ ফ্লোরিড আউন্স

এসিড সামান্য পরিমাণ সিরাপে গুলিয়া পৃথক রাখিবে এবং অবশিষ্ট সিরাপের সহিত ভ্যানিলা এক্সট্রাক্ট গুলিয়া তাহাতে ঐ এসিড মিশ্রিত সিরাপ মিশ্রিত করিবে।

অন্যপ্রকার।

সাধারণ সিরাপ	৪ পাঁইট
এক্সট্রাক্ট ভ্যানিলা	২ আউন্স

মিশ্রিত কর।

স্যাম্পেন সিরাপ।

রাইন ওয়াইন	২ পাঁইট
ব্রাণ্ডি	২ আউন্স
সেরি	১ আউন্স
চিনি	৩ পাউণ্ড

বিনা আগুণের উত্তাপে চিনি গলাইয়া লও।

ভিনিগার।

(সাধারণ)

২০ গ্যালন বৃষ্টির জল, আড়াই পাউণ্ড এসেটিক এসিড, ১ গ্যালন গুড় ও এক কোয়ার্ট মদের গাঁজলা (যাহাকে ইংরাজীতে ইষ্টে বলে) একত্রে মিশাইয়া তিন সপ্তাহ পর্য্যন্ত এক স্থানে রাখিয়া দাও। ভিনিগার যদি অধিক কড়া করিবার ইচ্ছা কর, তবে অধিক পরিমাণে গুড় মিশ্রিত করিবে।

অন্যপ্রকার।

গুড়	১ কোয়ার্ট
মদের গাঁজলা	১ ঐ
জল	৪ গ্যালন

একটি পিপার মধ্যে ঐ সমস্ত জিনিস গুলি মিশাইয়া তাহাতে একটি লোহার জাল ঝুলাইয়া দিবে এবং তিন সপ্তাহ পর্য্যন্ত ভিজাইয়া রাখিবে।

অন্যপ্রকার।

এসেটিক এসিড	২ পাউণ্ড
গুড়	২ কোয়ার্ট
জল	২০ গ্যালন

বেশ করিয়া নাড়িয়া মিশ্রিত করিয়া তিন সপ্তাহ পর্য্যন্ত ভিজাইয়া রাখ।

অন্যপ্রকার।

সিডার	২০ গ্যালন
জল	১ ঐ
মদের গাঁজলা	২ ঐ

আর্গল ভিনিগার।

সাদা আর্গল বা ক্রিম অব টার্টার, ১ পাউণ্ড ও গরম জল, ৮ গ্যালন। প্রথমে গরম জলে উক্ত দুইটি দ্রব্যের মধ্যে কোন একটি দ্রব্য গলাইয়া লইয়া ঠাণ্ডা হইতে দিবে এবং ঠাণ্ডা হইলে তাহাতে দেড় গ্যালন প্রুফ স্পিরিট মিশাইয়া সামান্য ঢাকা দিয়া কোন একটি গরম স্থানে রাখিবে।

এরোমেটিক ভিনিগার।

কর্পূর	১ আউন্স
অয়েল অব ক্লোভস্	১ ড্রাম
,, অব সিট্রাট	৪০ গ্রেণ
,, অব ল্যাভেণ্ডার	৪০ ঐ
,, অব বার্গমেট	২০ ঐ
,, অব থিম	২০ ঐ
,, অব সিনামন	১০ ঐ
গ্লেসিয়াল এসিটিক এসিড	অর্দ্ধ পাউণ্ড

একটি কাচের ছিপিযুক্ত শিশিতে মিশাইয়া যতক্ষণ পর্য্যন্ত না কর্পূর গলিয়া যায়, সেই পর্য্যন্ত বেশ করিয়া নাড়িবে।

এরোমেটিক রোজ ভিনিগার।

২ আউন্স শুষ্ক লাল গোলাপফুল, এক কোয়ার্ট ভিনিগারে দুই সপ্তাহ পর্য্যন্ত ভিজাইয়া রাখ। প্রত্যহ একবার ভাল করিয়া নাড়িবে। পরে ছাঁকিয়া শিশিতে পুরিবে।

অন্যপ্রকার।

কলোঁ এক্সট্রাক্ট	২ আউন্স
এসেটিক এসিড	অর্দ্ধ পাইট
এলকোহল	৩ ঐ
অরেঞ্জ ফ্লাউয়ার ওয়াটার	অর্দ্ধ পাইট

দশ দিন পর্য্যন্ত ভিজাইয়া ছাঁকিয়া লও।

অন্যপ্রকার।

এক্সট্রাক্ট ক্যাসিয়া	অর্দ্ধ পাইট
,, ভায়োলেট	অর্দ্ধ ঐ
,, রোজ	অর্দ্ধ ঐ
টিংচার ওরিস	অর্দ্ধ ঐ
সাদা ওয়াইন ভিনিগার	দুই ঐ

দশদিন পর্য্যন্ত ভিজাইয়া ছাঁকিয়া লও।

চিলি (লঙ্কার) ভিনিগার।

উৎকৃষ্ট ভিনিগার	সওয়া এক কোয়ার্ট
ইংলিস লঙ্কা	১২৫ টা
অথবা	
লঙ্কাচূর্ণ	১০ আউন্স

লঙ্কাগুলি টুকরা করিয়া কাটিয়া অথবা লঙ্কাচুর্ণগুলি ভিনিগারে ভিজাইয়া রাখ।

কর্নো। ভিনিগার।

(ফ্রেঞ্চ)

এক পাঁইট ইউ ডি কলোঁতে অর্দ্ধ আউন্স কড়া এসেটিক এসিড মিশ্রিত কর।

কস্মেটিক্ ভিনিগার।

স্পিরিট	১ কোয়ার্ট
গাম বেনজয়েন	৩ আউন্স
(ঘন) এরোমেটিক ভিনিগার	১ ঐ
বাল্সাম পেরু	১ ঐ
অটো নিরোলি	১ ড্রাম
,, নাটমেগ	অর্দ্ধ ঐ

ভিনিগার।

(রন্ধন জন্য)

কাল মরিচের ভিনিগার, কেপার ভিনিগার, সেলারি সিড ভিনিগার, লঙ্কার ভিনিগার, ক্রোস সিন ভিনিগার, রশুনের ভিনিগার, আদা বা শুঁটের ভিনিগার, গাজরের ভিনিগার, পেয়াজের ভিনিগার প্রভৃতি যতপ্রকার রন্ধনোপোযোগী ভিনিগার আছে, তাহা অর্থাৎ যে দ্রব্যের ভিনিগার প্রস্তুত করিবার ইচ্ছা করিয়াছ, সেই দ্রব্য সাধারণ ভিনিগারে ২ সপ্তাহ পর্য্যন্ত ভিজাইয়া রাখিয়া ছাঁকিয়া লও।

কারি ভিনিগার।

অর্দ্ধ পাউণ্ড কারি পাউডার এক গ্যালন ভিনিগারে এক সপ্তাহ ভিজাইয়া রাখ।

জার্ম্মাণ হাউসহোল্ড ভিনিগার।

জল সাড়ে সাত গ্যালন; মধু অথবা চিনি, ২ পাউণ্ড; ক্রিম অব টার্টার, ২ আউন্স; করণস্পিরিট অথবা হুইস্কী ১ গ্যালন।

জিঞ্জার ভিনিগার।

শুঁট চুর্ণ, অর্দ্ধ পাউণ্ড ও ভিনিগার ৬ পাঁইট। দুই সপ্তাহ পর্য্যন্ত ভিজাইয়া ছাঁকিয়া লও।

গুজবেরী ভিনিগার।

থেঁতো করা গুজবেরী, সওয়া এক পাউণ্ড; চিনি, সওয়া এক পাউণ্ড ও জল ১ গ্যালন।

অন্যান্য ফলের ভিনিগার উক্ত প্রণালীতে প্রস্তুত হয়।

হাইজিনি ভিনিগার।

ব্রাণ্ডি, ১ পাঁইট; অটো অব ক্লোভস, ১ ড্রাম; অটো অব ল্যাভেণ্ডার, ১ ড্রাম; অটো অব মার্জ্জোরাম, অর্দ্ধ ড্রাম; গাম বেনজয়েন, ১ আউন্স।

কয়েক ঘণ্টা ভিজাইয়া তাহাতে ২ পাঁইট ভিনিগার মিশ্রিত করিয়া ছাঁকিয়া লও।

হুইস্কী ভিনিগার।

হুইস্কী, ১ পাঁইট; চিনি, ২ আউন্স ও ইয়েষ্ট, ১ চামচে।

সিলিংওয়াক্স

বা

মোহর করিবার গালা।

সাধারণ গালা এক প্রকার পোকার গালা হইতে জন্মে। সাধারণতঃ শীল মোহর করিবার জন্য যে সমস্ত গালা ব্যবহার হইয়া থাকে, তাহা খাঁটি গালা নহে, উহাতে নানাবিধ দ্রব্য দিয়া প্রস্তুত হয় এবং রং মিশাইয়া নানাপ্রকার রংয়ের হইয়া থাকে। নিম্নে কয়েক প্রকার উক্তরূপ গালা প্রস্তুতের প্রণালী লিখিত হইল, এবং এই প্রকার গালা সাধারণতঃ বাজারে বিক্রীত হইয়া থাকে।

কাল।

খাঁটি গালা	১৩ ভাগ
টার্পিণ	১২ ঐ
রেজিন	১২ ঐ
খড়ি	৩ ঐ
জিপসাম	২ ঐ
ভাইন ব্ল্যাক	৭ ঐ

অন্যপ্রকার।

খাঁটি গালা	২ ভাগ
হলদে রেজিন্	৩ ঐ
আইভরি ব্ল্যাক	২ ঐ

এ সকল দ্রব্যগুলি মিহি গুঁড়া করিয়া মৃদু আঁচে বিশেষ সাবধানতার সহিত গলাইয়া মিশ্রিত কর।

ঐ, (সাধারণ।)

রেজিন	৬ পাউণ্ড
খাঁটি গালা	২ ঐ

গলাইয়া তাহাতে ২ পাউণ্ড ভেনিস টার্পিণ ও রং করিবার জন্য ভূষা মিশ্রিত কর।

ঐ, (বোতলের উপর মোহর করিবার নিমিত্ত।)

৬ ভাগ রেজিন ও ৩ ভাগ প্যারাফিন একত্রে গলাইয়া তাহাতে সাড়ে আটাইশ ভাগ ভূষা মিশ্রিত কর।

ব্লু।

খাঁটি গালা	২ ভাগ
স্মাল্‌টস	১ ঐ
হল্‌দে রেজিন	২ ঐ

অন্যপ্রকার।

খাঁটি গালা	৭ ভাগ
টার্পিণ	৬ ঐ
পাইন রেজিন	সাড়ে তিন ভাগ
ম্যাগনেসিয়া	১ ঐ
খড়ি	২ ঐ
যে কোন প্রকারের ব্লু রং	২ হইতে আড়াই ভাগ

ভাল করিয়া গুঁড়া করিয়া মৃদু আঁচে বিশেষ সাবধানতার সহিত গলাইয়া মিশ্রিত কর।

ঐ, ফিকে ব্রাউন।

খাঁটি গালা	সাড়ে সাত আউন্স
ভেনিস টার্পিণ	৪ ঐ
রংয়ের জন্য ব্রাউন ওকার (রং)	১ ঐ
সিন্দুর অথবা সিনাবার	অৰ্দ্ধ ঐ

ঐ, ব্রাউন।

খাঁটি গালা	৪ ভাগ
টার্পিণ	১২ ঐ
পাইন রেজিন	৮ ঐ
জিপসাম	৪ ঐ
খড়ি	৪ ঐ
আম্বার রং	৪ ঐ

ঐ, গ্রীণ।

খাঁটি গালা	১৪ ভাগ
টার্পিণ	১৬ ঐ
পাইন রেজিন	৮ ঐ
ম্যাগনেসিয়া	৩ ঐ
বার্লিণ ব্লু রং	৫ ঐ
ক্রোম ইয়োলো রং	৫ ঐ

অন্যপ্রকার।

খাঁটি গালা	৬৫ ভাগ

পাইন রেজিন	২৪ ভাগ
টার্পিণ	১২ ঐ
জিপসাম	সাড়ে চারি ঐ
খড়ি	৬ ঐ
মাউণ্টন ব্লু রং	৯ ঐ
ওকার রং	৯ ঐ

ঐ, পার্শেল মোহর করিবার জন্য।

খাঁটি গালা	৭ ভাগ
রেজিন	১৩ ঐ
টার্পিণ	১০ ঐ
অয়েল টার্পিণ	১ ঐ
খড়ি	৩ ঐ
জিপসাম	২ ঐ
সিনাবার (রং)	৫ ঐ

অন্যপ্রকার।

খাঁটি গালা	৬ ভাগ
রেজিন	২৪ ঐ
টার্পিণ	১৫ ঐ
অয়েল টার্পিণ	দেড় ঐ
খড়ি	৯ ঐ
জিপসাম	১৬ ঐ
মিনিয়াম (রং)	১৮ ঐ

অন্যপ্রকার।

কলোকোনি	২০ ভাগ
পাইন্ রেজিন	১০ ঐ
টার্পিণ	৫ ঐ
খড়ি	সাড়ে সাত ঐ
অয়েল টার্পিণ	তিন ভাগের এক ভাগ

ঐ, লাল। (উৎকৃষ্ট)

খাঁটি গালা	২৪ ভাগ
টার্পিণ	১৬ ঐ
সিনাবার (রং)	১৮ ঐ
অয়েল টার্পিণ	৪ ঐ
ম্যাগনেসিয়া	৬ ঐ

অন্যপ্রকার।

খাঁটি গালা	১০ ভাগ
টার্পিণ	৬ ঐ
অয়েল টার্পিণ	১ ঐ
খড়ি	১ ঐ
ম্যাগনেসিয়া	২ ঐ
সিনিবার (রং)	৮ ঐ

অন্যপ্রকার।

খাঁটি গালা	২০ ভাগ
টার্পিণ	২ ঐ

অয়েল টার্পিণ	১ ভাগ
খড়ি	৩ ঐ
জিপ সাম	৩ ঐ
ম্যাগ্‌নেসিয়া	অর্দ্ধ ঐ
সিনাভার (রং)	১২ ঐ

ঐ, (সাধারণ।)

রেজিন	৪ পাউণ্ড
গালা	২ ঐ

একত্রে গলাইয়া তাহাতে

ভেনিস টার্পিণ	পৌণে এক পাউণ্ড
রেড্‌ লেড্‌ (রং)	পৌণে এক পাউণ্ড

মিশ্রিত কর।

অন্যপ্রকার।

খাঁটি গালা	৫০ ভাগ
ভেনিস টার্পিণ	সাড়ে বার ভাগ
চীনে সিন্দুর	সাড়ে সাঁইত্রিশ ভাগ

ঐ, (মধ্যম প্রকার।)

খাঁটিগালা	১ ভাগ
টার্পিণ	৮ ঐ
অয়েল টার্পিণ	অর্দ্ধ ঐ
খড়ি	৩ ঐ
ম্যাগনেসিয়া	১ ঐ
সিনাবার (রং)	৬ ঐ

অন্যপ্রকার।

খাঁটি গালা	৪ ভাগ
রেজিন	৬ ঐ
টার্পিণ	৬ ঐ
অয়েল টার্পিণ	অর্দ্ধ ঐ
খড়ি	২ ঐ
জিপ্সাম	৩ ঐ
সিনাবার (রং)	৪ ঐ

গোল্ড (স্বর্ণবর্ণের) সিলিং ওয়াক্স।

৪ আউন্স ফিকা রংয়ের খাঁটি গালা, একটি তামার পাত্রে খুব মৃদু আঁচে গলাইয়া সওয়া এক আউন্স গরম ভেনিস টার্পিণ মিশ্রিত কর ও তাহাতে ৩ আউন্স অভ্রের গুঁড়া বেশ করিয়া নাড়িয়া মিশ্রিত করিয়া একটি ধাতু নির্ম্মিত ছাঁচে ঢালিয়া জুড়াইতে দাও।

ওয়াক্স মিল্ক।

এক ভাগ ইয়োলো সোপ ও ৩ ভাগ জাপানিজ ওয়াক্স, ২১ ভাগ জলের সহিত যতক্ষণ পর্য্যন্ত না সাবান গলিয়া যায় সেই পর্য্যন্ত জাল দাও।

ইহা কাষ্ঠের কারুকার্য্য পালিসের জন্য ব্যবহার হয়।

ক্যাণ্ডল বা বাতী।

এডম্যাণ্টিন ক্যাণ্ডেল।

ভেড়ার চর্ব্বি, ১০০ পাউণ্ড; কর্পূর, আড়াই পাউণ্ড; মোম, ৪ পাউণ্ড ও ফটকিরি, ২ পাউণ্ড।

এরোমোটিক ক্যাণ্ডল।

বালসাম অব পেরু ও কর্পূর বাতীর অন্যান্য উপাদানের সহিত মিশ্রিত করিয়া বাতী প্রস্তুত কর।

অথবা কোন সুগন্ধ টিংচারে বাতীর পলিতা ভিজাইয়া শুষ্ক করিয়া লও।

এই বাতী জ্বালাইলে ঘর সুগন্ধ হয়।

লার্ড ক্যাণ্ডল।

এক পাউণ্ড ফটকিরি ও এক পাউণ্ড সোরা ২ কোয়ার্ট জলের সহিত নরম আঁচে গলাইয়া লও, পরে তাহাতে ১২ পাউণ্ড লার্ড (চর্ব্বি) মিশ্রিত করিবে। যতক্ষণ পর্য্যন্ত না ঐ লার্ড গলিয়া অন্যান্য দ্রব্যের সহিত মিশ্রিত হয়, ততক্ষণ পর্য্যন্ত উত্তম রূপে নাড়িবে। চর্ব্বি অধিকক্ষণ আগুনের উপর রাখিবে না, কেননা তাহা হইলে চর্ব্বির রং খারাপ হইয়া যাইবে। অনেকে বলেন যে, ট্যালো নির্ম্মিত বাতী অপেক্ষা এই বাতী অনেক উৎকৃষ্ট।

ট্যালো ক্যাণ্ডল।

ভেড়ার চর্ব্বি, (মটন ট্যালো) ১০ আউন্স; কর্পূর, অর্দ্ধ আউন্স; মোম, ৪ আউন্স এবং ফটকিরি, ২ আউন্স।

চর্ব্বির বাতী প্রস্তুত প্রণালী।

প্রথমে ফট্‌কিরি জলে গুলিয়া তাহাতে ট্যালো মিশ্রিত করিয়া যে পর্য্যন্ত না ঐ দুইটি জিনিস একত্রে মিশিয়া যায়, সেই পর্য্যন্ত ভাল করিয়া নাড়িতে থাকিবে এবং মিশ্রিত হইলে ছাঁচের ভিতর ঢালিয়া দিবে। পলিতাটি যেন ছাঁচের ঠিক মধ্যস্থলে থাকে। ছাঁচের তলা ও উপরে দুইটি কাঠিতে পলিতাটি সমান ভাবে আঁটিয়া বাঁধিয়া দিবে। ছয় ঘণ্টা পর্য্যন্ত ছাঁচের ভিতর রাখিলে বাতী শক্ত হইয়া যায় এবং বেশ শক্ত হইলে, উহা বাহির করিয়া লইবে।

চর্ব্বি ফটকিরির সহিত গলাইয়া মিশ্রিত করিতে হয়। যতটুকু সময় আগুণের উপর রাখিলে উহা গলিয়া যায়, ততটুকু সময় পর্য্যন্ত রাখিবে। অধিকক্ষণ রাখিলে চর্ব্বির রং বিকৃত হইয়া যায়

মোমবাতী।

মোম গলাইয়া ছাঁচের ভিতর ঢালিয়া দাও, অথবা হস্তদ্বারা মোম পলিতার চারিধারে দিয়া একটি মসৃণ কাষ্ঠের দ্বারা সেটিকে সমান করিয়া লইবে।

ঐ, নকল।

চর্ব্বি গলাইয়া তাহাতে একটু কুইকলাইম মিশাইলে চর্ব্বির সমস্ত ময়লা নীচে পড়িয়া গিয়া বেশ পরিষ্কার হয়। তাহাতে মোম মিশ্রিত করিয়া ছাঁচে ঢালিয়া বাতী প্রস্তুত করিবে।

দ্রব্যের পরিমাণ—এক ভাগ মোম ও অর্দ্ধ ভাগ চর্ব্বি।

ইহা দেখিতে আসল মোমবাতীর ন্যায়।

ফায়ার ওয়ার্কস্ বা পাইরোটেক্নি।

বাজী।

বাজীর একটি প্রধান উপাদান হইতেছে, মিল পাউডার। ১ নং কয়লার গুড়ার সহিত গন্ধক মিশ্রিত দ্রব্যকে মিল পাউডার বলে। উহার সহিত ক্লোরেট অব পটাস মিশাইলে তাহাকে ক্লোরেট মিল পাউডার বলে। নিম্নে তিন প্রকার সাধারণ ও ক্লোরেট মিল পাউডার প্রস্তুতের উপাদান লিখিত হইল। ক্লোরেট না মিশাইলে সাধারণ মিল পাউডার হয়।

ক্লোরেট মিল পাউডার।

নম্বর	১	২	৩
ক্লোরেট্ অব পটাস	২৫	১৫	৬০
কয়লার গুঁড়া, (মিহি)	৫	৬	৯
গন্ধক	৩	২	৮

এসটিরয়েড রকেট

বা

তারাকাটা হাউই।

(১ পাউণ্ড বারুদ প্রস্তুত করিতে হইলে) শোরা, ৮ আউন্স মিহি (১নং) কয়লার গুঁড়া, অর্দ্ধ আউন্স; গন্ধক, ২ আউন্স ও মিল পাউডার, দেড় আউন্স।

রং মশাল।

(সাদা আলো)

সোরা	৪ আউন্স
গন্ধক	১ ঐ
কাল সালফাইড অব এণ্টি মনি	১ ঐ

হলদে রং মশাল।

ক্লোরেট অব পটাস	৪ আউন্স
সালফাইড অব এণ্টিমনি	২ ঐ
গন্ধক	২ ঐ
অক্জ্যালেড অব সোডা	১ ঐ

ঐ, অন্যপ্রকার।

সোরা	১৪০ আউন্স
গন্ধক	৪৫ ঐ
অক্জ্যালেড অব সোডা	৩০ ঐ
চুণা	১ ঐ

গ্রীণ রং মশাল।

ক্লোরেট অব ব্যারিটা	২ আউন্স
নাইট্রেট অব ব্যারিটা	৩ ঐ
গন্ধক	১ ঐ

ঐ, অন্যপ্রকার।

ক্লোরেট অব পটাস	২০ আউন্স
নাইট্রেট অব ব্যারিটা	২১ ঐ
গন্ধক	১১ ঐ

লাল রং মশাল।

নাইট্রেট অব ষ্ট্রন্সিয়া	২৫ আউন্স
ক্লোরেট অব পটাস	১৫ ঐ
গন্ধক	১৩ ঐ
কাল সালফাইড অব এন্টিমনি	৪ ঐ
ম্যাষ্টিক্	১ ঐ

পিঙ্ক রং মশাল।

ক্লোরেট অব পটাস	১২ আউন্স
সোরা	৫ ঐ
মিল্ক সুগার	৪ ঐ
লাইকোপোডিয়াম্	১ ঐ
অক্‌জ্যালেট অব ষ্ট্রন্সিয়া	১ ঐ

ব্লু রং মশাল।

ক্লোবেট অব পটাস	৩ আউন্স
গন্ধক	১ ঐ
এমোনিয়া সালফেট অব কপার	১ ঐ

ফায়ার। (দীপক) সাদা দীপক।

সোরা	১৬ আউন্স
মিল পাউডার	৪ ঐ
গন্ধক	৮ ঐ

ইয়েলো দীপক।

সোরা	২ আউন্স
গন্ধক	৪ ঐ
নাইট্রেট অব সোডা	২০ ঐ
ভূষা	১ ঐ

লাল দীপক।

সোরা	৫ আউন্স
গন্ধক	৬ ঐ
নাইট্রেট অব ষ্ট্রন্সিয়া	২০ ঐ
ভূষা	১ ঐ

ব্লু দীপক।

সোরা	৮ আউন্স
গন্ধক	২ ঐ
সালফেট অব কপার	৪ ঐ

গ্রীণ দীপক।

সোরা	২৪ আউন্স
গন্ধক	১৬ ঐ
নাইট্রেট অব ব্যারিটা	৪৮ ঐ
ভূষা	১ ঐ

বেঙ্গল ফায়ার দীপক।

নাইট্রেট অব ষ্ট্রনসিয়া	৩ ভাগ
ক্লোরেট অব পটাসিয়াম	১ ঐ
খাঁটি গালা (চূর্ণ)	ভাগ

পার্পল দীপক।

কপার সালফাইড	১ ভাগ
ষ্ট্রন্সিয়াম নাইট্রেট	১৪ ভাগ
ক্যালোমেল	১৪ ভাগ
পটাসিয়াম ক্লোরেট	১৫ ভাগ
গালা	৫ ভাগ

বারুদে ক্যালোমেল আছে এজন্য ইহা ঘরের ভিতর জ্বালান উচিত নহে।

ভায়োলেট দীপক।

ক্যালসিয়াম কার্ব্বনেট	২ ভাগ
ম্যালা কাইট	২ ঐ
গন্ধক	২ ঐ
পটাসিয়াম ক্লোরেট	৬ ঐ

সিলভার রেন্ (রূপালি ফুলঝুরী।)

নম্বর	১	২	৩	৪
ইস্পাত চূর্ণ	১	২	২	৩
মিল পাউডার	৪	৭	৮	..
সোরা	...	১	..	২
গন্ধক	...	...	১	...
কয়লা	...	..	...	৩
নাইট্রেট অব লেড	...	...	...	১০

গোল্ডেন্ রেন্। (সোণালী ফুলঝুরী)।

নম্বর	১	২	৩	৪	৫
গন্ধক	১	১	১	...	...
সোরা	২	২	২	...	...
কয়লা	৬	১	৫	১	৩
মিল পাউডার	১৬	৬	১৮	৪	৮

রকেট্ (হাউই)

নম্বর	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮
গন্ধক	১	১	১২	৪	৮	৪	২	৪	২	২	১	১	৮	১	১	১	২	...
কয়লা	৪	২	১৭	৫	১১	৭	৪	৮	১২	৮	২	২	২৭	২	২	৪	৪	১
সোরা	৮	৫	৫০	১৬	৩২	১৬	৯	১৬	২০	১৬	৪	৪	৩৬	৪	৪	৮	৮	...
পাউডার মিল	...	...	...	...	...	...	৩	১		১	১	২	৬	২	১	১	১	৪
ইস্পাত চূর্ণ	...	...	...	...	...	...		...	...	...	...	...	...	১	১	২	...	...

ফাইভ পয়েণ্টেড ষ্টার

বা

পাঁচটি রশ্মিযুক্ত তারাবাজী।

মিল পাউডার	৩ ভাগ
গন্ধক	৮ ঐ
সোরা	১২ ঐ
সালফেট অব এণ্টিমনি	১ ঐ

অন্যপ্রকার।

গন্ধক	২ ভাগ
সোরা	৫ ঐ
সালফেট অব এণ্টিমনি	১ ঐ

বারুদ।

ইংলিস

সোরা	৭৫ ভাগ
গন্ধক	১০ ঐ
কয়লা	১৫ ঐ

ঐ, ফ্রেঞ্চ।

সোরা	৭৫ ভাগ
গন্ধক	সাড়ে বার ভাগ
কয়লা	সাড়ে বার ভাগ

ফ্লাউয়ার পট বা তুবড়ী।

সোরা	১৮ ভাগ
গন্ধক	৮ ঐ
ভূষা	৬ ঐ

ল্যান্স বা হাউই বিশেষ।

সাদা।

সোরা	২৬ ভাগ
গন্ধক	৯ ঐ
মিল পাউডার	৫ ঐ

ইয়েলো।

গন্ধক	৪ ভাগ
মিল পাউডার	৪ ঐ
নাইট্রেট অব সোডা	১৬ ঐ
ভূষা	২ ঐ

লাল।

সোরা	১৬ ভাগ
গন্ধক	১০ ঐ
মিল পাউডার	সাড়ে সাত ভাগ
নাইট্রেট অব ষ্ট্রনসিয়া	৩০ ঐ

ব্লু।

সোরা	৮ ভাগ
গন্ধক	২ ঐ
সালফেট অব কপার	৪ ঐ

গ্রীণ।

সোরা	৯৬ ভাগ
গন্ধক	৬৪ ঐ
ভূষা	৮ ঐ
নাইট্রেট অব ব্যারিটা	১৯২ ঐ

পিন হুইল বা চরকী বিশেষ।

সাধারণ।

সোরা	৬ ভাগ
গন্ধক	১ ঐ
মিল পাউডার	১৬ ঐ
কয়লা	৬ ঐ

ব্রিলিয়াণ্ট।

সোরা	১ ভাগ
গন্ধক	১ ঐ
মিল পাউডার	১৬ ঐ
ইস্পাত চূর্ণ	৭ ঐ

চাইনিজ।

সোরা	১ ভাগ
গন্ধক	১ ঐ
মিল পাউডার	৭ ঐ
লৌহ চূর্ণ	৭ ঐ

সাদা।

সোরা	৬ ভাগ
গন্ধক	৭ ভাগ
মিল পাউডার	১৬ ভাগ

স্কুইব এণ্ড সার্পেণ্ট।

গন্ধক	১ ভাগ
কয়লা	১ ভাগ
সোরা	২ ভাগ
মিল পাউডার	৮ ভাগ

অন্যপ্রকার।

কয়লা	১ ভাগ
মিল পাউডার	৮ ভাগ

অন্যপ্রকার।

মিল পাউডার	৪ ভাগ
ইস্পাত চুর্ণ	১ ভাগ

স্কুইব।

মিল পাউডার	২০ ভাগ
সোরা	৬ ভাগ
গন্ধক	৪ ভাগ
কয়লা	৪ ভাগ

অন্যপ্রকার।

মিল পাউডার	১৬ ভাগ
সোরা	৪ ভাগ
কয়লা	৪ ভাগ
গন্ধক	১ ভাগ

বেশ করিয়া মিশাইয়া ছাঁকনীতে ছাঁকিয়া লইবে।

ষ্টার বা তারা।

ক্রিমসন।

ক্লোবেট অব পটাস	২৪ ভাগ
নাইট্রেট অব ষ্ট্রনসিয়া	৩২ ভাগ
ক্যালোমেল	১২ ভাগ
গন্ধক	ভাগ৬
গালা	৬ ভাগ
সালফেট অব কপাব	২ ভাগ
কয়লা	২ ভাগ

অন্যপ্রকার।

ক্লোরেট পটাস	১২ ভাগ
নাইট্রেট অব ষ্ট্রনসিয়া	২০ ভাগ
গন্ধক	১১ ভাগ
কয়লা	২ ভাগ
এণ্টিমনি	২ ভাগ
ম্যাষ্টিক	১ ভাগ

অন্যপ্রকার।

নাইট্রেট অব ষ্ট্রনসিয়া	৭২ ভাগ
গন্ধক	২০ ভাগ
বারুদ	৬ ভাগ
কয়লা	২ ভাগ

গোলাপী ষ্টার।

ক্লোরেট অব পটাস	২০ ভাগ
কার্ব্বনেট অব ষ্ট্রনসিয়া	৮ ভাগ
ক্যালোমেল	১০ ভাগ
গালা	২ ভাগ
গন্ধক	৩ ভাগ
কয়লা	১ ভাগ

গ্রীণ ষ্টার।

ক্লোরেট অব পটাশ	২০ ভাগ
নাইট্রেট অব ব্যারিটা	৪০ ভাগ
ক্যালোমেল	১০ ভাগ
গন্ধক	৮ ভাগ
গালা	৩ ভাগ
কয়লা	১ ভাগ
ফিউজড সালফাইড অব কপার	১ ভাগ

ঐ, অন্যপ্রকার।

নাইট্রেট অব ব্যারিটা	৪০ ভাগ
রিয়ালগার	২ ভাগ

গন্ধক	৮ ভাগ
ভূষা	১ ভাগ

ঐ, অন্যপ্রকার।

ক্লোরেট্ অব পটাস	২৮ ভাগ
নাইট্রেট অব ব্যারিটা	১২ ভাগ
গন্ধক	১৫ ভাগ
ম্যাষ্টিক	১ ভাগ

ফিকে গোলাপী ষ্টার।

নাইট্রেট অব ষ্ট্রনসিয়া	৮ ভাগ
ক্লোরেট অব পটাস	৪ ভাগ
গন্ধক	৩ ভাগ
সালফিউরেট অব এণ্টিমনি	২ ভাগ

বিশেষ লক্ষ্য রাখিবে যে, নাইট্রেট অব ষ্ট্রনসিয়া যে শুষ্ক হয়।

ফিকে গ্রীণ ষ্টার।

নাইট্রেট অব ব্যারিটা	১৬ ভাগ
ক্লোরেট অব পটাস	৮ ভাগ
গন্ধক	৬ ভাগ
এণ্টিমনি	৩ ভাগ

ইয়েলো ষ্টার।

ক্লোরেট অব পটাস	২০ ভাগ
বাইকার্ব্বনেট অব সোডা	১৫ ভাগ

গন্ধক	৫ ভাগ
ম্যাষ্টিক	১ ভাগ

ঐ, অন্যপ্রকার।

ক্লোরেট অব পটাস	৩০ ভাগ
শুষ্ক সোডা	১২ ভাগ
গন্ধক	৮ ভাগ

গোলডেন ইয়েলো ষ্টার।

ক্লোরেট অব পটাস	২০ ভাগ
নাইট্রেট অব ব্যারিটা	৩০ ভাগ
অক্জ্যালেড অব সোডা	১৫ ভাগ
গন্ধক	৮ ভাগ
গালা	৪ ভাগ
কয়লা	১ ভাগ

গালা সলিউসন দ্বারা মিশ্রিত করিবে।

ব্লু ষ্টার।

ক্লোরেট অব পটাস	৮ ভাগ
সালফাইড অবা কপার	৬ ভাগ
চের্টিয়ার্স কপার	৫ ভাগ
গন্ধক	৪ ভাগ

ঐ, অন্যপ্রকার।

ক্লোরেট অব পটাস	১২ ভাগ
চেটিয়ার্স কপার	৬ ভাগ
গন্ধক	৪ ভাগ
ক্যালোমেল	১ ভাগ

ঐ, অন্যপ্রকার।

ক্লোরেট অব পটাস	১৬ ভাগ
চেটিয়ার্স কপার	১২ ভাগ
ক্যালোমেল	৮ ভাগ
ষ্টিয়ারিন	২ ভাগ
গন্ধক	২ ভাগ
গালা	১ ভাগ

ষ্টিয়ারিন খুব মিহি গুড়া হওয়া উচিত। এই ষ্টারের ব্লু রং অত্যন্ত গাঢ়।

ঐ, অন্যপ্রকার।

ক্লোরেট অব পটাস	২০ ভাগ
কার্ব্বনেট অব কপার	১৪ ভাগ
গন্ধক	১২ ভাগ
ম্যাষ্টিক	১ ভাগ

ঐ, অন্যপ্রকার।

সোরা	১২ ভাগ
সালফাইড অব এন্টিমনি	২ ভাগ

গন্ধক	৪ ভাগ
ভূষা	২ ভাগ

স্লু ষ্টার গুলি গঁদের জলে প্রস্তুত করিবে।

সাদা ষ্টার

সোরা	৯ ভাগ
গন্ধক	৩ ভাগ
এণ্টিমনি	২ ভাগ

ভায়োলেট ষ্টার।

ক্লোরেট অব পটাস	৯ ভাগ
নাইটেট অব ষ্ট্রনসিয়া	৪ ভাগ
গন্ধক	৬ ভাগ
কার্ব্বনেট অব কপার	১ ভাগ
ক্যালোমেল	১ ভাগ
ম্যাষ্টিক	১ ভাগ

বিস্কুট।

ডিজেষ্টিভ বিস্কুট।

৫ পাউণ্ড মোটা যবের ময়দা, ১ পাউণ্ড মাখন, সিকি পাউণ্ড চিনি, সিকি পাউণ্ড এরারুট চূর্ণ, ৪ টা ডিম্ব ১ কোয়ার্ট দুগ্ধ ও সিকি আউন্স কার্ব্বনেট অব সোডা।

প্রথমে মাখন ময়দার সহিত বেশ করিয়া মাখাইয়া একটি গর্ত্ত করিবে ও তাহার মধ্যে অন্যান্য সমস্ত দ্রব্যগুলি দিয়া সেই ময়দার সহিত বেশ করিয়া ঠাসিয়া মাখাইবে। সমস্ত জিনিস উত্তমরূপে মিশ্রিত হইলে সেই ময়দার তাল একটি পরিষ্কার ও সমান টেবেলের উপর ফেলিয়া বেলুন দিয়া পাতলা করিয়া বেলিয়া যেরূপ আকারের বিস্কুট প্রস্তুত করিতে ইচ্ছা করিয়াছ, সেইরূপ করিয়া কাটিবে এবং কাঁচা বিস্কুটের উপর মধ্যস্থলে পিনদ্বারা ক্ষুদ্র ক্ষুদ্র ছিদ্র করিয়া দিবে। পরে সেইগুলি একটি পরিষ্কার টিনের উপর রাখিয়া মধ্যবিৎ গরম উনানের মধ্যে দিয়া সেঁকিয়া লইবে।

ঐ, অন্যপ্রকার।

৫ পাউণ্ড যবের ময়দা, ১ পাউণ্ড মাখন, ৪ আউন্স চিনি, ৪টা ডিম্ব, সিকি আউন্স কার্ব্বনেট অব সোডা ও ১ কোয়ার্ট জল। প্রথমে সোডা জলে গুলিয়া লইবে ময়দার সহিত মাখন ভাল করিয়া মাখাইয়া একটি গর্ত্ত করিয়া তাহার ভিতর চিনি, ডিম্ব ও জল দিয়া ময়দাটি ভাল করিয়া মাখিয়া লইবে; এবং তাহা বেলিয়া পাতলা করিয়া আবশ্যকমত আকারে কাটিয়া পিনদ্বারা ছিদ্র করিবে ও তৎপরে সামান্য গরম উনানে সেঁকিয়া লইবে।

ছোট এরারুট বিস্কুট।

ময়দা সাড়ে পাঁচ পাউণ্ড, মাখন ৮ আউন্স, চিনি, ৬ আউন্স; এরারুট, ৬ আউন্স; ডিম ৩টা ও ১ পাইট লিকার।

পূর্ব্বলিখিত প্রণালীতে প্রস্তুত কর।

ভিক্টোরিয়া বিস্কুট।

ময়দা, সাড়ে তিন পাউণ্ড; মাখন, ২ আউন্স; চিনি, ২ আউন্স; ডিম্ব, ১টা।

খুব গরম উনানে সেঁকিয়া লইবে।

বাথ অলিভার বিস্কুট।

দুগ্ধ, ১ কোয়ার্ট; মাখন, ১ পাউণ্ড; জার্ম্মাণ ইয়েষ্ট, ২ আউন্স; ময়দা সাড়ে ছয় পাউণ্ড।

দুগ্ধ গরম করিয়া তাহাতে চিনি, ইয়েষ্ট ও এক মুঠা ময়দা দিয়া গাঁজলা জন্মিতে দিবে। এক হইতে দেড় ঘণ্টা পর্য্যন্ত রাখিলে উত্তম গাঁজলা জন্মে। অবশিষ্ট ময়দার সহিত মাখন মাখাইয়া তৎপরে তাহা ঐ দুগ্ধদ্বারা বেশ করিয়া মাখিয়া লইবে। সেই মাখা বেলিয়া আবশ্যকমত পাতলা করিবে এবং ইচ্ছামত আকারে কাটিয়া পিনদ্বারা ছিদ্র করিয়া এক হইতে দেড় ঘণ্টা সময় এমন কোন একটি গরম স্থানে ঢাকিয়া রাখিয়া দেবে, যাহাতে ঐ কাঁচা বিস্কুটে বাতাস না লাগে। পরে সামান্য গরম উনানে সেঁকিয়া লইবে।

নার্সারি বিস্কুট।

১ কোয়ার্ট দুগ্ধ, ৫ আউন্স চিনি, ৩ আউন্স ইয়েষ্ট ও সিকি পাউণ্ড ময়দা একত্রে মিশাইয়া গাঁজলা হইতে দিবে। গাঁজলা হইলে তাহাতে সিকি পাউণ্ড এরারুট, ৫ আউন্স মাখন ও আবশ্যকমত ময়দা দিয়া মাখিয়া রাখিয়া দিবে। যখন দেখিবে

যে ময়দা ঠিক প্রস্তুত হইয়াছে, অর্থাৎ ময়দার তালের ভিতর স্পঞ্জের ন্যায় ফোঁপড়া হইয়াছে এবং ওজনেও হাল্কা হইয়াছে, তখন তাহা হইতে ৪ পাউণ্ড মাত্রা ময়দা লইয়া অর্দ্ধ ইঞ্চি মোটা বেলিয়া গোল গোল করিয়া কাটিয়া একটি টিনের উপর সিকি ইঞ্চি তফাৎ তফাৎ সাজাইয়া বেশ গরম উনানে সেঁকিয়া লইবে। সেঁকা শেষ হইলে কোন একটি গরমস্থানে রাখিবে, কেননা তাহা হইলে ঐ বিস্কুট সহজে পরিপাক হয়।

সোডা বিস্কুট।

সাড়ে বার পাউণ্ড ময়দা, ১ আউন্স লবণ, ৬ আউন্স লার্ড, ১ আউন্স এসিড, দেড় আউন্স সোডা ও ২ কোয়ার্ট জল। ময়দা মাখিয়া অৰ্দ্ধ ঘণ্টা রাখিয়া পাতলা করিয়া বেলিবে, এবং ডিমের আকৃতিতে কাটিবে। মাপ ৫ ইঞ্চি লম্বা ও ৩ ইঞ্চি চৌড়া। এক একটি বাক্সে ৬ খানি করিয়া সাজাইয়া বেশ গরম উনানে সেঁকিয়া লইবে।

রাইস বিস্কুট।

সওয়া পাউণ্ড ময়দা, পৌনে এক পাউণ্ড সফেদা, (চালের গুঁড়া); অৰ্দ্ধ পাউণ্ড মাখন, ১ পাউণ্ড চিনি, ২টা ডিম্ব ও সিকি পাউণ্ড ভয়েল। ময়দা দুগ্ধ দিয়া মাখিবে। শুষ্ক টিনের উপর সাজাইয়া ঐ কাঁচা বিস্কুটের উপর সফেদা ছড়াইয়া দিবে।

পেরুভিয়ান বিস্কুট।

৪ আউন্স ময়দা, ১ পাউণ্ড সফেদা, অৰ্দ্ধ পাউণ্ড এরারুট ১ পাউণ্ড মাখন, ৬টা ডিম ও অৰ্দ্ধ আউন্স ভয়েল। সাধারণমত

ময়দা মাখিয়া মোটা করিয়া বেলিবে এবং মার্বেলের আকৃতি কাটিয়া টিনের উপর সামান্য চর্বি মাখাইয়া তাহার উপর সাজাইয়া মাঝারি জালে সেঁকিয়া লইবে।

স্নো-ড্রাপ বিস্কুট।

১ পাউণ্ড এরারুট, ১ পাউণ্ড ময়দা, ১০টা ডিমের শ্বেতাংশ, অর্দ্ধ পাউণ্ড মাখন, পৌণে এক পাউণ্ড চিনি ও সিকি আউন্স ভয়েল। প্রথমে ময়দায় মাখন মাখাইয়া অন্যান্য দ্রব্যগুলি মিশ্রিত করিবে পরে পেরুভিয়ান বিস্কুটের মত বেলিবে ও কাটিবে। খুব মৃদু আঁচে সেঁকিয়া লইবে।

স্রুবেরি বিস্কুট।

২ পাউণ্ড ময়দা, ১ পাউণ্ড চিনি, ১ পাউণ্ড মাখন, ৪টা ডিম্ব, এক চিমটা ছোট এলাচ গুঁড়া ও সামান্য একটু দুগ্ধ।

প্রথমে মাখন ময়দার সহিত মাখাইয়া তাহাতে অবশিষ্ট দ্রব্যগুলি মিশ্রিত করিবে। পাতলা করিয়া বেলিবে এবং আড়াই ইঞ্চি গোলাকৃতি করিয়া কাটিবে। পরিষ্কার টিনের উপর চর্বি না দিয়া সাজাইয়া খুব মৃদু জালে সেঁকিয়া লইবে। যখন দেখিবে যে ধারগুলি ঈষৎ ব্রাউন বর্ণ হইয়াছে, তখন জানিবে যে বিস্কুট ঠিক প্রস্তুত হইয়াছে।

কুইনস ড্রপ্স।

৮ আউন্স মাখন, ৮ আউন্স চিনি, ৪টা ডিম্ব, ১০ আউন্স ময়দা, ৬ আউন্স করন্টে। কেহ কেহ ইহাতে ভয়েল মিশাইয়া থাকেন।

প্রথমে চিনি ও মাখন একত্রে মিশ্রিত করিয়া তাহাতে ডিম্ব মিশ্রিত কর ও তৎপরে তাহাতে ময়দা ও করণ্টে যোগ কর। একটি টিনের ফনেলের উপর একটি লিনেন থলিয়ার মধ্যে ঐ মিশ্রিত দ্রব্য রাখিবে। ফনেল দিয়া গড়াইয়া না পড়ে এজন্য তাহার নিম্নভাগে একটি ছিপি আঁটিয়া দিবে। পরে সেই ফনেলের ছিপি খুলিয়া পরিষ্কার কাগজের উপর একটি আধুলি পরিমাণ বিস্কুট ফেলিয়া সেই কাগজ টিনের উপর রাখিবে ও বেশ গরম উনানে সেঁকিয়া লইবে।

প্রিমিয়াম্ ড্রপ্স।

১ পাউণ্ড মাখন, ১ পাউণ্ড চিনি, ৯টা ডিম্ব, ১ পাউণ্ড সফেদা, সিকি আউন্স ভয়েল, ১ পাউণ্ড ময়দা ও ৪ ফোঁটা এসেন্স অব লিমন।

কুইন্স ড্রপ্স প্রণালীতে প্রস্তুত কর।

তবে এই মিশ্রিত দ্রব্য কুইন্স ড্রপের দ্রব্যাপেক্ষা অপেক্ষাকৃত শক্ত হইবে।

স্পঞ্জ বিস্কুট।

১২টা ডিম্ব, ১ পাউণ্ড ২ আউন্স চিনি, ১৫ আউন্স ময়দা।

টিনের উপর ঘৃত মাখাইয়া তদুপরি চিনি ছড়াইয়া দিবে। মধ্যবিৎ আঁচে সেঁকিয়া লইবে। বিস্কুটের তলায় যেন পরিষ্কার ব্রাউন রং হয়।

য়্যামেণ্ড স্পাঞ্জ বিস্কুট।

অন্যান্য সমস্ত স্পঞ্জ বিস্কুটের ন্যায়। কেবল কতকগুলি জর্ডান য়্যামণ্ড (বাদাম) লম্বাদিকে ৬ বা ৮ টুকরা করিয়া কাটিয়া অল্প থেঁতো করিয়া প্রত্যেক বিস্কুটের উপর বসাইয়া ও তদুপরি চিনি ছড়াইয়া দিবে।

পূর্ব্ববৎ সেঁকিয়া লইবে।

ম্যাচেস্ (দেশালাই)।

সাধারণ।

কাষ্ঠের কাঠিগুলির অগ্রভাগ প্রথমে গন্ধকে ডুবাইয়া লইবে এবং বাক্সের গায়ে নিম্নলিখিত পেষ্ট মাখাইবে।

সাধারণ ফস্ফরাস, ৪ ভাগ; সোরা, ১৬ ভাগ, রেডলেড্, ৩ ভাগ ও ষ্ট্রংলেড, ৬ ভাগ।

অন্যপ্রকার।

(পেষ্ট) সাধারণ ফস্ফরাস, ৯ ভাগ; সোরা, ১৪ ভাগ, বিন-কসাইড্ অব ম্যাঙ্গানিস, ১৪ ভাগ; গদ বা সিরিস, ১৬ ভাগ।

প্রথমে সিরিস গলাইয়া তাহাতে ফস্ফরাস মিশ্রিত করিবে। ফস্ফরাস মিশিয়া যেন পাতলা হয়। তৎপরে তাহাতে সোরা ও বং মিশাইবে। ঐ পেষ্ট যেন সমস্থানে রাখা হয়।

গঁদ ব্যবহার করিলে আগুনের উত্তাপ দিবার আবশ্যক হয় না। কিন্তু গদযুক্ত দেশালাই শীঘ্র ঠাণ্ডা লাগিয়া নষ্ট হয়।

ক্লোরেট্ ম্যাচেস।

ক্লোরেট্ অব পটাস্, ৩০ গ্রেণ; ফ্লাউয়াল্ অব সালফার, ১০ গ্রেণ; গিছরি চূর্ণ, ৮ গ্রেণ; আরবী গঁদ চূর্ণ, ৫ গ্রেণ; সিন্দুর, আবশ্যক মত।

পাথরের খলে পটাস্ ভাল করিয়া চূর্ণ করিয়া একটি মার্ব্বেল প্রস্তরের উপর রাখিয়া তাহার সহিত অন্যান্য মসলাগুলি একটি হাড়ের বা কাষ্ঠের ছুরীদ্বারা মিশ্রিত করিবে ও তাহাতে আবশ্যক মত জল দিয়া পেষ্ট প্রস্তুত করিবে।

ইংলিস্ ম্যাচেস্।

২ ভাগ সিরিস ৪ ভাগ জলে ভিজাইয়া নরম করিয়া লইয়া একটি গরমজলের পাত্রের উপর বসাইয়া পাতলা করিয়া লইবে এবং তাহাতে দেড় হইতে দুই ভাগ ফস্ফরাস মিশ্রিত করিবে। মিশাইবার সময় কোন কাষ্ঠ দ্বারা বেশ করিয়া নাড়িবে।

ফস্ফরাস উত্তমরূপে মিশিয়া গেলে তাহাতে ৪ বা ৫ ভাগ ক্লোরেট অব পটাস্; ৩ বা ৪ ভাগ কাচচূর্ণ এবং রং করিবার জন্য আবশ্যকমত রেড লেড সাবধানের সহিত মিশাইয়া যে পর্য্যন্ত না ঠাণ্ডা হয়, সেই পর্য্যন্ত নাড়িতে থাকিবে।

বাক্সের গায়ে উক্ত পেষ্ট মাখাইবে।

সেফ্‌টি ম্যাচেস্।

কাঠিতে মাখাইবার জন্য—

ক্লোরেট অব পটাস	৬ ভাগ
সালফাইড্ অব এণ্টিমনি	২ বা ৩ ভাগ
সিরিস, (শুষ্ক)	১ ভাগ

বাক্সে লাগাইবার জন্য—

এমরফাস ফস্ফরাস	১০ ভাগ
অক্সাইড অব ম্যাঙ্গানিস বা সালফাইড অব এণ্টিমনি	৮ ভাগ
সিরিস (শুষ্ক)	৩ হইতে ৬ ভাগ

বিশেষ লক্ষ্য রাখিবে যে, সমস্ত দ্রব্যগুলি ভাল করিয়া মিশ্রিত করা হয়।

ক্লোরাইড অব পটাস যেন শুষ্কাবস্থায় অন্যান্য দ্রব্যের সহিত মিশ্রিত করা না হয়।

সিরিসকে প্রথমে গরম জলে গুলিয়া তাহাতে পটাস মিশ্রিত করিবে ও তৎপরে অপরাপর মসলা একত্র যোগ করিবে।

বুরুস দিয়া বাক্সে মাথাইবে।

অন্য প্রকার।

কাঠির জন্য—

সিরিস, ১৬ ভাগ; ক্রোমইয়েলো, ২ ভাগ; অক্সাইড অব আয়রণ, ২ ভাগ; পার অক্সাইড অব ম্যাঙ্গানিস, ২৭ ভাগ; হাইপো-সালফাইড অব লেড, ৮ ভাগ এবং ক্লোরেট্‌ অব পটাস ৩৬ ভাগ।

বাক্সের জন্য—

হাইপোসালফাইড অব লেড, ২০০ ভাগ; ক্লোরেট্‌ অব পটাস, ১৪ ভাগ; অক্সাইড অব আয়রণ, ৭ ভাগ; কাচচূর্ণ, ৮ ভাগ; উৎকৃষ্ট সিরিস, ৪ ভাগ; এমরফাস ফস্ফরাস ২৪ ভাগ।

সিরিস জলে গুলিয়া লইবে ও অন্যান্য দ্রব্যগুলি ভাল করিয়া গুঁড়া করিয়া লইবে সিরিসের সহিত মিশ্রিত করিবে।

বুরুস দ্বারা মাখাইবে।

ফস্ফরাস ব্যতীত দেশলাই।

কাঠির জন্য—

৪ হইতে ৬ ভাগ ক্লোরেট অব পটাস, ২ ভাগ বাইক্রোমেট অব পটাস, ২ ভাগ অক্সাইড অব আয়রণ বা লেড, ও ৩ ভাগ ষ্ট্রং সিরিস।

বাক্সের জন্য—

২০ ভাগ সালফেট অব এণ্টিমনি, ২ হইতে ৪ ভাগ বাই-ক্রোমেট অব পটাস, ৪ হইতে ৬ ভাগ অক্সাইড অব আয়রণ, লেড বা ম্যাঙ্গানিস, ২ ভাগ কাচচূর্ণ ও ২ হইতে ৩ ভাগ ষ্ট্রং সিরিস বা গঁদ।

গন্ধক বিহীন দেশালাই।

কাঠির জন্য—

সাধারণ ফস্ফরাস, ৩ ভাগ; ষ্ট্রং সিরিস, সাড়ে তিন ভাগ; জল, ৩ ভাগ; মিহি বালী ২ ভাগ; রং, অর্দ্ধ ভাগ, ও ক্লোরেট অব পটাস, ৩ ভাগ।

এমরফাস ফস্ফরাস বিষাক্ত নহে বা সহজে জলিয়া উঠে না, সুতরাং সাধারণ ফস্ফরাস অপেক্ষা ইহা ব্যবহার করা যুক্তিযুক্ত।

বাক্সের জন্য—

এমরফস্ ফস্ফরাস, ৩ ভাগ; ক্লোরেট অব পটাস, ৪ ভাগ; সিরিস, আড়াই ভাগ, জল, ৫ ভাগ; কাচচূর্ণ, ২ ভাগ।

এই দেশলাই জ্বালিলে দুর্গন্ধ হয় না।

নানাবিধ।

মার্ব্বেল প্রস্তর পরিষ্কার করিবার প্রণালী।

২ ভাগ সোডা কার্ব্বনেট, ১ ভাগ পুমিস ষ্টোন ও ১ ভাগ খড়ি।

উপরোক্ত দ্রব্যগুলি বেশ করিয়া গুড়া করিয়া জলে মিশাইয়া পেষ্ট কর ও তদ্দ্বারা ময়লা মার্ব্বেল পাথর পরিষ্কার কর, তৎপরে সাবান দিয়া ধুইয়া ফেল।

নকল আইভরি।

৫০ ভাগ জলে ৪ ভাগ সাবফিউরিক এসিড গুলিয়া তাহাতে কতকগুলি গোল আলু টুকরা করিয়া দিয়া ৩৬ ঘণ্টা পর্য্যন্ত ভিজাইয়া রাও। পরে সেই আলুর টুকরা গুলির উপর ব্লটিং পেপার ঢাকা দিয়া বেশ করিয়া চাপ দাও। সেই আলুর টুকরা গুলি একত্রে জমিয়া আইভরির ন্যায় দেখাইবে।

ইহাতে বিলিয়ার্ড বল, চিরুণী, বোতাম প্রভৃতি প্রস্তুত হয়।

বড় ইন্দুর তাড়াইবার উপায়।

বাড়ীতে বড় ইন্দুরের অত্যন্ত উপদ্রব হইলে, যেখানে ইন্দুরের গর্ত্ত আছে বলিয়া বোধ হইবে, তাহার নিকটবর্ত্তী কতকটা

স্থানে কষ্টিক পটাস গুলিয়া পাতলা করিয়া ঢালিয়া দিবে। ইন্দুরেরা ইহার উপর দিয়া যাতায়াত করিলে তাহাদিগের পায়ের তলায় ক্ষত হয় এবং সেই ক্ষত চাটিলে তাহাদিগের জিহ্বাতেও ক্ষত হয়। ইহাতে ভীত হইয়া ইন্দুরেরা পলাইয়া যায়।

২। একটি জীবিত ইন্দুর ধরিয়া তাহার গায়ে আলকাতরা মাখাইয়া ছাড়িয়া দাও, দেখিবে যে সমস্ত ইন্দুর পলাইয়াছে।

৩। একটি জীবিত ইন্দুর ধরিয়া তাহার গলায় একটা ক্ষুদ্র ঘণ্টা বাঁধিয়া ছাড়িয়া দাও, সেই ঘণ্টার শব্দে সমস্ত ইন্দুর পলাইয়া যাইবে।

৪। যদি ইন্দুর খাঁচায় পড়িতে না চায়, তবে খাঁচার তলায় অনেকটা অয়েল অব রোডিয়ম ঢালিয়া দাও, তাহার গন্ধে মুগ্ধ হইয়া ইন্দুর খাঁচায় প্রবেশ করিবে।

ছোট ইন্দুর তাড়াইবার উপায়।

ইন্দুরের প্রিয় খাদ্যের সহিত টাটার এমেটিক মিশাইয়া দাও, দেখিবে যে অল্প দিনের মধ্যে সমস্ত ইন্দুর পলাইয়া গিয়াছে।

১। ১ ভাগ ক্যালোমেল, ৫ ভাগ যবের ময়দা ১ ভাগ চিনি, বার ভাগের এক ভাগ আল্ট্রা মেরিণ একত্রে মিশ্রিত কর। ইহা ইন্দুরের পক্ষে তীব্র বিষ।

২। আলমারি বাক্সের মধ্যে কর্পূর ছড়াইয়া দিলে ছোট ইন্দুর সেখানে অগ্রসর হয় না।

দুগ্ধ নষ্ট না হইবার উপায়।

দুগ্ধে সামান্য পরিমাণে বোরাসিক এসিড মিশাইলে মিশ্র দুগ্ধ কাটিয়া যায় না এবং অনেক দিন পর্যন্ত টাট্কা থাকে।

ঘর্ম্ম নিবারণের উপায়।

লাইকার এট্রোফি	২ ড্রাম
জল	১ পাঁইট

স্পঞ্জে ভিজাইয়া গাত্র মুছিয়া ফেল। ২ মিনিটের অধিক সময় রাখিবে না।

অনেকের হস্তপদে অত্যধিক পরিমাণে ঘর্ম্ম হয় তাহা নিবারণ জন্য—

কার্ব্বলিক এসিড্	১ ভাগ
ফট্‌কিরি (পোড়া)	৪ ভাগ
ষ্টার্চ্চ	২০০ ভাগ
ফ্রেঞ্চ খড়ি	৫০ ভাগ
অয়েল অফ লিমন	২ ভাগ

উত্তমরূপে চূর্ণ ও একত্রে মিশ্রিত করিয়া হস্তপদে মালিস করিবে অথবা মোজা ও দস্তানার ভিতর দিয়া ব্যবহার করিবে।

অন্য প্রকার।

এসিড্ ট্যানিক	অর্দ্ধ ড্রাম
একোয়া রোজাল	অর্দ্ধ আউন্স
স্পিরিট ভাইনাম, রেক্টিফায়েড	আড়াই আউন্স
জল	৩ আউন্স

সকালে ও বৈকালে স্পঞ্জ দ্বারা মুছিয়া দিবে। ঔষধ ব্যবহার করিবার পূর্ব্বে হস্তপদ উত্তমরূপে সাবান ও গরম জলদ্বারা ধুইয়া বেশ করিয়া শুষ্ক করিবে।

উল্কীর দাগ তুলিবার উপায়।

নাইট্রিক এসিড্ শিশির কাচের ছিপিদ্বারা যতটুকু স্থানে দাগ আছে সেই স্থানে লাগাইবে। অতিরিক্ত স্থানে লাগাইবে না, কেননা বিনা কারণে অধিক পরিমাণে ক্ষত করিবার আবশ্যক নাই। এসিড্ লাগাইয়া ২।৩ মিনিট রাখিয়া পরে পরিষ্কার ও শীতল জলে ধুইয়া ফেলিবে। এসিড্ লাগাইবার ২।৩ দিন পরে ঐ স্থানে ফোস্কা হয় এবং তাহার উপর উল্কীর দাগ দেখিতে পাওয়া যায়। সেই ফোস্কার ছাল ধীরে ধীরে উঠাইয়া ফেলিবে। যদি ফুলিয়া বেদনা হয়, তবে পুল্টিস দিবে বা গরম জলে ধুইবে।

ডাইং।

সূতা, কাপড় পশমে রং করিবার প্রণালী।

রং করিবার পূর্ব্বে যে যে আয়োজন বা কার্য্য করিতে হইবে তাহা অগ্রে লিখিত হইল। কেন না, এই সমস্ত বিষয়ে সবিশেষ মনোযোগী না হইলে রং ভাল হয় না। রং করিবার পূর্ব্বে সেই সেই বিষয়ের প্রতি বিশেষ লক্ষ্য রাখা কর্ত্তব্য।

পাত্র—যে পাত্রে রং ও যাহা রং করা হইবে, সর্ব্বাগ্রে তাহার বিষয় লিখিত হইতেছে। রং করা পাত্রের বহুবিধ নাম আছে, যথা, ভ্যাট, (ইহা নীলের জন্য ব্যবহৃত হয়), বেক্, ট্রিফ প্যান, কেট্‌ল্ বাথ, সিষ্টারণ ইত্যাদি। ভিন্ন ভিন্ন প্রকার কার্য্যের জন্য পাত্রগুলির ভিন্ন ভিন্ন ধাতুতে গঠিত ও বিভিন্ন প্রকার আকৃতির জন্য ভিন্ন ভিন্ন নামে অভিহিত হইয়া থাকে। কাল ও অন্যান্য গাঢ়

রংয়ের জন্য লোহা বা তামার ধাতুপাত্র সাধারণতঃ ব্যবহৃত হইয়া থাকে। উজ্জল বা হাল্কা রংয়ের জন্য ব্লক্ টিনের পাত্র ব্যবহার হয়। টিনের পাত্র ব্যবহারের আর একটি উপকারিতা আছে যে, রং করিবার পূর্ব্বে পাত্রটি ময়লা কি না জানিতে পারা যায়। অন্য ধাতু পাত্র ব্যবহার করিলে কোন ক্ষতি হয় না, কারণ, যে সামান্য পরিমাণ এসিড্ রংয়ের সহিত ব্যবহার করা যায়, তদ্দ্বারা ধাতুর কস উঠিলে রংয়ের কোন ক্ষতি হয় না। তবে ব্যয়াধিক্য জন্য টিনের পাত্রই প্রশস্ত।

তাপ—অধিক উত্তাপ বা সামান্য উত্তাপে রং ভাল বা মন্দ হয়, ইহা সম্বন্ধে মতানৈক আছে। তবে যে ক্ষেত্রে উত্তাপ অল্প হইতে অধিক করিতে হইবে, সেই ক্ষেত্রে ষ্টিমের উত্তাপ ব্যবহার করা শ্রেয়।

যাহা রং করিতে হইবে, তাহা রংয়ে দিবার পূর্ব্বে জলে উত্তম রূপে ভিজাইয়া লওয়া কর্ত্তব্য, নচেৎ ভালরূপে রং ধরে না।

রং করিবার সময় যাহা রং করা হইবে, তাহা নাড়িয়া দেওয়া উচিত। কোন কোন জিনিস সর্ব্বদা এবং কোন কোন জিনিস মধ্যে মধ্যে নাড়িতে হইবে।

সকল রং একেবারে গুলিয়া তদ্দ্বারা রং করিলে জিনিসে রং হয় না। পশম বা রেশমে সহজে রং ধরে না, এজন্য রং ভাগ করিয়া রং করিবার সময় মধ্যে মধ্যে মিশাইতে হয়। তুলার জিনিস রং করিবার সময় এরূপ করিবার আবশ্যক হয় না।

রং করিবার পর কোন জিনিস তৎক্ষণাৎ কোন জিনিস ঠাণ্ডা হইলে জলে ধুইয়া লইতে হয়। আবার কোন কোন জিনিস ধুইবার আদৌ আবশ্যক হয় না।

ধুইবার পর শুষ্ক করা একটি কঠিন ব্যাপার। যে ঘরে অধিক আলোক নাই এমন একটি ঘরে ষ্টিমের গরমে শুষ্ক করা আবশ্যক। স্যাফ্লউয়ার রং অন্ধকার ঘরে কেবল মাত্র শীতল বাতাসে শুষ্ক করা আবশ্যক।

যদি আকাশ বেশ পরিস্কার থাকে তবে বাহিরে কেবল বাতাসে অনেক রং শুষ্ক করা যাইতে পারে। ব্লু, কোচিনিয়াল, স্কার্লেট রং প্রভৃতি এইরূপে শুষ্ক করা হয়।

রং পাকা করার জন্য এক প্রকার মসলা মিসান হয়, তাহাকে মর্ডণ্ট বলে। যেরূপে মর্ডণ্ট প্রস্তুত হয়, তাহা নিম্নে লিখিত হইল।

	১ নং	২ নং	৩ নং	৪ নং
জল (গ্যালন)	৪৫	৪৫	৪৫	৪৫
ফট্‌কিরি (পাউণ্ড)	১০০	১০০	২০০	১৯০
সুগার অব লেড্ (পাউণ্ড)	১০০	১২৯	২০০	১৯০
সোডাক্রিষ্ট্যাল (পাউণ্ড)	১০,	১০	১০	১৯

প্রথমে ফট্‌কিরি গরম জলে গুলিয়া তাহাতে সোডা মিশাইয়া যে পর্য্যন্ত না গলিয়া মিশ্রিত হয় সে পর্য্যন্ত নাড়িবে, এবং তৎপরে তাহাতে লেড্ মিশ্রিত করিবে ১ নং ও ২ নং ক্যালিকোতে ব্যবহার হয়। গদযুক্ত রংয়ে ২ নং মর্ডণ্ট ব্যবহার। ৩ নং ও ৪ নং মসলিন রং করিবার বিশেষ উপযোগী।

এসিটেট্ অব লাইম হইতে নিম্নলিখিত দুই প্রকার লাল জল প্রস্তুত হয়।

	১ নং	২ নং	
এসিটেট অব লাইম	৫০	৯০	গ্যালন
ফট্‌কিরি	২০০	—	পাউণ্ড
সাল্‌ফেট অব এলুমিনা	—	২৭২	ঐ
খড়িচূর্ণ	১২	৩৩	ঐ

প্রথমে এসিটেট অব লাইম ১৪০ ডিগ্রী পর্য্যন্ত গরম করিয়া তাহাতে ফটকিরি বা সালফেট অব এলুমিনা যে পর্য্যন্ত না সম্পূর্ণ-রূপে গলিয়া মিশ্রিত হয়, সেই পর্য্যন্ত নাড়িবে এবং তৎপরে খড়িচূর্ণ অল্প অল্প করিয়া মিশাইবে এবং যে পর্য্যন্ত না ঠাণ্ডা হয়, সেই সময় পর্য্যন্ত নাড়িতে থাকিবে। পরে ছাঁকিয়া লইবে।

১ নং দ্রব্যটি গাঢ় রক্তবর্ণে ও ২ নং দ্রব্যটি চকোলেট রং য়ে ব্যবহার হয়।

শূকরের কুচি রং করিবার উপায়। যে রংয়ে সূতার বা পশমী জিনিস রং করা হয়, তাহাতে ডুবাইয়া লও।

সূতা রং করিবার উপায়।

এনিলিন ব্ল্যাক।

ছয় পাউণ্ড নয় আউন্স এনিলিন তৈলের সহিত পোণে নয় পাউণ্ড মিউরেটিক এসিড মিলিত কর এবং চারি পাউণ্ড ৬ আউন্স ক্লোরেট অব পটাস ৭৬ ভাগ জলে মিশাইয়া উক্ত প্রথম বর্ণিত মিশ্রিত দ্রব্যের সহিত একত্রে মিলাইয়া লও। তৎপরে তাহাতে ৪৪ পাইট ক্লোরাইড অব আয়রণ মিশাও। সূতাগুলি

অগ্রে ধুইয়া লইবে এবং উক্ত মিশ্রিত রংয়ে যথেষ্ট পরিমাণ ১০০ ডিগ্রী গরম জলে মিশাইয়া জল গরম থাকিতে থাকিতে তাহাতে ডুবাইয়া ৮।১০ ঘণ্টা পর্য্যন্ত রাখিবে। জল হইতে সুতা গুলি উঠাইয়া প্রথমে সোডা সলিউশনে অর্দ্ধ ঘণ্টা পর্য্যন্ত ডুবাইবে, কেননা তাহাতে অতিরিক্ত এসিড বাহির হইয়া যায়। পরে ৭ আউন্স ক্রোমেট অব পটাস ৩৩ কোয়ার্ট জলে গুলিয়া তাহাতে ঐ সুতাগুলি অর্দ্ধ ঘণ্টা পর্য্যন্ত ডুবাইবে। ইহাতে রং স্থায়ী হয় ও সবুজ বর্ণ হয় না। এলিজারিন অয়েল, সাড়ে সতের আউন্স, পটাস, ২ পাউণ্ড ৩ আউন্স; ৩৩ কোয়ার্ট জলে গুলিয়া সেই জলে ভাল করিয়া কাচিয়া তৎক্ষণাৎ শুষ্ক করিতে দিবে। ইহাতে লিনেন, শোণ, পাট, রেশম এবং সুতা বা কাপড় উত্তম রং হয়।

উপরে যে রংয়ের ভাগ লিখিত হইল তাহাতে ১০০ পাউণ্ড জিনিস রং করা হয়।

অন্য প্রকার।

৮৮ পাউণ্ড একস্‌ট্রাক্ট লগউড সহ তিন ঘণ্টা সিদ্ধ করিয়া বেশ করিয়া নিংড়াইয়া লও ও শুষ্ক কর। শীতল জলে সাড়ে সতের পাউণ্ড ব্লুষ্টন এবং ক্রোমেট অব পটাস গুলিয়া তাহাতে পুনরায় এক ঘণ্টা ডুবাইয়া রাখ এবং পুনরায় লগউড মিশ্রিত জলে ডুবাইয়া দাও। শেষবার যখন লগউড জলে ভিজাইবে, তখন যেন তাহাতে সাড়ে সতের পাউণ্ড সোডা অ্যাস দেওয়া থাকে। এইরূপে দুই ঘণ্টা পর্য্যন্ত ভিজাইয়া তাহার পর ১১ পাউণ্ড হিরাকস ভিজান জলে কাচিয়া লইবে।

উক্ত রংয়ের পরিমাণ ২২০ পাউণ্ড জিনিসের নিমিত্ত ব্যবহার হয়।

ব্লু-ব্ল্যাক।

প্রথমে সুম্যাক চূর্ণের সহিত সূতাগুলি বেশ করিয়া সিদ্ধ করিয়া লইবে ও তৎপরে তাহাতে গর্ডন্ট মিসাইয়া নিংড়াইয়া লইবে। পরে চূণের জলে ডুবাইয়া লইয়া বেশ করিয়া ঠাণ্ডা জলে কাচিয়া লইবে এবং কাচিবার পূর্ব্বে সেই জলে লগউড ও তুঁতে মিশাইবে।

চায়না ব্লু।

৪ পাউণ্ড ফট্‌কিরি ও সাড়ে নয় পাউণ্ড চায়না ব্লুর সহিত প্রথমে সিদ্ধ কর। সিদ্ধ করিবার সময় সর্ব্বদা নাড়িয়া দিবে। তাপ ১২০ ডিগ্রি হইতে আরম্ভ করিয়া ১৫০ ডিগ্রি পর্য্যন্ত। ছায়ায় রং করিবে।

৫০ পাউণ্ড জিনিস রং হয়।

ব্লু।

৩ পাউণ্ড ফট্‌কিরি, দেড় পাউণ্ড কার্ব্বনেট্ অব সোডা, ৪ আউন্স টার্টারিক এসিড ও ৬ আউন্স "কটন ব্লু"। তাপ ১০০ ডিগ্রি হইতে ২৪০ ডিগ্রি পর্য্যন্ত। শীতল স্থানে রং করা ও সর্ব্বদা নাড়িয়া দেওয়া আবশ্যক।

৫০ পাউণ্ড জিনিস রং হয়।

উজ্জ্বল ব্রাউন।

প্রথমে ৯ পাউণ্ড থয়ের ও দেড় আউন্স ব্লুষ্টোন সহিত এক ঘন্টা সিদ্ধ করিয়া নিংড়াইয়া লইবে ও তৎপরে ৯ পাউণ্ড বাই-ক্রোমেট্ অব পটাস সহ সিদ্ধ করিবে। তাহার পর সাড়ে ছয় আউন্স সুম্যাকে সিদ্ধ জলে সাড়ে তিন আউন্স সল্ট অব টিন মিশাইয়া তাহাতে ১৫ মিনিট পর্য্যন্ত ভিজাইয়া রাখিবে। তৎপরে ঠাণ্ডা জলে কাচিয়া শুকাইয়া লইবে।

ডার্ক ব্রাউন।

১০ পাউণ্ড থয়ের মর্ডন্টের সহিত সিদ্ধ করিয়া তাহাতে ১ পাউণ্ড লগউড একষ্ট্রাক্ট, সিকি পাউণ্ড ম্যাজেন্টা দিয়া তিন ঘন্টা পর্য্যন্ত ভিজাইয়া রাখিবে। পরে অন্য একটা পাত্রে ৩ পাউণ্ড বাইক্রোমেট অব পটাসে ও ২ পাউণ্ড সোডার সহিত ভিজাইবে।

সাধারণ ব্রাউন।

প্রথমে ২০ পাউণ্ড থয়েরের জলে সিদ্ধ করিয়া তাহাতে ১০ পাউণ্ড ফট্‌কিরি মিশাইবে। জলটি থিতাইলে অথচ গরম থাকা অবস্থায় তাহাতে সূতাগুলি ভিজাইবে, উত্তরূপ ভিজান এবং রং মাখান হইলে ৪ পাউণ্ড ক্রোমেট অব পটাস সহিত পুনরায় সিদ্ধ করিয়া লইবে। ঠাণ্ডা হইলে সাবান দিয়া কাচিয়া দিবে।

বার্ফ।

অ্যান্নাটো, ২ আউন্স, সোডা অ্যাস ৪ আউন্স সামান্য গরম জলে গুলিয়া তাহাতে সূতাগুলি ডুবাইবে, পরে নিংড়াইয়া পুনরায় অল্প পরিমাণ ভিট্রিয়লের সহিত অন্য একটি পাত্রে গরম জলে পুনরায় ভিজাইবে।

৩১ পাউণ্ড দ্রব্য রং হয়।

ডার্ক বাফ্।

৬ গ্যালন জলে ৬ পাউণ্ড তেঁতুল ও ৩ পাউণ্ড ফটকিরি সিদ্ধ কর, পরে তিন পাঁইট নাইট্রেট অব আয়রণ সহিত পুনরায় জলে ভিজাও। ঠাণ্ডা হইলে কাচিয়া শুষ্ক করিবে।

৬০ পাউণ্ড দ্রব্য রং হয়।

চকোলেট।

১৬৭ ডিগ্রি গরম জলে ৯ আউন্স খয়ের সিদ্ধ করিয়া তাহাতে অর্দ্ধ ঘণ্টা ভিজাইয়া রাখ। পরে দেড় আউন্স ক্রোমেট অব পটাস্ ভিজান জলে ডুবাইয়া রাখ, পরে দেড় গ্রেণ ম্যাজেণ্টাও ১৫ গ্রেণ একষ্ট্রাক্ট অব ইণ্ডিগো (নীল) গোলা ঠাণ্ডা জলে পুনরায় ডুবাইয়া লও।

১১ পাউণ্ড জিনিস রং হয়।

ক্ল্যারেট।

১৭ পাউণ্ড খয়েরের সহিত এক ঘণ্টা সিদ্ধ কর এবং নিংড়াইয়া পুনরায় ৬ আউন্স ক্রোমেট অব পটাস সিদ্ধ ঠাণ্ডা জলে ডুবাইয়

লও। অবশেষে তিন পাউণ্ড সুম্যাকের সহিত ১৯০ ডিগ্রি গরম জলে পুনরায় অর্দ্ধ ঘণ্টা পর্য্যন্ত সিদ্ধ কর। ২ আউন্স ম্যাজেণ্টা গোলা জলে পুনরায় রং কর ও সর্ব্বশেষে ২ পাউণ্ড লগউড্ ৮ আউন্স ফট্‌কিরি ও ১ আউন্স ক্রোমেট অব পটাস সহিত সিদ্ধ কর।

১১ পাউণ্ড জিনিস রং হয়।

ক্রীম।

১ আউন্স খয়ের সিদ্ধ করিয়া তাহাতে ৩ পাউণ্ড সাবান গুলিয়া ১৯০ ডিগ্রি গরম জলে এক ঘণ্টা পর্য্যন্ত সিদ্ধ কর।

১১ পাউণ্ড জিনিস রং হয়।

ডাভ্।

১০ গ্যালন লগ্‌উড (নিকার) ও ৫ গ্যালন সুম্যাক ৬০ গ্যালন জলে গুলিয়া তাহাতে ভিজাইয়া লও, ও ৩ কোয়ার্ট হিরা-কস্ (নিকার) সহিত ৮০ ডিগ্রি গরম জলে সিদ্ধ কর। ঠাণ্ডা হইলে শীতল জলে কাচিয়া লইবে।

লাইট ড্র্যাব।

৩ পাউণ্ড সুম্যাক্, ১ পাউণ্ড লগ্‌উড্ (টুক্‌রা) ১ পাউণ্ড ফাষ্টিক্ সহিত সিদ্ধ করিয়া পুনরায় ৪ আউন্স হিরাকস ও ৪ আউন্স নাইট্রেট্ আয়রণ সহিত ১২০ ডিগ্রি গরম জলে সিদ্ধ কর। পরে ২ পাউণ্ড সাবান ১১০ ডিগ্রি গরম জলে গুলিয়া তাহাতে কাচিয়া লও।

মিডিয়াম (মধ্যবিৎ) ড্রাব।

১ পাউণ্ড পিচ্উড্ এক্সট্রাক্ট জলে গুলিয়া তাহার সহিত গরম জল মিশাইয়া ভিজাও, পরে তাহাতে দেড় পাইণ্ট ব্ল্যাক লিকার মিশ্রিত কর। ৬০ পাউণ্ড জিনিস রং হয়।

ডার্ক ড্রাব।

৬ পাউণ্ড কচ্ যে পর্য্যন্ত না সম্পূর্ণরূপে গলিয়া যায়, সেই পর্য্যন্ত সিদ্ধ কর ও তাহাতে ডুবাইয়া লও, পরে দেড় পাউণ্ড পিচ উড্ এক্সট্রাক্ট গরম জলে গুলিয়া তাহাতে ১ পাউণ্ড ব্ল্যাক লিকার মিশ্রিত করিয়া পুনরায় রং কর এবং ঠাণ্ডা জলে কাচিয়া শুষ্ক কর।

৬০ পাউণ্ড জিনিস রং হয়।

প্রসিয়েট গ্রীণ।

২ পাউণ্ড ৩ আউন্স ফট্কিরি গরম জলে গুলিয়া তাহাতে ডুবাও। ঠাণ্ডা জলে সাড়ে সতের পাউণ্ড এক্সট্রাক্ট অব বার্ক গুলিয়া পুনরায় তাহাতে ডুবাও। দুইটী পাত্রে ঠাণ্ডা জল রাখিয়া একটিতে ৭ আউন্স নাইট্রেট্ অব আয়রণ ও অল্প পরিমাণ সাল-ফিউরিক এসিড্ মিশ্রিত কর ও অন্যটিতে সাড়ে তিন আউন্স ইয়লো প্রসিয়েট মিশ্রিত করিয়া পর পর দুইটিতে ২ বার করিয়া ডুবাইয়া লও। দ্বিতীয় পাত্রে ২ আউন্স মিউরেটিক এসিড্ দিয়া তাহাতে আর একবার ডুবাইয়া কাচিয়া নিংড়াইয়া শুষ্ক কর।

২২ পাউণ্ড জিনিস রং হয়।

গাঢ় গ্রীণ করিতে হইলে ২ পাউণ্ড ৩ আউন্স এক্‌সট্রাক্‌ট অব বার্ক ১২ আউন্স নাইট্রেট অব আগাবণ ৭ আউন্স ইয়োলো প্রেসিয়েট আবশ্যক।

গ্র্যাস গ্রীণ।

সূতা প্রথমে কেবল মাত্র জলে সিদ্ধ করিয়া ৯ আউন্স ফষ্ট্‌কিরি ভিজান জলে এক রাত্রি ভিজাইয়া রাখ। তৎপর দিন উহা নিংড়াইয়া ১৩ পাউণ্ড ২ আউন্স বার্ক ১৪০ ডিগ্রি জলে সিদ্ধ করিয়া তাহাতে ডুবাও। পরে ৪ পাউণ্ড ৬ আউন্স ক্রিষ্টাল সোডা ও ৯ আউন্স নিকলসন ব্লুর সহিত ৪৫৯ মিনিট সিদ্ধ কর। পরে কাচিয়া শুষ্ক কর।

৫৫ পাউণ্ড জিনিস রং হয়।

মেথিল গ্রীণ।

১৭ আউন্স ট্যানিন জলে গুলিয়া ১৬৭ ডিগ্রি তাপে ১৫ মিনিট পর্য্যন্ত সিদ্ধ কর ও পরে সাড়ে তিন আউন্স মেথিল গ্রীণ ঠাণ্ডা জলে গুলিয়া তাহাতে রং কর, পরে কাচিয়া শুষ্ক কর।

২২ পাউণ্ড জিনিস রং হয়।

গ্রীণ।

১০ পাউণ্ড নাইট্রেট অব আগাবণ ১ পাউণ্ড টিন ক্রিষ্টাল ঠাণ্ডা জলে গুলিয়া তাহাতে ডুবাইয়া দেও, পরে প্রেসিয়েট বাথে ২ পাউণ্ড ফট্‌কিরি মিশাইয়া তাহাতে ডুবাইয়া কাচিয়া লও।

১০০ পাউণ্ড জিনিস রং হয়।

গ্রে।

৩০ আউন্স ফাষ্টিক সিদ্ধ করিয়া তাহা অল্প গরম থাকিতে থাকিতে তাহাতে ১৫ মিনিট পর্য্যন্ত ডুবাইয়া রাখ, পরে ৩০ আউন্স তুঁতে গুলিয়া তাহাতে ডুবাও। সর্ব্বশেষে ঠাণ্ডা জলে ৮০ আউন্স ফট্‌কিরি গুলিয়া তাহাতে কাচিয়া লও।

৩১ পাউণ্ড জিনিস রং হয়।

শ্লেট গ্রে।

১ পাউণ্ড ৩ আউন্স সুম্যাক ও ১৭ আউন্স খয়ের সিদ্ধ করিয়া সেই জলে ১২২ ডিগ্রি তাপে এক ঘণ্টা পর্য্যন্ত সিদ্ধ কর। পরে তাহাতে ৮ আউন্স নাইট্রেট অব আয়রণ দিয়া পুনরায় কিছুক্ষণ সিদ্ধ করিবে, ঠাণ্ডা জলে ৬ আউন্স বাইক্রোমেট অব পটাশ গুলিয়া তাহা ১৪০ ডিগ্রি পর্য্যন্ত গরম করিয়া যে পর্য্যন্ত না উহা ঠাণ্ডা হয় সেই পর্য্যন্ত তাহাতে ভিজাইয়া রাখিবে। পরে শুষ্ক করিয়া লইবে।

২২ পাউণ্ড জিনিস রং হয়।

সিল্‌ভার গ্রে।

১৩ আউন্স মাজুফল জলে সিদ্ধ করিয়া তাহাতে প্রথমে ভিজাইবে, পরে ঠাণ্ডা জলে ৩ পাউণ্ড ৪ আউন্স তুঁতে ও ১ পাউণ্ড ১০ আউন্স ব্লুষ্টোন গুলিয়া তাহাতে ডুবাইয়া লইবে। পরে কেবল মাত্র জলে কাচিয়া শুষ্ক করিবে।

৫৫ পাউণ্ড জিনিস রং হয়।

মোড গ্রে।

৩ পাউণ্ড খয়ের ১৭ আউন্স এক্সট্রাক্ট লগউড, ৮ আউন্স তুঁতে, ৮ আউন্স ব্লুষ্টোন সহ ১২২ ডিগ্রি তাতে অর্দ্ধ ঘণ্টা পর্য্যন্ত সিদ্ধ কর। ৫৫ পাউণ্ড জিনিস রং হয়।

লাইট গ্রে।

দেড় পাউণ্ড এক্সট্রাক্ট্ লগউড্ ও অর্দ্ধ পাউণ্ড এক্সট্রাক্ট বার্ক সিদ্ধ করিয়া তাহাতে ডুবাও, পরে ৫ পাউণ্ড তুঁতে জলে গুলিয়া তাহাতে ভিজাইয়া লও, ঠাণ্ডা জলে কাচিয়া লইবে।

মিডিয়াম গ্রে।

এক্সট্রাক্ট লগউড্ আড়াই পাউণ্ড, এক্ঃ বার্ক পৌণে এক পাউণ্ড ও তুঁতে ১০ পাউণ্ড।

ডার্ক গ্রে।

এক্ঃ লগউড্ ৪ পাউণ্ড, এক্ঃ বার্ক, দেড় পাউণ্ড যদি হরিদ্রাভ রং করিবার ইচ্ছা থাকে, তবে তুঁতের সহিত একটু বার্ক লিকার মিশাইবে এবং রক্তাভ রং করিতে হইলে, একটু জাপান লিকার মিশাইবে। ৬০ পাউণ্ড জিনিস রং হয়।

গাঢ় ওলিভ।

১৪ আউন্স সুম্যাক প্রথমে জলে সিদ্ধ করিয়া সেই জলে এক ঘণ্টা সিদ্ধ কর। পরে ২৬ আউন্স তুঁতে ভিজান জলে ১৫ [illegible] ডুবাইয়া রাখ, পরে ব্লেড লিকার সহিত ১০ মিনিট ১৪০

ডিগ্রি তাপে সিদ্ধ করিয়া পরে বায় সাড়ে পাঁচ পাউণ্ড ফ্যাষ্টিক সহ এক ঘণ্টা ৪০ ডিগ্রি তাপে সিদ্ধ কর। ফ্যাষ্টিকের পরিবর্ত্তে বার্কও ব্যবহার হয়।

১১ পাউণ্ড জিনিস রং হয়।

মিডিয়াম ওলিভ।

সাড়ে আট আউন্স সুম্যাক, সাড়ে আট আউন্স ফুষ্টে ও ২ পাউণ্ড ১১ আউন্স বার্ক।

রং করিবার প্রণালী পূর্ব্বোক্তমত।

১১ পাউণ্ড জিনিস রং হয়।

লাইট ওলিভ।

সওয়া তিন পাউণ্ড ফাষ্টিক সিদ্ধ জলে সাড়ে সতের পাউণ্ড ফট্‌কিরি মিশাইয়া তাহাতে এক ঘণ্টা ডুবাইয়া রাখ ও পরে তাহাতে সওয়া পাউণ্ড এবং ইণ্ডিগো (নীল) মিশাইয়া পুনরায় ১৫ মিনিট ভিজাইয়া রাখ।

১১ পাউণ্ড জিনিস রং হয়।

এনিলিন অরেঞ্জ।

কাপড় যা হলা প্রথমে কাচিয়া ৩ পাউণ্ড ট্যানিক এসিড সহ সিদ্ধ কর ও পরে তাহাতে ৭ কোয়ার্ট নাইট্রো মিউরিয়েট অব্ টিন মিশাইয়া লও। ঠাণ্ডা জলে অল্প পরিমাণে সাবান গুলিয়া কাচিয়া লইবে। গরম জলে ১২ আউন্স এনিলিন অরেঞ্জ রং গুলিয়া তাহাতে ডুবাইয়া রাখিবে।

৬০ পাউণ্ড জিনিস রং হয়।

এন্নাটো অরেঞ্জ।

৬ পাউণ্ড উৎকৃষ্ট এন্নাটো, ২ পাউণ্ড সাবান ও ২ পাউণ্ড সাধারণ সোডা সিদ্ধ করিয়া গলাইয়া তাহাতে রং করিবে। পরে ঠাণ্ডা জলে কাচিয়া লইবে।

৬০ পাউণ্ড জিনিস রং হয়।

ফুল অরেঞ্জ।

১২ পাউণ্ড সুগার অব লেড ১২ গ্যালন লাইম ওয়াটারে গুলিয়া তাহাতে ভিজাইবে। ৪ পাউণ্ড বাইক্রোমেট অব পটাস ঠাণ্ডা জলে গুলিয়া তাহাতে ভিজাইবে। পুনরায় প্রথম ও দ্বিতীয় প্রকারের জলে ভিজাইয়া লাইম ওয়াটার ভাল রূপে গরম করিয়া তাহাতে ডুবাইবে। গরম জলে সাবান দ্বারা কাচিয়া শুষ্ক করিবে।

৬০ পাউণ্ড জিনিস রং হয়।

ফাইন অরেঞ্জ।

প্রথমে উত্তম রূপে কাচিয়া ৬ পাউণ্ড ট্যানিন সহ সমস্ত রাত্রি ভিজাইয়া রাখ। পর দিবস এনিলিন অরেঞ্জ সহ ১৪৪ ডিগ্রি তাপে সিদ্ধ করিয়া লও।

১১ পাউণ্ড জিনিস রং হয়।

এনিলিন স্কার্লেট।

প্রথমে কাচিয়া মর্ডেন্টে ভিজাও, পরে ৩ পাউণ্ড হলুদ ও

৩ আউন্স এনিলিন পশপিও সিদ্ধ করিয়া তাহাতে ডুবাইয়া দাও। ঠাণ্ডা জলে কাচিয়া লইবে।

৬০ পাউণ্ড জিনিস রং হয়।

সাফ্রোনাইন স্কার্লেট।

কাচিয়া ২ পাউণ্ড এন্ন্যাটো, ১ পাউণ্ড সাবান ও ১ পাউণ্ড সোডা সিদ্ধ জলে এক ঘণ্টা ভিজাইয়া রাখ। পরে ঠাণ্ডা জলে কাচিয়া রেড লিকারে ভিজাও। গরম জলে ২ পাউণ্ড সাফ্রোনাইন গুলিয়া তাহাতে ১ ঘণ্টা ভিজাইবে। পরে ঠাণ্ডা জলে কাচিয়া শুকাইয়া লইবে।

৬০ পাউণ্ড জিনিস রং হয়।

পিচ্ উড্ স্কার্লেট।

১১ পাউণ্ড সুম্যাকও সাড়ে পাঁচ পাউণ্ড হলুদ ২০ মিনিট পর্য্যন্ত সিদ্ধ করিয়া সেই জলে এক রাত্রি ভিজাইয়া রাখিবে। পর দিবস টিন সলিউসনে ডুবাইয়া ২৬ পাউণ্ড পিচ্ উড্ ও সাড়ে সাত আউন্স ফট্‌কিরি গোলা জলে ৪ ঘণ্টা ভিজাইয়া রাখিবে।

৩ ভাগ মিউরিয়াটিক এসিড ও এক ভাগ নাইট্রিক এসিড্, ইহার প্রত্যেক ২ পাউণ্ড ৩ আউন্স পরিমাণের সহিত ৫ আউন্স টিন ক্রিষ্ট্যাল মিশাইলে টিন সলিউসান হয়।

৫৫ পাউণ্ড জিনিস রং হয়।

স্যাফাউয়ার স্কার্লেট।

কাচিয়া ৩ পাউণ্ড এন্ন্যাটো, ১ পাউণ্ড সাবান ও ১ পাউণ্ড

সোডা ক্রিষ্টাল সহ সিদ্ধ কর। জলে কাচিয়া এক বোতল কারমাইন (একঃ স্যাফ্লাউয়ার) জলে গুলিয়া তাহাতে ভিজাইয়া দাও। ৩ পাউণ্ড এসিটিক এসিড সহ পুনরায় ভিজাইয়া রাখ। একবার ঠাণ্ডা জলে কাচিয়া এক পাউণ্ড ক্রীম অব টার্টার মিশ্রিত জলে পুনরায় কাচিয়া লইবে।

৬০ পাউণ্ড জিনিস রং হয়।

স্যাফ্রানাইন পিঙ্ক।

কাচিয়া রেড লিকারে ভিজাইবে। পরে ২।৩ বার ঠাণ্ডা জলে কাচিয়া লইবে। গরম জলে এক পাউণ্ড স্যাফ্রানাইন পেষ্ট গুলিয়া ভিজাইবে, পরে ঠাণ্ডা জলে কাচিয়া শুকাইবে।

৬০ পাঃ জিনিস রং হয়।

স্যাফ্লাউয়ার পিঙ্ক।

কাচিয়া এক পাইট কারমাইন (স্যাফ্লাউয়ার) জলে গুলিয়া তাহাতে ৬ ঘণ্টা পর্য্যন্ত ভিজাইবে। অর্দ্ধ ঘণ্টা থাকিতে অল্প পরিমাণে এসেটিক এসিড মিশাইবে, পরে ঠাণ্ডা জলে ৩ বার কাচিবে। শেষ বারে এক পাউণ্ড ক্রীম অব টার্টার মিশাইবে। ৬০ পাউণ্ড জিনিস রং হয়।

এনিলিন পিঙ্ক।

প্রথমে কাচিয়া, পরে ৫ পাউণ্ড সালফেট্ অব সোডা ও পিঙ্ক ৪ আউন্স ১১০ ডিগ্রি তাপে গুলিয়া তাহাতে ১৪০ ডিগ্রি তাপে সিদ্ধ করিবে।

৫০ পাউণ্ড জিনিস রং হয়।

অল্প গরম থাকিতে থাকিতে তাহাতে ভিজাইবে। পরে কেবল গরম জল ডুবাইয়া লইবে। নিংড়াইয়া ২ আউন্স সিরিস ও দেড় আউন্স নাইট্রিক এসিড ভিজান জলে ডুবাইবে। পরে অর্দ্ধ ঘণ্টা পর্য্যন্ত টিন মর্ডেন্টে ভিজাইয়া সওয়া পাঃ কোচিনিয়াল দ্বারা রং করিবে।

১০ পাঃ জিনিস রং হয়।

উড্ রেড।

সমস্ত রাত্রি ১২ পাঃ স্থম্যাক সহিত ভিজাইয়া তৎপর দিবস নাইট্রো মিউরিয়েট টিন সহ কিছুক্ষণ ভিজাইয়া লইবে। পরে ভাল করিয়া কাটিয়া ১০ পাঃ বার উড ও ৩০ পাঃ ব্রেজিল উড্ সহ এক ঘণ্টা সিদ্ধ করিবে।

রো।

১৭ আউন্স খয়েরের সহিত এক ঘণ্টা ১৬৭ ডিগ্রি তাপে সিদ্ধ কর। পরে ৫ ড্রাম ক্রোমেট অব পটাস সহ ঐরূপ তাপে পুনরায় সিদ্ধ কর। পরে ৫ ড্রাম ফট্কিরি ও ৩০ গ্রেণ ষ্টাচ্চিক ভিজান জলে ডুবাইয়া লও।

ব্রাইট স্যালমন।

১১ পাঃ স্থম্যাক্ সিদ্ধ করিয়া সেই জলে সাড়ে আট আউন্স সোডা ক্রিষ্ট্যাল ও ১৪ পাঃ ওলিভ অয়েল মিশাইয়া লইবে। পরে তাহার সহিত ১৪০ ডিগ্রি তাপে এক ঘণ্টা সিদ্ধ করিবে। সেই জলে সাড়ে দশ আউন্স টিন ক্রিষ্ট্যাল মিশাইয়া পুনরায়

অর্দ্ধ ঘণ্টা ডুবাইয়া রাখিবে, শেষে ৯ আউন্স এনিলিন অরেঞ্জ দ্বারা রং করিয়া কাচিয়া শুষ্ক করিবে।

লাইট শ্লেট।

২৪ আউন্স লগউড একসট্রাক্ট সিদ্ধ করিয়া তাহাতে ভিজাইবে এবং তাহাতে দেড় পাঁইট ব্ল্যাক লিকার মিশাইয়া দিবে রং ভাল রূপে ধরিলে ঠাণ্ডা জলে কাচিয়া শুকাইয়া লইবে।

৬০ পাঃ জিনিস রং হয়।

মিডিয়াম শ্লেট।

৩ পাঃ লগউড ও ২ পাঁইট ব্ল্যাক লিকার।

পূর্ব্বমত প্রণালীতে রং করিবে।

৬০ পাঃ জিনিস রং হয়।

ডার্ক শ্লেট।

৬ পাঃ সুম্যাক সিদ্ধ করিয়া গরম থাকিতে থাকিতে ভিজাইবে। পরে ৩ পাঃ লগউড একঃ সিদ্ধ করিয়া তাহাতে ৩ পাঁইট ব্ল্যাক লিকার মিশাইয়া তাহাতে ভিজাইবে। রং ধরিলে ঠাণ্ডা জলে কাচিয়া শুকাইয়া লইবে।

৬০ পাঃ জিনিস রং হয়।

মেথিল ভায়োলেট।

প্রথমে ২ ঘণ্টা পর্য্যন্ত কেবল মাত্র জলে সিদ্ধ করিয়া নিংড়াইয়া লইবে। পরে ৫ আউন্স নাইট্রিক এসিড ও সওয়া পাঃ

টার্টার [illegible] করিয়া তাহাতে ডুবাইয়া দিবে। সর্ব্বশেষে জলে এক পাঃ মেথিল ভায়োলেট ও [illegible] হাতে রং করিবে।

৫০ পাঃ জিনিস রং হয়।

ফ্লাবিন ইয়োলো।

কাটিয়া সেড [illegible] ভিজাইবে। ৩ পাঃ পিক্রিক এসিড্ ৩ গ্যালেন জলে সিদ্ধ করিয়া তাহাতে ভিজাইয়া শুকাইয়া লইবে।

৬০ পাঃ জিনিস রং হয়।

ষ্ট্র ইয়োলো।

সেডলিক্কার বা নাইট্রো মিউরিয়েট অব টিনের সহিত প্রথমে ভিজাইবে। পরে দেড় পাঃ একট্রাক্ট অব কাষ্টিক ৩ গ্যালেন জলে সিদ্ধ করিয়া তাহাতে ভিজাইবে। ঠাণ্ডা জলে কাচিয়া শুকাইয়া লইবে।

৬০ পাঃ জিনিস রং হয়।

ফাষ্ট ইয়োলো।

কাচিয়া ৬ পাঃ ব্রাউন স্থগার অব লেড ৬ গ্যালন জলে সিদ্ধ করিয়া তাহাতে ডুবাইয়া দিবে। নিংড়াইয়া ২ পাঃ বাইক্রোমেট অব পটাস ভিজান জলে ভিজাইবে। ঠাণ্ডা জলে কাচিয়া শুকাইয়া লইবে।

৬০ পাঃ জিনিস রং হয়।

সম্পূর্ণ।